्यलाम् स्वर्



প্রথম সংস্করণ—আখিন, ১০৫৬
প্রকাশক—শচীন্তনাথ মৃথোপারাায়
বেঙ্গল পাবলিশার্স
১৪. বন্ধিম চাটুজ্জে খ্রীট,
কলিকাতা—১২
প্রচ্ছেদপট পরিকল্পনা—
আশু বন্দ্যোপাধ্যায়
ব্লক্ষ ও প্রচ্ছদপটমুদ্রণ—
ভারত ফোটোটাইপ ইভিও
মুদ্রাকর—স্কুমার চৌধুরী
বাণীশ্রী প্রেদ
৮৩-বি, বিবেকানন্দ রোড
কলিকাতা
বাধাই—বেঙ্গল বাইপ্রার্গ

বেঙ্গল টাকা

কাব্য ও সমালোচন-শিল্পী অনুজোপম আজগদীশ ভট্টাচার্য করকমলেযু—

চ্বিত্র-পবিচয়

কলেজের প্রিকিপ্যাল ভবদেব প্রিয়নাথ অধাপক আবহুল জব্বার কারবারের মালিক কর্মচারী আসরাফ পুলিশ-স্থপারিগুটেগুণ্ট টমসন ইনস্পেক্টর যজেখন স বিইনস্পেক্টর পূৰ্ণ অধর, দ্বিজ্ঞপদ, গণপতি .. करनष्ट्रेवल

কুম্দনাথ (কেশব) কলেজের ভূতপূর্ব ছাত্র আজিজ

কলেজের ছাত্র

নিশানাথ স্থানি বিপিন দেলিম মনোহর

মুরারি ভবদেবের ছেলে আবাদ জব্বারের দৌহিত্র

শিশির, যোগেশ, ভোলা, অনিল ভলন্টিয়ার আনরুদ্ধ মলিনার ভাই

বিধু কৃষক

ভিখারি, ছাত্রগণ ইত্যাদি

ভামা ভবদেবের মেয়ে
হামিদা আজিজের মা
মলিনা কেশবের স্ত্রী
ইলা মেয়ে-ভলন্টিয়ার

প্রথম অঙ্ক দ্বিতীয় দৃশ্রের গানটি স্বদেশিযুগের বিথ্যাত গীতিকার কামিনীকুমার ভট্টাচার্য (ব্রাহ্মণবাড়িয়া) রচিত

প্রথম অঙ্গ

প্রথম দুখ্য

মফস্বল্-শহরে একটি কলেজের কক্ষ

৩০ আধিন, ১৩১৭ বঙ্গাব্দ।

দেয়ালে মহামানবদের ছবি—রামমোহন, বিভাদাগর, বিবেকানন্দ, মহসীন ইত্যাদি। প্রিয়নাথ সেনের অনাস ক্লাস। সব ছাত্র প্রেক্ষাগৃহের গোচরীভূত নয়—করেক জনকে মাত্র দেখা যাছে। ব্লাকবোর্ডের গায়ে বাংলার মানচিত্র টাঙানো।

প্রিয়নাথ উঠে দবজা ভেজিয়ে দিলেন :

প্রিয়নাথ। (ম্যাপ দেখাচ্ছেন) এই আমাদের বাংলা— স্কুলা স্কুলা সর্বসম্পদে সম্কা বাংলাভূমি। সমুদ্রের সর্বশেষ সন্তান, নিথিল ভারতবর্ধের মধ্যে নিজ স্বাতস্ত্রে মহিমান্বিত। বাংলার স্থানরবনে রয়্যাল-বেন্দল টাইগার থাকে— রূপে ও শক্তিতে সারা পৃথিবীর মধ্যে নারা অভুলন। বাংলার ঘরে ঘরে বীর্বান বীর তর্রুণেরা— যাদের আত্মোৎসর্গ পৃথিবীকে বিশ্বয়মুগ্ধ করেছে। দিল্লির প্রভূত অস্বীকার করে দূর অতীতথেকে এই বাংলা বারম্বার স্বাধীনতা ঘোষণা করেছে। বারোভূইয়ার প্রতাপে কীর্তিমান বাংলা— সীতারামের সাধনার বাংলা, সিরাজ্নোলার স্থানের বাংলা। হিন্দু-মুসলমান পাশাপাশি দাঁড়িয়ে সংগ্রাম করেছে— হিন্দু নয়, মুসলমান নয়, তারা বাঙালি। পলাশির বৃদ্ধে নয়— জ্য়াথেলায় জালিয়াত ক্লাইব বিজয়ী হল, সেদিন ভাগীরত্বী-প্রান্তে আত্রবনচ্ছায়ে মোহনলাল-মীরমদনের রক্ত একত্র মিশে মহাতীর্থের স্বৃষ্টি হল এথানে। নাল-বিদ্রোহে থর-থর কেঁপেছে বিদেশি শাসক আর

সওদাগরের জাতি। করমু না—নীল করমু না—নীল করমু না মোরা·····হিন্দু নয়, মুসলমান নয়, বীর চাষি বাঙালি তারা।

मिला । क्रांसित वहे প्रफ़ारवन ना ?

নিশা। না স্থার, সত্যিকার পড়া হোক আজকে, এই তিরিশে আম্বিন রাথিবন্ধনের পবিত্র দিনে—

প্রিয়। বাঙালির মন্তিষ্ক চালনা করে ভারতবর্ষকে। বাংলা যা ভাবে, সমগ্র দেশের তাই ব্রত হয়ে ওঠে পরদিন। বিদেশিদের আতিথ্য দিয়ে দেশকে শৃঙ্খলিত করবার স্থযোগ দিয়েছিল একদা বাংলারই কলঙ্কী কয়েকটি অভিজাত—বাংলার দন্তানেরাই অগ্রনী হয়েছে সেই মহাপাপের মহা-প্রায়শ্চিত্তে। জাতীয় সংগ্রামে প্রধান নেতৃত্ব বাংলার। প্রফুল্ল চাকি ক্ষুদিরাম কানাইলাল সত্যেন—
যুগ্যুগাস্কের ইতিহাসের মান্ত্র্য এঁরা—

ছেলেরা সমন্ত্রমে উঠে দাঁড়াল।

নিশা। নমস্কার জানাই তাঁদের উদ্দেশে—

প্রিয়। দেশ মৃক বেদনায় হাহাকার করছে, কিন্তু মৃথ খোলবার উপায় নেই বিদেশির বজ্ঞ-শাসনে। বাংলার বুকে ছুরি মেরে কার্জন ছু'টি হুংপিণ্ড আলাদা করে দিয়েছে। এদিকে বঙ্গ-বিহার-উড়িয়া, ওদিকে পূর্বঙ্গ-আসাম। আমাদের প্রাণশক্তি বিচুর্ণ করতে চায় ওরা। সাংস্কৃতিক ঐক্য থাকবে না, ভাষাও আলাদা হয়ে উঠবে ক্রমশ। মুসলমানদের বোঝানো হচ্ছে, সম্পূর্ণ পৃথক জাতি তাঁরা—বঙ্গ-ব্যবচ্ছেদের ফলে পূর্ববঙ্গে তাঁরা সংখ্যাগরিষ্ঠ হবেন, সকল-রক্ম স্থপস্থবিধা পাবেন, একাধিপতা হবে তাঁদের সেখানে।

সেলিম। কথা কি একেবারে মিথ্যে স্থার ?

আজিজ। শুনতে অতি চমৎকার। তলিয়েনা ব্ঝলে নির্ঘাৎ কাঁদে পড়ে যেতে হবে। প্রিয়নাথ। ঠিক বলেছ আজিজ। হিন্দুর অপরাধ আছে—অজস্র অমেয়
অপরাধ। সংখ্যা সংস্কৃতি ও ঐশ্বর্যে বলিষ্ঠতর হয়েও তারা মুদলমানদের
মনে আশ্বা আনতে পারে নি। এতকাল একত্র থেকেও ধর্মীয় প্রশ্ন
কেন ওঠে এখনও ? অবস্থা এ-ও মানি, হিন্দুর চেয়ে তৃতীয় পক্ষের কৃটকৌশল বেশি দায়ী এই অবস্থার জন্ম। ইংরাজ কথনো হিন্দু কথনো
বা মুদলমানকে কোল দিয়ে বিভেদ প্রথর করে তুলেছে। এই
বিভেদের স্থ্যোগ নিয়েই তারা বাংলার বুকে সর্বনাশা শেল হানতে
সাহদ করল। হিন্দু-মুদলমান নিজেদের মধ্যে লড়াই করে মরবে—
আর জগতের সামনে উভয় জাতির শুভার্যা অভিভাবক সেজে শাসন
ও শোষণ ওরা অব্যাহত চালাবে, এই মতলব—

নিশা। হতে দেব না আমরা কিছুতেই। ঘাড় ধরে সমুদ্র-পারে ওদের বিদায় করব—

আজিজ। বাইরের শক্ত ঐ ইংরেজ আগে বিদায় হোক। তার পরেও যদি বোঝাপড়ার দরকার থাকে হিন্দু-মুসলমানের মধ্যে—

আজিজের কথা শেষ হল না। কোলাহল উঠল বাইরে। প্রিসিপাল ভবদের ঘোষাল ক্রত প্রবেশ করলেন।

ভবদেব। বিষম গোলমাল বাইরে। বন্দেমাতরম্বলা বে-আইনি— ছেলেরা তাই বন্দেমাতরম্-ব্যাজ্ এঁটে মিছিল করে চলেছে। ক্ষেপে গিয়েছে টমসন সাহেব। অমাদের কোন ছেলে যেন ওদিকে না বায়। থুব সাবধান—

প্রিয়নাথের দিকে তীক্ষ দৃষ্টিতে তাকাতে তাকাতে ভবদেব বেরিয়ে গেলেন। মনোহর। হাঁ।—হাঁ।—থুব সাবধান!

নিশা। ভীরু কোথাকার!

মনোহর। নিম্ফল চিৎকার আর বাজে হাসামায় লাভটা কি হবে শুনি ? নিশা। থিল এঁটে ঘরের মধ্যে বসে থাক মনোহর, বাজে হালামায় জড়িয়ে না পড়। কানে'ছিপি এঁটে দাও, নিফল-চিৎকার কানে চুকবে না।

আজিজ। আমাদের ছুটি হল না স্থার, আজকের এমন একটা দিনে ? প্রিয়। সরকারি সাহায্য পায় আমাদের কলেজ।

নিশা। (জানলা দিয়ে তাকিয়ে) মুক্ত আলোয় ঐ—ঐ দেখুন সকলে বুক ফুলিয়ে চলেছে—

প্রিয়। আর এই সময়টাই আমাদের ইতিহাসে-লেখা ইংরেজ-প্রশন্তি পড়িয়ে যাবার কথা।

বাইরে ভবদেবের উত্তেজিত কণ্ঠ শোনা গেল—

[ভবদেব। ফটক বন্ধ কর। কেউ চুকে পড়তে না পারে!]

কুমুদনাপ ক্রত প্রবেশ করল । গায়ে চাদর জড়ানো। ধ্লিধুসর চেহার। বুকের উপর চাদরে-আঁটা বন্দেমাতরম্-ব্যাজ ছিন্নভিন্ন হয়ে গেছে।

প্রিয়। একি কুমুদ? কি হয়েছে?

কুমুদ। বন্দেমাতরমের ব্যাজ ছিড়ে ছিড়ে পায়ে দলছে—

আজিজ। এঁগ?

কুমুদ। হাা ভাই, আমাদের হুৎপিণ্ড উপড়ে উপড়ে ছি'ড়ছে। হাত মুচড়ে রাথিও কেড়ে নিচ্ছিল—পারে নি। রাথিস্থদ্ধ এই হাতেই টমসনের মুথে খুষি মেরে পাচিল টপকে ঢুকে পড়েছি।

প্রিয়। সবচেয়ে আমাদের বড় অস্ত্র কেড়ে নিতে পারে নি—
ভাইয়ে ভাইয়ে ঐ মিলন-রাখি। পারয়ে দাও আমায়। পরিয়ে
দাও ওদের হাতে। ক্লাসের ভিতর বন্দী থেকে ছটফট করছে ওরা।
•••পারবে পরাতে ?

কুমৃদ অনেক কষ্টে এক হাত দিয়ে প্রিয়নাধের হাতে রাখি পরাল। উাকে প্রণাম করল। প্রিয়নাথ তাকে বুকে জড়িয়ে ধরলেন। তারপর কুমৃদ আজিজের হাতে পরাতে গেল। পাজিজ। দেশের মাটি ভাগ করেছে ওরা, কিন্তু মামুধ আমরা কিছুতে আলাদা। হব না। হব না—হব না। ভায়ে ভায়ে এক হলাম এই হলদে রাখি পরে।

প্রিয়। সেদিন অ্যাধি কুমুদ এখানকার ছাত্র ছিল। ছোটভাই তোমরা। রাথি ও পরাতে পারছে না। তোমরা ওর হয়ে পরিয়ে দাও সকলের হাতে।

কুম্দের কাছ থেকে রোখি নিয়ে তেলের। পরস্পরের হাতে পরাচ্ছে। কলগুঞ্জন উঠতে প্রেয়নাথ থানিয়ে দিলেন।

প্রিয়। চুপ! একটি কথা নয়: আজিজ যা বলল অন্তরে অন্তরে উপলব্ধি কর সেই মহাসঙ্কল্প। সব বিরোধ ভূলে গিয়ে মহাত্র্দিনে আমবা এক হলাম—আমরা এক হলাম। মাথার উপর শয়তানের রক্তদৃষ্টি। জাতীয় অভ্যুত্থানের পালটা শোধ নিতে ইংরেজ আজ মরীয়া হয়ে উঠেছে—

আজিজ। আমরাও তৈরি স্থার-

প্রিয়। না, মুখের কথা এটা। সংগঠন নেই, পরম্পরের মধ্যে অবিশ্বাস। এই অবিশ্বাসের অন্ধকারের মধ্যে উসকে দিচ্ছে ওরা পিছন থেকে। শক্তি কোথার শক্রর মুপোমুথি দাঁঢ়াবাব ? প্রস্তুতি চাই—লোহার তুর্গের মতো উন্নতনীর্ষে আমবা এক হরে দাড়াব। আমার দেশকে যারা শ্বান কবে তুলল, দেশের এক ইঞ্চি ভূমির উপর তাদের দাঁড়িযে থাকতে দেব না।

অপেক্ষাকৃত কমন্যসি একটি ছেলে প্রবেশ করল। তাব নান স্থান। স্থানি। পুলিশ স্কুকে পড়েছে কম্পাউত্তে। কুমুদ্-লাকে খুঁজছে। মনোহর এসিয়ে এনে কুমুদের হাত গলে নিয়ে গেল ডাত্রদের মধ্যে।

মনোহর। বসে পড় কুমুদ-দা। ফ্লাসে টুকে দেখি কে স্থামাদের মধ্য থেকে ধরে আমাদের দাদাকে। প্রিয়। তুরোরের থিল আঁটো আজিজ। শহাঁ। আর ঐ পিছনদরজা খুলে দাও। শপুকুরের ওধারে বাঁশবাগান। যাও কুমৃদ, লুকিয়ে
থাকগে সমস্ত দিনমান। রাস্তায় বেরিও না।

স্থশীল। ওরা হন্যে-কুকুরের মতো ঘুরছে। টুটি চেপে ধরবে। যান—চলে যান—

আজিজ। কুমুদ-দাকে পালাতে বলছেন ওদের ভয়ে ?

প্রিয়। ভয়ে নয়—ধ্বংসের আয়োজনে। সর্বত্যাগী মুক্তি-সৈনিক—
দুঃসহ নির্যাতন তো আছেই অদৃষ্টে। যতদিন পার বাইরে থেকে
লোকের মনের আগুনে ইন্ধন দিয়ে যাও। পশুশক্তি বিমৃক্ত আলোর
সত্যকথা বলতে দিচ্ছে না—

কুমুদ। তাই বাঁকাচোরা গোপন পথে চলল জাতীয় প্রতিবাদ—

কুম্দ যেতে গিয়ে ফিরল। ফিসফিস করে কি বলল ক-জনকে, তারপর পিছন-দরজা দিয়ে বেরিয়ে গেল।

প্রিয়। পড়ানো যাক এবার। শোন তোমরা। সেলিয়। হাঁটা স্থার—

প্রিয়। ওদিকে চেয়ে কি হচ্ছে নিশানাথ ? মনোযোগ দাও।

নিশা। বাইরে অত্যাচার—আর দরজা এঁটে কেমন করে পড়াশুনো করি স্থার ?

প্রিয়। লড়াই চলতে থাকে, কারথানা তথন বন্ধ হয় না একটা দিনও। লোহা ঢালাই চলে, কামান-বন্দুক গুলি-গোলা তৈরি হয়। নইলে লড়াইয়ে হার হয়ে যাবে অস্ত্রের অভাবে—

স্থশীল। আমরা কি বন্দুক-কামান ?

প্রিয়। তার চাইতেও বেশি। দেশময় বিপ্রবের বন্ধা বয়ে যাবে, তথনও একটি ঘণ্টার জন্ম ইস্কুল-কলেজ বন্ধ না থাকে। তরুণ মন বীর্য আর দেশপ্রেমে উদ্বোধিত করে শাণিত অন্ত্র গড়বার কারথানা এটা। স্থাল। কি পড়াবেন?

প্রিয়। ইতিহাসের ঘণ্টা—ইতিহাসই পড়াব।

সেলিম। পড়ার বই পড়াবেন কিন্তু স্থার।

আজিজ। সে তো বিকৃত ইতিহাস—

প্রিয়। ইতিহাসকে প্রয়োজন অন্থায়ী ওরা তৈরি করে নিয়েছে—

সেলিম। কি করা যাবে**? পরীক্ষায় আসবে যথন ঐ** ইতিহাস থেকেই--

মনোহর। স্থযোগ পেলে আমরাও আমাদের দরকারিমাফিক এমনি তৈরি করে নিতাম।

প্রিয়। সত্যি কথা, মনোহর। এ সংঘর্ষসঙ্কুল জগতে সকল দেশে ঐ এক রীতি। যদি কোনদিন বিভিন্ন জাতির মধ্যে শাস্তি ও ঐক্যবোধ জাগ্রত হয়, থাটি ইতিহাসের কথা ভেবাে সেইদিন।…সৈনিক যথন অস্ত্র চালায় তার হাতের দক্ষতার নরকার—কিন্তু তার চেয়ে বেশি দরকার যাদের বিক্লন্ধে অস্ত্র হানবে, তাদের প্রতি য়ণা—নিবিড় নিদারুণতম য়ণা। য়ণা না করলে মামুষ কি মামুষকে হনন করতে পারত এমন অকুঠে? ইতিহাস হল তরুণ মনে য়ণা জন্মাবার অমোঘ য়য়।……এখন এই বিক্লুন্ধ কণে ইংরেজের তৈরি ছাত্রপাঠ্য ইতিহাস নয়—আমি সংক্লেপে শোনাব, অয়ভিক্লুক যুক্তকর ইংরেজের এদেশে প্রথম-আগমন থেকে আজকের রক্ত্রশােষক ইংরেজি লৌহ-শাসনের দিন অবধি—

বাইরে থেকে ভবদেব ও পুলিশ ইনম্পেক্টর যজ্ঞেশর চক্রবর্তীর কণ্ঠ আসছে।

[নেপথে, বদেৰ। ছুয়োর খুলুন---]

[নেপথো যজ্জেশ্বর। হুয়োর দিয়ে পড়াচ্ছেন —িক ব্যাপার?]

প্রির। হল না। তোমার প্রস্তাব মতোই চলুক তবে দেলিম। ···বস, ঠিক হয়ে বস তোমরা। ক্লাসের বই খোল।

প্রিয়নাথ উচ্চৈঃম্বরে পড়াতে লাগলেন—

প্রিয়। পরম-কারুণিক ইংরেজ এদেশে পদার্পণ করিয়া সকল দিক দিয়া আমাদের প্রভৃত উন্নতি-সাধন করিয়াছেন। তাঁহারা রেল-লাইন টেলিগ্রাফ ডাকঘর ইত্যাদি স্থাপন করিয়াছেন, রাস্তাঘাট তৈয়ারি করিয়াছেন। প্রজাদের ধন-প্রাণ আজ সম্পূর্ণ নিরাপদ—

[নেপথ্যে ভবদেব। ছ্রোর খুলুন--]

প্রিয়নাথ উঠে ছয়োর পুললেন। ভবদেব যজ্ঞেষ্ম ও পুলিশ-সাবইনস্পেক্টর পূর্ণ চুকল। ভবদেব। ছয়োর এঁটে ছিলেন কেন ?

প্রিয়। পড়াঙ্কনা তপস্থা। গণ্ডগোলে বড় ব্যাঘাত ঘটে।

ভবদেব। (ব্যঙ্গস্বরে) তপন্দী ব্যক্তি! এমন একাগ্র তপস্থা চলছিল যে ছয়োর ভেঙে ফেললেও ছঁস হয় না।

যজ্ঞেরর। সত্যি—বড় চমৎকার পড়াচ্ছিলেন, খুব তলগত হয়ে পড়াচ্ছিলেন আপনি। বাইরে থেকে শোনা যাচ্ছিল। এমন নিষ্ঠা ও কর্তব্যপরায়ণতা তুর্লভ আজকালকার দিনে।

ভবদেব। শিক্ষা-বিভাগে এমন পরিপক্ক লোক তুর্লভ সত্যিই।

প্রিয়। দেশের উপরওরালা আপনারা। আপনার প্রশংসায় নিজেকে গৌরবান্বিত মনে করছি যজ্ঞেশ্বর বাবু।

যজ্ঞেশ্বর। কালেক্টরকে আমি বলব আপনার কথা। যাতে আপনার সন্ধকে কোন বিশেষ ব্যবস্থা করা যায়—

ভবদেব। বলব আমিও। শুণু মুগে নয়—কিঞ্চিৎ লিখিত বৃত্তান্তও আছে। তেনিল আমার সঙ্গে আমার কোয়ার্টারে থাকেন প্রফেসার সেন। কালেক্টরের কাছে থাবার আগে একটুথানি আলোচনা করতে চাই।

বাইরের দিকে নজব পড়ে ভবদেব বিষম ব্যস্ত হলেন।

ভবদেব। আরে—খোদ টমসন সাহেব এমে পড়েছেন যে!

বাস্ত হয়ে তিনি বেরিয়ে গেলেন। আজিজ যজ্জেশ্বরের হাতে রাণি পরাতে গোল। যজ্ঞেশ্ব হাত সরিয়ে নিলেন। যভেষের। কি?

আজিজ। রাথি পরাব। আজকের দিনে দেশের মান্নুষ, কেউ পর নয় আমাদের কাছে। পুলিশও নয়।

যজেশব। (ক্রুদ্ধ কণ্ঠে) জান, এর পরিণামটা কি?

আজিজ। (আবদারের স্থরে) সন্দেশ খাওয়াবেন-

যজেশর। থুব যে আস্পর্ধা! কে হে এই ফাজিল ছোকরা?

প্রিয। খাঁ সাহেব আব্দুল জব্বার মিঞার ছেলে।

যজ্ঞেশ্বর অনেকটা নরম হলেন।

যজ্ঞেশ্বর। খাঁ সাহেব—মানে যাঁর কাপড়ের কারবার, চালের কারবার, রাখিমালের কারবার ··· আমাদের খাঁ সাহেব ?

প্রিয়। আজে হাা, খাঁ সাহেব আপনাদেরই—

যজ্ঞেশ্বর। এমন সজ্জন তোমার বাপ। তাঁর ছেলে হয়ে যত সব হিন্দুর সঙ্গে দল পাকিয়ে বেড়াচছ ?

আজিজ। হিন্দু তো আপনিও। আপনার সঙ্গে দল পাকাতে যাই কই ?

যজ্ঞেশ্বর। (কঠোর কর্পে) বড্ড বাড়াবাড়ি হচ্ছে কিন্ত-

আজিজ। হিন্দু বলছি—এত রাগছেন কেন তাতে ?

সেলিম। সত্যিই তো! জাত-বেজাতের কথা টেনে **আন** কেন আজিজ?

প্রিয়। এঁরা সরকারি লোক। হিন্দু নন, মুসলমানও নন-

হাণ্টাৰ হাতে টমসন উত্তেজিত ভাবে প্ৰবেশ করল। সঙ্গে ভবদেব।

টমসন। বুঝলে চক্রবর্তী, কুমুদ রাম্বেলটা পাঁচিল টপকে কলেজের মধ্যে ঢুকে পড়েছে। বেড়াঙ্গালে আটকানে। হয়েছে, পালাবার উপায় নেই।…এ ফি, কি হয়েছে তোমান ? যজ্ঞেশর। ছজুর, আমার হাতে পর্যন্ত রাখি পরাতে যাচ্ছিল এই ছেলেটা—

ভবদেব। খাঁ সাহেবের ছেলে—তার এই কাজ।

টমসন। অত্যন্ত সৎসাহসী থাঁ সাহেব। সবাই আজ দোকান বন্ধ করেছে, বাজারের মধ্যে একলা তিনি থ্লে রেখে বসে আছেন দেখে এলাম—

স্থাল ও নিশানাথ মৃত্যুকঠে বলাবলি করছে-

সুশীল। কি রকম করছে দেখ যজ্ঞেশ্বর। হাত যেন জালা করছে—

নিশা। কুমুদ-দার ঘূষিতে সাহেবের চোয়াল জ্বালা করছে—তার চেয়েও বেশি।

টমসন। বিষম ভায়োলেণ্ট স্থাে উঠেছে ছেলেগুলাে। অভিভাবকদের চুপচাপ থাকলে চলবে না।…খাঁ সাহেবকে ডাকতে পাঠাও চক্রবর্তী—

যজেশ্বর ইঙ্গিত করতে পূর্ণ ছুটল।

ভবদেব। এসে নিজের চোথে দেখে যান ছেলের কীর্তি—

প্রিয়। আজে হাা। বুড়োদের দেখা দরকার, কি করছে আর কি করতে যাচ্ছে ছেলেছোকরার দল—

টমসন। মিস্টার প্রিন্সিপাল, ক্লাস ছেড়ে দিন এক একটা করে। গেটে ও.সি. নিজে দাঁড়িয়ে। সমস্ত বিব্ডিংটা ঘিরে আমাদের লোক। দেখি, কোথায় যায় কুমুদ শয়তান।

ভবদেব। প্রফেসার সেন, ছেড়ে দিন তবে আপনার ক্লাস— যজ্ঞেশ্বর। সেন? পুরো নামটা কি?

প্রিয়: শ্রীপ্রিয়নাথ দেন—

যজ্ঞেশ্বর। রাজভক্ত অতি সদাশয় ব্যক্তি। ওঁর পড়ানো শুনছিলাম বাইরে থেকে— ভবদেব। আমিও শুনেছি অনেক কিছু। আগে ফয়শালা হয়ে যাক—তারপর সকলকে জানাব। বিকেলে যাচ্ছেন তো প্রিয়নাথবাবু?

প্রিয়নাথ যাড নেডে বেরিয়ে গেলেন। ছেলেরাও বেকচ্ছে। আজিজ যাছিল. টমসন নিষেধ করল।

টমসন। তুমি দাঁড়িয়ে যাও। তোমার বাপকে থবর দিয়ে পাঠানে। হয়েছে—

পূর্ণ ফিরে এল।

পূর্ণ। খাঁ সাহেব আসছেন। ওদিকে বিষম কাণ্ড স্থার। ক্লাস থেকে বেরিবে ছেলেরা বড় কেউ বাড়ি যায নি। উঠোনে জমায়েত হয়েছে। বিলাতি কাপড় জমিয়ে পাহাড় করেছে। আগুন দেবে।

টমসন। কোথায?

পূর্ণ। ঐ যে—কলেজের ঐ মাঠে—-

ভবদেব। কি দর্বনাশ! কি করি আমি এখন?

টমসন। আর্মড পুলিশ বাজারে মোতান্ত্রেন আছে। ছুটে যাও চক্রবর্তী। চার্জ করুক তারা এসে—

যজ্ঞেশ্বর ক্রত বেরিয়ে গেলেন।

ভবদেব। উচ্চুঙ্খলতা চলতে দেব না কলেজ-কম্পাউণ্ডের ভিতর। কিছুতেই না। মামি কি করি!

ভবদেব বেকলেন। টমসনও বেকছিল থাঁ সাহেব আব্দূল জববার প্রবেশ করলেন এই সময়।

টমসন। শুনেছেন তো, আপনার ছেলেব কি অধোগতি হয়েছে? স্বাউণ্ড্রেল কুমুদটার দলে মিশেছে সম্ভবত। কথা বলতে থাকুন-— আমি আস্ছি ঠাণ্ডা করে ওদিকটা।

টমসন চলে গেল।

জববার। তুমি ঐ ওদের দলে মিশেছ, আমার বড় তুঃখ হয়

আজিজ। বঙ্গ-ব্যবচ্ছেদ তো আমাদেরই স্বার্থে। আমাদের বোলআনা লাভ এতে।

আজিজ। মুসলমান-হিন্দু কারো নয় —লাভ ঐ টমসনদের। বাংলার হৃৎপিণ্ড ছু-টুকরো করে আরও দীর্ঘকাল ওরা নির্বিদ্ধে রক্ত শোষণ করতে পারবে।

জব্বার। হিন্দু বন্ধুরা মাথা ঘুলিয়ে দিয়েছে তোমার—

আজিজ। না আব্বাজান, বিষ চুকিয়ে দিছে সাহেবরাই তোমাদের মনে। মুসলমানের উপর দরদ আজ উথলে উঠছে, কিন্তু বেশি শক্তা বরাবর ওদের মুসলমানের সঙ্গেই। ১৮৫৭-র স্বাধীনতা-যুদ্ধে—
সিপাহি-বিজোহ নাম দিয়েছে ওরা যার—জীবন্ত মানুষের গলায় দড়ি
বেঁধে গাছের ডালে ঝুলিয়ে ঝুলিয়ে রাথত। অধিকাংশই তাদের
মুসলমান। হুডসন সাহেব বাদশাজাদাদের মিথা আখাসে ভুলিয়ে এনে
দিল্লীর চাদনি-চকে গুলি করে মারল—গলিত বিক্বত শব তিনদিন
ফেলে রাথল ইংরেজের বিক্কজ্বার প্রতিফল স্বসাধারণকে দেখাবার জন্ত।

জব্বার। সে সব দিন পালটে গেছে। ইংরেজ এখন ক্যায়-বিচার করতে চাচ্ছে মুসলমানদের প্রতি—

আজিজ। সংগ্রাম থেকে আমাদের দ্রে রাথতে চাচ্ছে। জাগ্রত প্রতিহিংসাপর মুসলমানদের সাম্প্রদায়িকতার আফিং থাইয়ে দৃষ্টি আবিল করতে চায়। ওহাবি-আন্দোলনের স্থৃতি ওরা ভোগে নি—আন্দামানে লর্ড মেয়োর শোচনীয় মৃত্যু। তিতুমীরের আশ্চর্য আত্মবিশ্বাস ও একক সংগ্রাম এখনও শক্ষিত করে ওদের।—

বাইরে কোলাহল। গুলিব আওয়ান , আজিজ বাাক্ল হল।

আজিছ। ঐ চার্জ করতে ওদের উপর—

জব্বার। যেও না আজিজ ওদিকে। যাচ্ছেতাই গেকগে— তোমার কি? আজিজ। ওরা বন্ধু, ভাই, সহপাঠী আমার। বিলাতি জিনিব পোড়াচ্ছে—মারছে ওদের সেইজন্ত। তেল পরিমাণ বিদেশি জিনিব আমরা আসতে দেবো না—যে বিদেশির নির্মম শাসনে দেশবাসী ছটফট করছে। তাত ছাড় আববাজান, ছেড়ে দাও—

বাইরে প্রবল বন্দেমাতরম ধ্বনি। আজিজও চিৎকার করে উঠল—

আজিজ। বন্দেমতিরম—

জব্বার। (কুরুকঠে) আজিজ!

যজ্ঞেশ্বর দ্রুত প্রবেশ করলেন।

যজ্ঞেশ্বর। বন্দেমাতরম্ এথানেও ? ক্লাসের মধ্যে এসে জুটেছে না কি ? ৩, আপনি আছেন খাঁ সাহেব—

আজিজ। তোমার ছেলে—ভীরু নই আমি। অক্সায় আর ভীরুতার প্রতিবাদ আমাদের ইসলাম। ওরা মাব থাছে। তৈরি আমিও। পশু-শক্তি যত ভয়ঙ্কর হোক, আমি বুক পেতে দাঁড়াব। ছেড়ে দাও, আমায় ছেড়ে দাও—

যজ্ঞেশর। দিন ছেড়ে খাঁ সাহেব। চর্মচক্ষে দেখুক গিয়ে। বাপের নাম ভূলিয়ে দিয়েছে টমসন। শুয়ে শুয়ে সব গোঙাচেছ। এদের ক্রাসেরও দশ-বিশটা আছে।

জব্বার। ছি: ছি: ! এত অধ্যপতন হয়েছে তোমার ? বন্দেমাতরম্ বলতে লজ্জা করছে না তোমার ? আনন্দমঠের হিন্দু-সন্ন্যাসীদের গান—

যজ্ঞেশ্বর। বৃঝুন। পুরোপুরি পৌত্তলিক ব্যাপার,। 'বং হি তুর্গা দশপ্রহরণধারিণী'—

আজিজ। না আব্বাজান, আনন্দমঠের বন্দেমাতরম্ বলি না আমরা।
এই বন্দেমাতরম্ মুথে নিয়ে কানাইলাল ফাঁসির দড়ি চুম্বন করেছিলেন।
মহিমময় নতুন অর্থ এর—বিহুৎগর্ভ জাতীয় মহামন্ত্র—

ভয়াবহ মৃতিতে টমদন এল।

যজ্ঞেশ্বর। ইস্—জুতোয় এত রক্ত লাগল কি করে স্থার ?

টমসন। জুতোব ঠোক্কর দিয়ে সরিয়ে দিয়ে এলাম কয়েকটাকে।
···শোন ছোকরা, চক্রবর্তীর কাছে হাত জোড় করে ক্ষমা চাইতে হবে।

আজিজ। (গর্জন করে উঠল) না---

যজ্ঞেশ্বর। উঠানটায় একবার ওকে ঘুরিয়ে নিয়ে আস্কুন খাঁ সাহেব। মালুম হবে, ইংরেজ গবর্ন মেন্ট মরে যায় নি—

টমসন। আপনার ছেলে বলে অত্যন্ত লঘুদণ্ড দেওয়া হচ্ছে। করজোড়ে ক্ষমাভিক্ষা—এইটুকুতেই এবারকাব মতো নিঙ্কৃতি। ·· ভনেছেন ওর অপরাধ ?

জকবোর। পা জড়িয়ে ধর্ চকোত্তি নশাবের। বল্, এমন সার করব না।

আজিজ। না—

জঝার। আমাদের মুরুঝি হলেন এঁরা। আমার বাাপার-বাণিজ্য পশার-প্রতিপত্তি সমন্ত এই এঁদের অন্তগ্রহে। মাপ চা— চা বলছি—

আজিজ। না-না-না-

জববার। এমনি করে আমার মুখ পোড়াবি শয়তান?

আস্মান্তরণ করতে না পেরে জব্বার ধার্মড় মারলেন আজিভকে।

আজিজ। বন্দেমাতরম্—

জব্বার। হুজুর, এ আমার ছেলে নয়। তাজ্যপুত্র। দেখলেন তো —আমাকে অবধি অপমান করল। কিছু জানি নে আমি—যা করতে হয় করুন আপনারা। আমি প্রুওর মুখদর্শন করব না জীবনে। মরুক —ও মরে যাক—আমি ফিরেও তাকাব না। মরে গেলে তারপর থবরটা দেবেন, মাটি দিতে নিয়ে যাব-—

ज्यात धश्चान कत्रलन।

টমসন। (বজ্রকণ্ঠে)ক্ষমা চাও বলছি চক্রবর্তীর কাছে— আজিজ। না—

টমদন দশব্দে হান্টারের আঘাত করল আজিজের পিঠে।

আজিজ। বন্দেমাতরম্—

টমসন হান্টার দিয়ে মারছে। য়ত আঘাত পড়ছে আজিল ততই বলে, বলেমাতরম। প্রিয়নাথ ছুটে এসে তাকে ধরনেন।

প্রিয়। মারো, আমায় মেরে ফেল সাহেব। কচি ছেলে, হীরের টুকরোর মতো ছেলে—কত বড় হবে—একে কোতল কোরো না এমন করে।

আাজিজ ঢলে পড়ল প্রিয়নাধের বুকের উপর। টনসন হান্টার নাচিয়ে শিস দিতে দিতে চলে গেল। ভবদেব এলেন।

প্রিয়। এ কি করলেন বলুন তো? ঘরে উঠানে রক্তের সমুদ্র। হিংস্র জানোয়ারদের চুকতে দিয়ে বিভামন্দির কলঙ্কিত করেছেন।

ভবদেব। দোষ এদেরই। যায় কেন ডেঁপোমি করতে ? পড়াগুনোর বেলা লবডঙ্কা, কেবল এই সমস্ত।

প্রিয়। তরুণ বয়দ এদের—মন আমাদের মতো ঝুনো হয়ে যায় নি।
জাতির অপমানে ক্ষিপ্ত হয়ে উঠেছে—ধমক দিয়ে কিছা চাবুক মেরে
ঠেকানো যাবে না। কুমুদ? কুমুদ এলি রে? দেখ বাবা, কি
সবনাশ এদিকে—

क्र्म् अदिन कदन।

কুমুদ। বাঁশবাগানে যাই নি মাস্টার মশার, এদিকটার ছিলাম না আমি। টমসনের ভাগ্যি ভাল যে ছিলাম না। থাকলে এতক্ষণ খণ্ডপ্রালয় হয়ে যেত—

প্রিয়। রক্তগঙ্গা বইয়ে দিয়ে গেছে। ছেলেরা আর্তনাদ করছে। উপায় কয় একুণি— কুমুদ। উপায় করতেই হবে। আর দেরি নয়। সেই ব্যবস্থায় তো বোরাঘুরি করছি, তিলার্ধ বিশ্রাম নেই।…ধূতির থানিকটা ছিঁড়ে নিন মাস্টার মশায়। আমি পারব না—আমার উপায় নেই, জানেন। আজিজের মাথার ঐথানটায় বড্ড রক্ত পড়ছে, বেঁধে দিন।…তা ভাল করেছে টমদন যজ্ঞেশ্বর ওরা। বন্ধুর কাজ কয়েছে। টাটকা তাজা রক্ত দেখে বুকের বক্তে আগুন ধরে থাক সকলের।

প্রিয়নাথ যথানিদেশি কুমুদের ধৃতির থানিকটা ছিঁড়ে আজিজের মাথার ব্যাওজ করতে লাগলেন। কুমুদ বেরিয়ে গেল।

ভবদেব। খুব যে দরদ! সবাই জানে, আপনি ভালমান্থয়। কিন্তু তলে তলে আপনিই এদের উৎসাহ দিয়ে আসছেন।

প্রিয়। যারা ভাল কাজ কবে, প্রিয়নাথ চিবদিনই তাদের উৎসাহ দেয়।

ভবদেব। কিন্তু কর্তৃপক্ষ যথন জানতে পারবেন?

প্রিয়। আপনি তো আমাদেরই। আপনি কিছু না বললে তাঁরা জানবেন কি করে?

ভবদেব। আমি বলবই। বুঝলেন—নিশ্চয়ই বলব। আমার সঙ্গে কোরাটগরে থাবেন, একটা জিনিষ দেখাব। রা কাড়বার উপায় থাকবে না তথন। চক্ষু ছানাবড়া হয়ে যাবে। অপনার মতো শিক্ষকের আস্কারা পেয়েই এরা এতদ্র বিগড়ে গেছে। কলেজটা উঠিয়ে দিয়ে ছাড়বেন আপনি।

প্রিয়। আমি নই—আপনি। আপনি এবং আপনাব ঐ সমন্ত মুক্সবিব—কলেজের ঘর-উঠোন থারা রক্তবোতে ভাসালেন। কলেজ আর কোথায়, এ তো কশাইথানা—

ষিভীয় দৃশ্য প্রিকিপ।লের কোয়াটারের সমুখভাগ

শাড়ি মেলে দেওয়া ছিল ছাত থেকে । কুম্দ একখানা টেনে বগল-দাবার পুরল।
আব একটা টানাটানি করছে—কোশায আটকে গেছে, আসছে না।

ভবদেবের মেয়ে উমা রণবঞ্চিণী মুভিতে থেথিয়ে এল । কুমুদকে দেখে হাসির আলোয় তার মুধ ঝলসে উঠল ।

উমা। চোর! কাপড় চুরি করে নিয়ে যাঞ্ছে—

कूम्म। ८५ विख ना-

উমা। (মুথ টিপে হেসে) আলবৎ চেঁচাব। একটা শাড়ি বগল-দাবায়—আর একটা টানাটানি কবছ। বমালস্থদ্ধ গ্রেপ্তার।… চোর, চোর!

উমার ছ-বছরের ভাই মুরারি এল। হাতে গেলনা-পিন্তল।

মুরারি। (মুথে মুথে) ও জুম, ১ ৪ জুম! মেরে ফেলেছি দিদি চোরকে। কই, মরলে না তুমি? মবে যাও—

কুমুদ। (চোথ বুজল) এই বে—এই মরে গিয়েছি আমি। মুরারি। পড়ে গেলে কই ? মাটিতে ভয়ে পড়—

কুমুদ। বড় ব্যস্ত ভাই। আপাতত দাড়িয়ে দাড়িয়ে মরলাম। আর একদিন দড়াম করে মাটিতে পড়ে মৌজ করে মরা থাবে।

মুরারি। শোন কুমুদ-দা, আর একটা এনে দাও তুনি। এটা নেব না।

क्रम्म। (कन (त्र?

মুরারি। হাা।…বড় দেখে, ভাল দেখে। যাতে আওয়াজ হয, আগন্তন নেরোর।

क्र्यून। (नव। वर्ष्ट्छ। जीव क्रिनिय (नव।

মুরারি। না-না-না। বড় হব না। এথনই দাও। এথনই— উমা। পিন্তল-পিন্তল থেলিয়ে এখন থেকে হাত রপ্ত করাচ্ছ এদের ?

কুমুদ। তোমার হাত-ভরা থেলনার বোঝা—থেলনার পিন্তল অনেক ভাল তার চেয়ে।

উমা। খেলনা আমার হাতে ? কই কোথায়?

কুমূদ। ছাতের মুঠোয় নয়, ছাতেব গোছায়। । ইনা, ঝিকমিকে ঐ কাচের বিলাতি চুড়ি। আরু সর্বাঙ্গে জড়ানো বিলাতি কাপড়।

যে শাড়িথানা ঝুলছিল, জোরে টান দিতে সেটা খুলে এল এবার। মুরারি ইতিমধ্যে পিস্তলে লক্ষ্য সন্ধান করতে করতে বেরিযে গেছে।

উমা। কি করা যাবে? সোনার চুড়ি পরা সকলের ক্ষমতায় কুলোয় না । আর মিলের শাড়ি যা বেরিয়েছে, গায়ের এক পদা ছিঁড়ে যায় তা পরলে।

কুমুদ। তোমরা কি মাস্তব ? লজ্জা হল না এই কথা বলতে ? ছেলেরা জীবন দিচ্ছে জাতীয় সম্মানের জন্ত, আর তোমগ্না বিলাতি সাজ-সজ্জায় নিশ্চিন্ত বিলাদে পুতুল দেজে রয়েছ ঘরের মধ্যে—

কাপড় নিয়ে কুমুদ চলে যাচেছ। উমা ব্যাকুল কণ্ঠে বলে—

উমা। দিয়ে যাও আমার কাপড়। অন্তত ঐ নীলশাড়িটা— পরে যেথানা নিলে।

কুমুদ। পুণ্যকার্যে লাগবে উমা, ক্ষোভ কোরে না— উমা। বাবা পরশু ওটা কিনে দিয়েছেন—

বগল থেকে শাড়ি টেনে নিতে গেল উমা। কুম্দের আঘাত লাগল, সে যন্ত্রণার আওনাদ করে ওঠে। উমা কুম্দের গান্তের চাদর সরিয়ে দিল। দেখা গেল, তার বাঁ-হাঁতে যা।

উমা একি ? কি হয়েছে ?

কুমুদ। পুড়ে গেছে।

উমা। কবে পুড়ল? कि कत्त्र পুড়ল?

কুমুদ। বাজি তৈরি করতে গিয়েছিলাম, মশলার হিসাবে গোলমাল হয়ে গেল।

উমা। কি বাজি, ঠিক করে বল—

কুমুদ। সে কি একরকম? শট-বাজি তারা-বাজি চরকি-বাজি
——আকাশে আগুন ধরিয়ে দেওয়া যায় বাজি যদি ঠিকমতো তৈরি হয়,
আর ঠিকমতো ছোঁড়া যায়।

উমা। কিন্তু কোথ।ও।আগুন ধরল না, হাতটাই পুড়ে গেল কেবল ?

কুমুদ। গোড়ায় গোড়ায় পোড়ে ঐ রকম—

উমা। বেশ হয়েছে, খাদা হযেছে। হাত পুড়ে ঠুঁটো হয়ে গেল— গোয়াতু মি কাজকর্ম বন্ধ এবার থেকে।

कूम्म। त्मरत यार्व च-मम मिरन। धमन किছू नय।

উমা। নাসারে! চমৎকার হয় তা হলে।

কুমুদ। পুড়েছে তো বা-হাত। বাঁ-হাতে কাজ আটকাবে না।

ডমার মূখে মৃত্র হাসি ফুটল।

উমা। বিয়ে হবে না তোমার কুমুদ-দা। কড়ে-আঙুল ভোঁতা হয়ে গেছে, কনে ধরবে কি দিয়ে ?

কুমূদ। তা-ও তো বটে! এত সব ভেবে দেখিনি। বিষম সর্বনাশ তা হলে—

শান্তিজের মা হামিদা এলেন। সঙ্গে বছর আস্টেকের আব্বাস•া তাদের ্দেখে কুমুদ চাদরের নিচে হাত চেকে কেলল। হামিদা কিস্ত দেখে ফেলেছেন।

উমা। আস্থন চাচী দাহেবা। এটি কে?

হামিল। আমার বঢ় মেয়ের ছেলে আবাদ। আমার কাছে থাকে। কাউকে না জানিয়ে আবাদকে দিয়ে একটা ছ্যাক গ্ল-গাড়ি

ডাবিরে চলে এলাম। তোমার চাচা টের পেলে আসতে দিতেন না।···আজ তো ইজ্জত নিয়ে বসে থাকবার দিন-নয়—থাকতে পারলাম না।···ওদের সব কোথায় নিয়ে রাখল বল দিকি ?

উমা। কাদের কথা বলছেন?

হামিদা। পিটিয়ে যাদের আধমরা করেছে।…কোথায় চললি আব্বাস ?

উমা। যাচ্ছে মুরারির সধ্যে ৎেলা করতে। আমার কোথায়?

__

আব্বাস চলে গেল।

উমা। (কুমুদের দিকে চেয়ে) আজিজের মাইনি—

কুমুদ। ম। ? সালাম নিন আশ্বাজান আপনার আর এক ছেলের।…আজিজকে তো অনেকক্ষণ বাড়ি পাঠিয়ে দিয়েছে—

গমিদা। দিয়েছে। স্যাজিস্টেটের পেরারের লোক উনি—ওঁর ছেলের ভাল ব্যবস্থা হয়েছে। কিন্তু আরও অনেকে শুনলাম ধূলোর মুখ থ্রড়ে পড়ে আছে—

কুমুদ। তাদের কমন-রূমে নিয়ে শোখানো হয়েছে। ব্যাত্তেজ বাঁধছে।··· নিশানাথ, এদিকে, এদিকে–-এই যে আর ভূটো কাপড়—

নিশানাথ এল।

নিশা। আর লাগবে না। সব ছেলের ব্যাণ্ডেজ বাঁধা হয়ে গেছে। কুমুদ। ব্যাণ্ডেজে না দরকার হয়, পুড়িয়ে ফেলবে। আমার দেশবাসী কারো দেহে থাকবে না অগুচি বিলাতি কাপড়—

क्र्म निगानायक गांजि इति। पिन , निगानाय हत्न ताना।

উমা। কুমুদ-দা, ঐ নীলশাড়িটা গুধু।···নইলে বাবা আন্ত রাথবেন না—

হামিদা। সত্যি, চমৎকার দেখাচ্ছিল সেদিন ঐ শাড়ি পরে

যথন যজ্ঞেশ্বর বাব্র সামনে দাঁড়ালে। · · আবার নাকি বরের বন্ধুদের এক দক্ষল আসছে ?

উমা খাড় নাডল।

গমিদা। এনে দাও বাবা শাড়িটা। মেয়ে-দেখানোর জন্ত পছন্দ করে কেনা —

ট্ন। কুমুদ-দাব সঙ্গে ও-পারে একগাঁরে আমাদের বাড়ি। তাই এত অত্যাচার! —শাড়ি নষ্ট হলে বাবা আন্ত বাধবেন না। হামিদা। নিয়ে এসো—

কুমুদ। আজিজের অবস্থা দেখেছেন মা। দেখে আস্থন, কমন-রূমে আর যারা আছে। এমনি হাজার হাজার ছেলে বাংলাব গ্রামে গ্রামে। এদের মাণা ভাঙছে, জেলে পাঠাছে, ফাঁসিতে লটকাছে। স্থানেরেজের ভিক্ষে-দেওয়া জিনিষ দেশের মা-বোনেরা পরবেন কোন লজ্জায়?

হামিদা। কুম্দনাথ, এ পথ ছাড় তোমবা। মা হযে আমি বলছি, ফ্লের মতো ছেলেগুলোকে আগুনের মুথে ঠেলে দিও না আমন করে। ইংবেজের কিছু হবে না এতে।

উমা। ওবা ভেবেছেন, ত্রিশ কোটির ফাঁসি লটকাতে লটকাতে হিমসিম হয়ে শেযকালে 'হুত্তোর—' বলে ইংরেজ ভারত ছেড়ে পালাবে।

হামিদা। অন্তত আমার আজিজকে ছেড়ে দাও দল থেকে—তিন মেয়ের পর অনেক সাধ-আহ্লাদের ঐ আজিজ। আমাদের অনেক আশা অনেক স্বপ্ন তাকে নিয়ে।

কুমুদ। আমরা ওকে আটকে রেখেছি, এই আপনার ধারণা ?

হামিদা। ঘবে শিকল দিয়ে কিম্বা দড়ি বেধে রাথ নি, কিন্ধ
আটকেই রেখেছ ওকে। আমাদেব স্থথের সংসাব বিষিয়ে গেছে

কারো মনে তিলার্ধ শান্তি নেই।

উমা। আজিজকে ছেড়ে দাও কুমুদ-দা—

কুমুদ। উপায়টা কি?

হামিদা। তাড়িয়ে দাও দল থেকে।

কুমুদ। খাঁটি সোনার মতো আজিজ। এক কণিকা খাদ নেই।
স্মামাদের মনে দব সময় সে আত্মবিশ্বাস জাগিয়ে রাখে।
আজিজের মতো সত্যসন্ধ ছেলে যে দেশে জন্মায়, সে দেশের মৃক্তি
অবশ্রস্তানী।

হামিদা। কিন্তু তার মা-বাপের কথা ভাব একবার—

কুমুদ। (মান হেসে) মা-বাপ সকলেরই থাকে মা।
আমারও ছিল।

উমা। স্বর্গে গেছেন তাঁরা। স্বর্গে হয়তো চোখের জল শুকিয়েছে। আর যারা বেঁচে আছে— সদা-সশঙ্কিত তারা অহরহ নিজেদের মৃত্যুকামনা করে।

হামিদা। সকলের বুকে শেল হানছ তুমি। হাত ধরে বলছি কুমুদ, মুক্তি দাও আজিজকে—মুক্তি দাও ছেলেদের।

কুমুদ। হাত ছাত্ম-

হামিদা। আমি জবাব চাই-

কুমুদ। এ আগগুনে ঝাঁপ দেবার শক্তি কি যার তার আছে মা? যাদের আছে, ফেরানো যায় না তাদের। ঘরের সেংবন্ধন হেলায় ছিড়ে আসে, ফাঁসির দড়ি ফুলের মালার মতো কণ্ঠে নেয়। শেষ-নিশ্বাসের সঙ্গে ঈশ্বরের কথা মনে আসে না, তারা স্বাধীন দেশেব সর্বস্থবী মাফুষদের কথা ভাবে, আশ্বাস দিয়ে যায়—নতুন জন্ম নিয়ে আবার এই দেশে জন্মাবে। অমিত-প্রতাপ ইংরেজ অবধি নাজেহাল হয়ে যাচ্ছে, কৈ ফেরাবে মা ওদের দল থেকে?

হামিদা। (কঠোর কণ্ঠে) হাত ধরে এমন করে বললাম,— জবাবে ভগুই ভুয়ো কথার ফুলঝুরি। কমন-রূমে ঐ ছেলেরা পড়ে পড়ে কাতরাচ্ছে—তোমাবই তুর্দ্ধির পরিণাম। শাস্তির সংসারে আগুন ধরিয়ে দিয়ে তোমার ভৃপ্তি—

কুমুদ। (হাসিমুখে) শুধু একটা-তুটো সংসার নয়—কাশীর্বাদ করুন মা, দেশ জুড়ে যেন স্মাণ্ডন ধরে যায়—

উমা। আমিও তাই বলি, আগুন যদি জ্বলে— অভাগ্য একজন
ত্ব-জনের বুকে কেন? তাই হোক— ওঁরা রণতাওবে মাতামাতি করুন,

দেশজোড়া হাজার হাজার লক্ষ লক্ষ সমবাধী আমরা পিছনে একসঙ্গে
গলা মিলিয়ে কাঁদতে বসে যাই।

হামিদা। চলবে না এ সমস্ত। শোন, শুনে রাথ—ইংরেজেব চেয়েও তোমাদের বড় শক্র আমরা—যাদের বৃকের মাণিক ছিনিয়ে নিয়ে জেল-দ্বীপান্তর আর ফাঁসিমঞে পাঠাচছ। ঘরের মান্ত্য শক্র হলে ক'দিন তোমাদের দল থাকে দেখি—

কুমুদ। বড্ড রেগে গেছেন মা। এবেশ তো, ধরিয়েই দেবেন আমাদের। একাত-পা-মাথাভাঙা ছেলেগুলোকে দেখবার জন্স এতদ্ব থেকে ছুটে এসেছেন —চলুন তাদের দেখিয়ে আনি।

কুমুদ ও হামিদা গমনোভাত-এমন সময়ে এক ভিথারি এসে গান ধরল--

"আপনার মান রাখিতে জননি, আপনি রুপাণ ধর গো! পরিহরি চারু কনকভূষণ গৈরিক বসন পর গো! এলাইরে দাও কুটিল কুন্তল, জাল মা হৃদয়ে প্রতিহিংসানল, নয়নের কোলে লুকায়ে গরল মরণে বরণ কর গো! ঐ শোন বাজে বিধাতার ভেরী
বাঁধ কটিতটে স্থশাণিত ছুরি,
দানবদলনী সাজ গো জননী,
কাঙ্গালিনী বেশ ছাড় গো।
শুনিয়ে তোদের ভৈরব-হুদ্ধার
নিখিল চমকি উঠুক আবার,
বিমল পুণ্যে মোদের দৈল্যে
কর মা ধৌত কর গো।"

কুমুদ ও হামিদা দাঁড়িয়ে গেলেন। ওদিকে আকলাস ও ম্বারির কলরব শোন। গেল। তারা এল।

আকাস। দ্র, দ্র! বাজে পিতল, সাওনাজ হয় না।
মুরারি। শুনছ কুমুদ-দা? গুড়ুম করে আওযাজ হবে—ভাল
পিতল চাই আমি।

কুমুদ। আগে তো হত আওয়াজ। তুমি থারাপ করে ফেলেছ।
···দাও, মেরামত হয় কি না দেখব—

চার জনে (অনবাদ ম্রারি কুম্দ ও হামিদা) বেকলেন। ভিখারি আবার গান ধরল। তদসকে হয়ে গাইছে। বিমুগ্ধ উমা, তার চোথে জল।

উমা। ভিক্ষা নিয়ে আসছি বাবাঠাকুর। চলে যেও না।

উমা ভিতর-দিকে চলে গেল। ভিগারি গেয়ে যাক্তে। ভবদেব ও প্রিয়নাথ এলেন। গান শুনে ভবদেব বলে উঠলেন—

ভব। সামনে পূজো—গেরস্ত-বাড়ির উঠোনে কোথায় আগমনী-গান গাইবি, তা নয়—এই সমস্ত গেয়ে মানুষ ক্ষেপিয়ে বেড়াচ্ছিস?

ভিথারি। এই সবের এখন ধুয়ো উঠেছে। ঠাকুর-দেবতার গান কেউ শুনতে চায় না। জামরা কি করব কর্তা ? ভব। হুঁ—তোরাও জুটেছিস শয়তানি দলে। রোস, পুলিশে ধরিয়ে দিচিছ। ···রিপোর্ট নিয়ে আসছি এথনি প্রফেসার সেন। বস্থন— বারাণ্ডার উপরের চেয়ার দেখিয়ে দিয়ে ভবদেব চলে গেলেন। ভিগারি ভয় পেয়ে চলে বাচ্ছিল—প্রিয়নাথ তার কাছে গেলেন।

প্রিয়। শোন-

ভিথারি। আজে—

প্রিয়। দেখি ডান হাত-

ভিখারি। হাত কি হবে বাবু?

প্রিয়। বেঁধে ফেলব রে! দেখি—

ভিথারি। এ দোষের গান, আমি জানতাম না বাবু। মাপ করুন। আগমনী গাইব আমি এবার থেকে।

প্রিয়। যা গাইলে, ঐ সব গানই গেও বাবাঠাকুর। ন্তন প্রভাত আসছে, তারই আগমনী। গান গেয়ে গেয়ে ভিক্ষা করেও তোমরা দেশের কাজ করছ বাবাঠাকুব—

প্রিয়নাক ভিগারির হাতে রাখি পরিয়ে দিলেন।

ভিথারি। একি বাবু?

প্রিয়। রাখি। দেশের মাত্রব সবাই আমরা ভাই-ভাই, ইংরেজ তাড়িরে দেশের স্থপমৃদ্ধি সকলে সমানভাবে ভোগ করন—হাতে রাখি পরে এই সঙ্কল্প নাও। বিষম সংঘর্ষের দিন সামনে—হাত-পা কোলে করে কারো বসে থাকা চলবে না। তোমার কাজ তুমি করে বাও বাবাঠাকুর, গানে গানে দেশের মান্ত্রহ জাগিয়ে তোল।

ভিথারি। কর্তামশাই বড্ড চটে গেলেন—

প্রিয়। বুড়ো হয়েছেন—মন ভোঁতা, দৃষ্টি খোলাটে। বেশি দ্র নজর চলে না ওঁদের। ভাবেন, আজকের এই অপমানের দিনই চলবে চিরকাল! ভবদেব এলেন। তাঁকে দেখে ভিখারি ক্রত সরে পড়ল। ভবদেব কতকগুলে। কাগজপত্র দিলেন প্রিয়নাথের হাতে।

ভব। দেখুন—পড়ে দেখুন এই সব। উ:, বাইরে আপনি ভিজে বেড়ালটি। গলা ফাটিয়ে পড়ান—আপনার ইংরেজ-বন্দনা রাস্তা থেকে শুনতে পাওয়া যায়। আর চুপি-চুপি যা পড়ান, তার রিপোর্ট এই এসেছে।…ইতিহাস পড়াতে গিয়ে আপনি এই সমস্ত অকথা-কুকথা বলেন ছেলেদের কাছে?

প্রিয়। সত্যি কথা—

ভব। অতএব স্বীকারই করছেন। একটা ঝঞ্চাট চুকে গেল— সাক্ষিসাবৃদ ডেকে তদন্তের হাঙ্গামা করতে হবে না। আশা করি, সত্যি বলে সই করে দেবার সাহসও আছে আপনার। কি সর্বনাশ! আগুনে ইন্ধন যোগাচ্ছেন আপনারাই —নিরীহ শিক্ষাত্রতী বলে যাদের দিকে কেউ নজর দেয় না।

প্রিয় : ভেবে আশ্চর্য হচ্ছি, থবরগুলো এমন নিখ্ঁত ভাবে সাজিয়ে পৌছে দিযে গেছে দিনের পর দিন! ছঃখ হচ্ছে, লজ্জা হচ্ছে। ক্লাসের ছাত্র—যাদের নিজের ছেলের মতো মনে করি, তাদের ভিতরও স্পাই!

ভব। বুঝুন তা হলে ইংরেজের শক্তি। শুধু অস্ত্রবলে বলী নয়— এমন কৌশলি জাত ছনিয়ায় দ্বিতীয় নেই। দেশের রজ্ঞে রজ্ঞে জাল পেতে রেখেছে। ছাত্রদের মধ্যেও কত জনের খরচ জোগায় পুলিশ, তারা নিয়মিত খবরাখবর দেয়—

প্রিয়। পায়ের নিচের মাটি সরে যাচেছ, ভর দিয়ে দাঁড়াবার জায়গা নেই। ক্লাদের ছাত্র বিশ্বাসঘ'তকতা করবে, এর চেয়ে শোচনীয় ব্যাপার কি হতে পারে ? ক্লাদে পড়ানো চলবে না জার দেখছি— ভব। আমিও বলছি তাই, চাকরি করা আপনার চলবে না। স্বেছ্যায় পদত্যাগ করুন—বন্ধুভাবে অন্ধুরোধ করছি। টমসনের শুভাগমনে কলেজের ছ্-দিন ছুটি। কলেজ খুললেই আমি রিপোর্ট পাঠাব। আপনি এর ভিতরেই সরে পাছুন—নইলে ডিসমিস করতে বাধ্য হব আমরা।

প্রিয়। নানা—কিছু কবতে হবে না। এ মুখ লোক-সমাজে দেখাতে লজ্জা হছে। যাদেব হাতে ধরে গড়ছি, তারা এই চরিত্রেব! আমি পড়াতে পারি নে স্থার, শুধু বই মুখন্ত করাছি, মহম্মের প্রতি অন্তরাগ জন্মাতে পাবি নি ছেলেদেব মধ্যে। অধ্যাপক বলে মিথ্যে গর্ব করে বেড়াই। নিম্ফল আমাব ব্রত—

উমা প্রবেশ করল। থালায় চাল-তরকারি ও পয়সা h

উমা। ভিথারি লোকটা চলে গেছে ?

উমা। বিলাতি কাচের চুড়ি ভেঙে ফেলেছি বাবা—

ভব। আব বিলাতি কাপড় পুড়িষে তসরের থান পরে পরিপাটি বিধবা সেজেছ? মরি, মবি! আমি এদেশ-সেদেশ গরু-থোঁজা করছি ভাল পাত্রেব আশার—আব আমার মুগুপাত করছ তুমি বাড়ির ভিতরে বসে বসে?

উমা চুপ করে রইল।

७व। कि माथाय विष ঢোকাল वन्?

উমা। সত্যি, আশ্চয় লাগছে বাবা—কোন বিনে যেন অসাড় হয়ে ছিলাম, কাচের চুড়িতে হাত জালা কবত না, রঙিন বিলাতি কাপড় চাবুক মারত না আমার স্বাক্ষ জুড়ে—

ভব। হায়, হায়, হায়! বন্দেমাতরম্ অন্দর অবধি ঢুকে পড়েছে। কি সর্বনাশ! আমার একমাত্র সন্তান তুই ⋯ি কি করি আমি এখন ?

প্রিয়। (মুগ্ধদৃষ্টিতে উমার দিকে তাকিরে) এ কি রূপ! সর্বরিক্ত দেশ-মায়ের ছবি দেখতে পাচ্ছি মা তোর ভিতর দিয়ে। অপমান করবার জন্ম ভবদেব বাবু বাসায় নিয়ে এলেন, কিন্তু এ কোন অপরূপ মা'কে প্রত্যক্ষ করিয়ে দিলেন!…কই, রিপোট'টা দেখি। ব্যাপার সত্যি বলে সই করে দিতে হবে ? দিন—

ভব। উছ, দরকার নেই ভাই। যা করতে হয়, আমি করব। প্রিয়নাথ, আমার ছোট ভাইয়ের মতো গুমি। কে তোমার চাকরি ধায়, দেখি। এমনি রিপোর্ট আর এক কপি কালেক্টরের কাছে গিয়েও থাকে যদি, আমি সামলে নেব। আর স্পাই-ছোঁড়াগুলোকে ছুতোনাতায় কলেজ থেকে সরাব। কাজে বোলোনা ভাই উমার এই ব্যাপার। কারো কানে না যায়! চাকরি গেলে এই বয়সে পথে বসতে হবে আমাদের—

তৃতীয় দৃগ্য

রাত্রিবেলা। অন্ধকারে অস্পষ্ট দেখা যাচ্ছে ছেলেদের।

সুশীল। কি অন্ধকার!

কুমুদ। সেই তো ভাল রে! সদর-রান্তা বেয়ে দিব্যি চলে এলাম, কেউ দেখতে পেল না।

নিশা। ছলিয়া বেরিয়েছে কুম্দ-দা স্থশীল বিপিন আর আমার নামে। আজিজ বাদ পড়েছে।

স্থালি। মবে কি বাঁচে ঠিক নেই, তার উপর খাঁ সাহেবের ছেলে—এইজন্ম বোধ ২য বাদ দিয়েছে আপাতত।

নিশা। দিনমানে মৃথ দেখানো যাবে না, রাতের অন্ধকারে আনা-গোনা এবার থেকে। সদর ছেড়ে গলি-গছবরে আস্তানা।

কুমুদ। ছিলাম মাহুষ—এবারে সাপ হয়ে গর্ভে মাথা ঢোকালাম। ছোকা মারব, তারই স্থযোগ খুঁজছি। ··· কে?

বিপিন ও প্রিয়নাপ এলেন।

বিপিন। মাস্টার মশায়-

কুমুদ। মাস্টার মশায় এসে গেছেন ? দেশলাই আছে বিপিন ?
• বাতিটা জ্বেলে দিয়ে ভূমি পাহারায় যাও—

বিপিন বাতি জ্বেলে একটা বেঞ্চির প্রান্তে এ'টে রেখে চলে গেল। স্নান আলোয় দর স্বল্লালোকিত হয়েছে।

প্রিয়। হাসপাতালে ছ্-জন মারা গেল। সেলিম আর মনোহর। সেথানেই ছিলাম, তাই দেরি হয়ে গেল।

স্থাল। সেলিম? আহা-হা কি স্থুন্তর ছেলে!

প্রিয়। ক্লাসের পড়া ছাড়া কোন-কিছুতে সময় দিতে চাইত না। পরীক্ষায় রেকর্ড-নম্বর আদায় করবে—এই ছিল তার জেদ। তা সে পারত।

নিশা। মনোহর—আমাদের মনোহর! আজকেও কত গালমন্দ করেছি তাকে ক্লাসের মধ্যে।

ञ्चनील। भूमलभान वरल मिलिमरक दिश् कर्न ना ?

প্রিয়। সেলিম মারা গেছে; আজিজ আধমরা হয়ে পড়ে আছে। পথ আটকাতে গেলে ইংরেজ হিন্দু-মুসলমান বাদ-বিচার করে না। অতীতে করে নি, ভবিশ্বতেও করবে না।

নিশা। সেই যে আপনি পড়াচ্ছিলেন মাস্টার মশায়, মোহনলাল-মীরমদনের রক্তে পলাশির মাঠ রাঙা হয়েছিল। হিন্দু আব মুসলমান ছেলের রক্ত মিশে আমাদের কলেজও তীর্থভূমি হল তেমনি।

প্রিয়। আরও হবে—অনেক হবে। তুমি হিন্দু আর তুমি
মুসলমান—কানের কাছে অবিরত শোনাচ্ছে ওরা নিজেদের স্বার্থসিদ্ধির
জন্ম। সে বিভেদ কত ভুয়ো, তা বোঝা যায় সংগ্রামের এমনি
প্রতিটি ক্ষেত্রেই—

কুমুদ। মাস্টার মশায়, অধীর হয়েছে ছেলেরা। কাজে নামবে। ইংরেজের করাল গ্রাদের সামনে দেশের অসহায় আর্তমূর্তি দিনের পর দিন আপনি ফুটিয়ে তুলেছেন আমাদের মনের পটে। সেই আগেকার মতো আর কোনদিন কেউ আমর। তো পায়ের তলায় বদতে পারব না— মাত্রাম্বে প্রণাম করে যাব, তাই বিপিন আপনার কাছে গিয়েছিল।

প্রিয়। কি করবে তোমরা?

কুমুদ। টমসন আর তার মতো মেখানে যে খুনে আছে, তাদের রক্তে দেশপ্রেমীদের স্থৃতি-তর্পণ।

ळिया । एन कि?

নিশা। আপনি মানা করেন ?

প্রিয়। তৈরি নও তোমরা। তে। ছাড়া ক'টা ইংরেজই বা মারবে!
মেরে শেষ করতে পারবে তাদের ?

কুমুদ। নিজেরা মরব মাস্টার মশার। মরে মরে মরার ভয় ঘুচিয়ে দেব দেশ থেকে। পরাধীন দেশে হাজার চরের সতর্ক দৃষ্টি এড়িয়ে এর বেশি তৈরি হওয়া সম্ভব নয়।

স্থাল। মাস্টার মশায়, কুমুদ-দাকে বলে দিন—এই সব ছোটথাটো এয়াকদনে উনি যেন মাথা বাড়িয়ে ঝাঁাপয়ে না পড়েন।

কুনুদ। লেপের নিচে মাথ। বাঁচিয়ে পড়ে থাকব, তোমরা সব এগিয়ে যাবে—:কমন ?

স্থূণীল। ধরুন ...বলা তো যায় না—যদি ধরুন আপনাকে—

কুমুদ। মেরে ফেলে। বিষম সর্বনাশ তা হলে! পৃথিবীতে আর কেউ তো কোনদিন মরে নি—একা আমি মরতে যাব কেন ?

द्भील। जा नय। तम्मगानी वरु व्याप्त्रातन ममय-

কুমুদ। সেদিন যদি না-ই বেঁচে থাকি, হাজার হাজার লক্ষ লক্ষ কুমুদনাথ—কুমুদনাথের চেয়ে অনেক বেশি কর্মচ নর-নারী আসবে। তারই আমরা বীজবপন করে যাব অনুমাদান করে।

প্রিয়। স্বার্থাধীন আত্মদান কথনো কোন অবস্থায় নিচ্ছল হয় না স্থাল। প্রফুল-ক্ষুদিরামের বোমা কিংসফোর্ডের গাড়িতে পড়ে নি—কিন্তু শান্ত রাজভক্ত দেশবাসীর হৃদয়ে পড়ে সাবা দেশ অগ্নিময় করে তুলেছে। কানাই-সত্যেন নরেন গোঁসাইকে মেরে ফাঁসি গেলেন—আজকে সারা ভারতেব নরেন গোঁসাইরা থর-থর কাপছে, সকলের অসহ-মৃণা উপছে পড়ছে তাদের উপর—

কথার ঝোঁকে বেঞ্চিতে হাত রাখতে গিয়ে প্রাথনাথ চমকে উঠলেন।

প্রিয়। একি ? খতে কি লাগল ? কি লেপটে আছে বেঞ্চিতে ?

কুমুদ। আজিজের রক্ত—

প্রির। হান, ই্যা-সেই রক্ত। রক্ত জমাট বেঁধে আছে।

কুমুদ। ঐ রক্তের রাজটীকা পরিয়ে দিন আমাদের—

নিশা। দিন মাস্টার মশায়, আপনি আশীর্বাদ করুন।

সকলে একান্তিক প্রার্থনা জানাতে লাগল। হাঁটু গড়ে বসল তার। প্রেয়নাথের সামনে।

প্রিয়। (আবেগ-কম্পিত ক:ঠ) হাত কাঁপছে কুম্দনাথ।
কোনদিন স্বপ্নেও ভাবি নি, এমনি ব্রতের দীক্ষায় ছেলের! আমায় ডাকবে।
আমি দেখে যেতে পারব না স্বাধীনতার পরম দিন—কিন্তু আসবেই।
আসবে, আসবে, আসবে। চলে যেও না তোমরা—

রক্তের ফে[†]টো পরিয়ে **প্রি**য়নাথ অভিভূত হয়ে পড়েছেন। তারপর তিনি বেরিযে যাডেছন।

নিশা। কোথায় চললেন মাস্টার মশায় ?

প্রিয়। চলে যেও না তোমরা। এতকাল পড়িয়েছি। আজকে শেষদিন সব চেয়ে বড় পাঠ দেব তোমাদের !·· আমি আসছি—

প্রিয়নাথ ফ্রত চলে গেলেন। ছেলের। এ ওর মুণের দিকে তাকায়। ক্ষণপরে স্বতি গন্তীর কঠে কুমুদনাথ বলছে—

কুমুদ। আগামী অমাবস্থা। বাইশ দিন বাকি এখনো। শ্মশান-কালীর পূজো, সাদা-পাঠা বলি দিয়ে—

স্থূশীল। কোন তারিথ হল?

निगा। পনেরোই আগস্ট, मञ्चनवात-

কুমুদ। দিন পাঁচ-ছয়ের মধ্যে একবার তোমায় কলকাতার যেতে হবে নিশানাথ।

নিশা ' কেন ?

কুমুদ। এক পেটি মশার-পিগুল পাওয়া যাচ্ছে দাওমতো। ছাতাওয়ালা-গলির এক চীনেম্যানের কাছে আছে, ওথানকার ওরা ঠিক করে রেথেছে। হাজার দেডেক টাকা নিয়ে গেলেই হল।

নিশা। হঠাৎ খুব বড়লোক হযে গেছ কুমুদ-দা? এমনি ভাঞে বলছ, দেড় হাজার যেন পকেটেই রয়েছে!

কুমুদ। পকেট হাতড়ালে বেকবে তিন-চারটে প্যসা। কিন্তু টাকা আছে থা সাহেব জব্বার মিঞাব গদিতে—বিষ্যুদের হাটে হাজার তিন সাডে-তিন বিক্রি তো হবেই—

সুশীল। জববার মিঞা দিয়ে দেবেন ?

কুমূদ। দেবেন তে: বটেই। মিষ্টিকথায় দেবেন না অবিশ্ৰি।

 বড়নোকেরা যদি টাকা দিত, কত কম গ্রাঙ্গামে কাজ হত! শক্তিব
অপচয় হত না।

স্থাল। (ব্যাকুল কণ্ঠে) বলুন কুমুদ-দা, নিরস্ত্র থাবেন টাক। আনতে?

কুমুদ। পিন্তলগুলো না এমে পড়া পর্যন্ত উপায় কি তা ছাডা ?

স্থাল। না-না, চেনেন নাথা সাহেবকে। অত নিরীং সদাশর উনি নন।

কুমুদ। থুব চিনি। অমন সর্বনাশা দেশজোগী মান্থষ বাংলাদেশে মীরজাফরের পর আব দ্বিতীয় জন্মায নি।

সুশাল। তবে?

কুমুদ। যে যত শরতান, সে তত কাপুরুষ। কিচ্ছু দরকার হবে না ভাই · কি জালা! আছে কিছু নিশানাথ তোমার ভাণ্ডারে ?

নিশা। থাকবে না কেন? কলম-কাটা ছুরি, কাঠ-কাটা কুছুল, মাটি-কাটা কোদাল। বলে দাও স্থালি এর কোনটা নিয়ে যাবে কুমুদ-দা?

কুম্দ। আরও জবর জিনিষ এই যে রয়েছে- মুরারির খেলনা-পিন্তল। একটু আওয়াজ হবে না—একেবারে নিরুপদ্রব অহিংস অস্ত্র।… ভয় কোরো না স্থালা, এতেই কাজ হাসিল হবে।

ুত্র কুমুধ পকেট বেকে পেলনা পিশুন বের করে দেখাচ্ছিল। তনা, বিপিন ও প্রিয়নার এলেন এই সময়।

নিশা। মাস্টাব মশার!

কুম্দ। উমা কেন এখানে ?

স্থাল। কি বহ ওটা মাটার মশায় ?

প্রিয়। গাতা—শ্রীমন্তাগবদগাতা। কত দিন কত রকম পড়িয়েছি—
শেষ পাঠ দেব আদ তোমাদের। সবস্রেট পাঠ। গীতাপানা ছিল উমণর
কাছে— আনতে গিয়ে ও আর পিছু ছাড়ল না। তা ভাল হয়েছে।
• পুমি ঐদিকে বোসো মা। বিপিনকে নিয়ে এলাম গেটের
চৌকিদারি থেকে—ও-ই বা কেন বাদ থাকবে ?

উমা। ফোঁটা পরে পরে দিবিা সব ঋষি-তপস্বী হয়ে বদে আছ— ব্যাপার কি কুমুদ-দা ?

কুমুদ। মাস্টার মশারের আশীবাদ নিলাম-

উমা। আমায় পরিয়ে দিন মাস্টার মশায়। আমি কেন বাদথাকব?

প্রিয়। তুমি পরবে সিঁত্র। কল্যাণ-মৃতি তোমরা। রজ্জের কোঁটা তোমাদের মানায় না।

উমা। রক্ত-তরক্ষে দেশ ভেসে যাবে, সিঁদ্র পরে তেসে ভালবেসে ঘবের কোণে চুপচাপ থাকব তথনও ?

প্রিয়। ভালবাদার ধনকে হাসিমুথে মৃত্যুপথে পাঠিয়ে দিও। ••••দেশের মাহ্ব কোনদিন মিথ্যার সঙ্গে আপোষ না করে— সে শক্তি জোগাবার দায়িত্ব অপাপবিদ্ধ গুহাঙ্গণবাদিনী তোমাদের। কুমুদ। ঐ ছবি দেখ স্বামীজির—আমরা বার মানসশিয়া। কামিনী আর কাঞ্চন সম্পর্কে বারস্বার সাবধান করে গেছেন—

প্রিয়নাথ গীতার পাতা ৬ টাচ্ছিলেন। এইবার বলে ডঠলেন---

প্রিয়। শোন—

ষ এনং বেত্তি গস্তারং য**়ৈন্চনং মন্ততে হতম্।** উভৌ তৌন বিধানীতো নাবং হস্তি ন হন্ততে।।

ঙ্গুত্য করছি কিম্বা হত হচ্ছি—এই নারা ভাবে, তারা ভ্রাস্থ। কেউ নরে না, কেউ কাউকে মারতে পারে না।

> দেখী নিতামবধ্যোহয়ং দেছে সবস্থা ভারত। তন্মাৎ স্বাণি ভূতানি ন বং শোচিভূমর্হসি।।

আত্মা অবধ্য; দেহ-নাশে তার মৃত্যু হব না। অতএব কারো, মুত্যু হচ্ছে বলে শোক করবার হেতু নেই।

> স্থথ-তঃথে সমে ক্লব্য লাভালাভৌ দ্যাজ্যো। ততো যকায় যুজ্যন্ত নৈবং পাপমবাপ্যাসি।।

স্থ্য-তঃখ লাভালাভ জন্ত্র-প্রাজন সমান ভেবে হুমি এগিয়ে যাও। ভাতে কিছুমাত্র পাপ নেই…

নাত পাত্ত হল্ড গ্ৰহ মধ্যে দশ্য বদলাল।

চতুর্য দৃশ্য থাঁ সাহেব জব্বার মিঞার কাপড়ের গদি

প্রহরণানেক বাজি। কাজকর্ম মিটে গেছে। জ্বার মিঞা ও চার কর্মচারী। বিরাফ।

জব্বার। ভাল করে থিল এঁটে দিয়েছিস ? তে কিনি তুলে দে। গড়কো দে ওদিকটার। খদ্দেবপদ্থার কি বাজে লোক চুকে পড়তে না পারে। কিচ্ছু গল না মাজকের গটে। বোদ্ এধানটায়। আসরাফ ফরাসের একপ্রাপ্তে বসল। জব্বার হাতবাক্স বুলে সেদিনের বিক্রি চাললেন ফরাসের উপর। নোটগুলো একদিকে রাখলেন। টাকা-পয়সা সিকি-আধুলি আনি-ভ্রমানি আলাদা করলেন। আর কতক্টা আপনমনে গজর-গজর করছেন।

জ্ববার। না, কিছু হয় নি আজ।

জব্বার। বিলাতি কাপড় কিননে না—লোকে কি গুণচট পরে থাকবে? সাহেববা কাব হবে তাদের কাপড় না কিনলে—তার আগে তো আমাকেই শেষ করে আনল। বিষ্যুদের হাটে এই বিক্রি! রেজ্গিগুলো গোণ তুই। নোট আর টাকা গুণে আমি থলিতে রাথছি।
পিচন দিক দিকে হামিদা এলেন। সঙ্গে আকাদ।

হামিদা। এখনে। টাকার থলি আগলে বসে? খাওয়া-দাওয়া করবেনা? কত রাত হল হিসেব রাখ ?

জব্বার। (বিরক্তভাবে) কি করব ? গট ভাঙবার পরও যে জনেকক্ষণ দোকান খুলে রাধতে হল—

আসরাফ। হাট ভাঙলে তারপব চুপি চুপি ছ-চার জন বিলাতি কাপড কিনতে আসে। সেই লোভে বসে থাকা।

জব্বার। তোর কদ্ব আসরাফ? তাড়াতাডি কর্।

আসরাফ। এই হল। ফ্ল-মিঞ্জ আবার গোলমাল লাগিয়েছেন কিনা!

আব্বাস আসরাফের গুণে-রাখা টাকা নাড়াচাডা করছিল।

জব্বার। এস দাদা · · · ঠাণ্ডা হয়ে কাছে বোসে। দিকি। গোণ্রে, তাড়াতাড়ি শেষ কর্। · ভাত বাড়তে বলোগে: যাক্সি আমি।

হামিদা চলে গেলেন ৷

জব্বার। কত?

আসরাফ। প্রত্রিশ টাকা সাত আনা এক প্রসা।

জব্বার। দে—থলির ভিতর দিয়ে দে। আমার ইদিকে এক-শ তেরো। তা হলে একুনে গিয়ে দাঁড়াল—এক-শ আটচল্লিশ টাকা সাত আনা এক প্রসা। উঃ! বিষুদ্দের হাট—দেড়-শ'টি টাকাও পুরল না। কারবার-পত্তার তুলে দিতে হবে দেখছি, স্বদেশি শয়তানরা যে রকম লেগেছে। এই নে চাবি, সিন্দুক থোল—

কালো কাপড়ে মগ ঢাকা ৪ জন প্রবেশ করল। এরা ছল্মবেশী কুমুদ ও নিশানাথ। কুমুদের হাতে থেলনা-পিস্তল। আসরাফ আগে দেখতে। কুমুদ তার দিকে শিস্তল উদ্যাহ কবল। ইঙ্গিতে চাকে কথা বলতে নিষেধ করল। আসরাফ চিত্রাপিতবং। জবাব পিছন দিকে পদশব্দ শুনতে পেয়ে বল্ডেন—

জব্বাব। বাচ্ছিগো, যাচ্ছি। এর মধ্যে হয়ে গেল ভাত বাড়া? নাঃ--এত ব্যস্ত কর। তোমার জন্ত কাজকর্ম করা দায়। তোল মাসরাফ? ইা করে লাডিয়ে কেন? নিয়ে যা থলি—

পলি উ'চু করে ধবতেই নিশানাপ সেটা টেনে নিযে ক্ত চলে গোল। জক্ষার তেবেছেন হামিদা নিয়েছেন।

জব্বার। ও কি? কি রক্ষের ইয়ার্কি? সাকুল্যে দেড়-শ টাকাও হয় নি—ওর মধ্য থেকে ভাগ বসিও না তুমি।

কুমদ বিক্রুপরে কথা বলচে -

কুমদ। দেড়-শও নয় ? দেড় হাজারের দরকার সামাদের। বের করুন বাকি টাকা।

জকার তাকিয়ে দেখে সাকাসকে বৃকে জড়িয়ে নিলেন। স্থাকাস কেলে উঠল।
কুমুদ। চুপ!

জব্বার। গুলি কোরো না। দোহাই ধর্মনাপ আমার!ুয়া বিক্রি হয়েছে, সমস্তই তো নিয়ে নিলে— কুমুদ। আন্তে। খুব আন্তে বলুন। থবরদার ! একটু টু শব্দ হলে সবাই মারা পড়বেন—ঐ বাচ্চা ছেলেটা অবধি। মাতৃপ্জায় বাধা না দিলে দেশের মান্ত্র আমরা মারি নে।

জব্বার এদিক-ওদিক তাকাচ্ছেন।

কুমুদ। স্থবিধে হবে না। আমি তে। মরব বলেই এসেছি, কিন্ধ মেরে মরব। সময় নষ্ট না করে দিন নগদ টাকাকডি আর সিন্দুকের চাবিটা।

জববার। বাবা, আর কিচ্ছুনেই আমার। যাচ্ছেতাই বাজার।

কুমুদ। ঢের আছে, থবর রাখি। নিজের জন্ম চাঞ্চিনে, দেশের কাজে। একেবারে নিয়ে নিচ্ছিনা, ধার চাচ্ছি। শোধ দিয়ে যাব। দেড় হাজার টাকা চাই।

এমনি সময় হামিদা প্রবেশ করলেন।

গমিদা। কই, ভাত-টাত শুকিয়ে জল হয়ে গেল।…এ কি ? কে এ লোকটা ?

কুম্দ। হাজার দেডেক টাকা চাই। স্বাধীন-ভারতে স্থদ সমেত শোধ দেওয়া হবে। দিন মা, গায়ের গয়না দিন পানকয়েক। পুণ্যকর্মে লাগুক।

হামিদা । দিচ্ছি গাবা ।···সরিয়ে ফেল তোমার হাতের ওটা। সরিয়ে ফেল। ওঁদের ওদিক থেকে সরিয়ে নাও। গুলি বেরিয়ে যাবে কথন !···দিচ্ছি আমার গায়ের গয়না।

হামিদা গলার পাটিহার ও হাতেব ক-গালা চুড়ি খুললেন :

কুমুদ। আর নয়—এতেই হয়ে, যাবে মা।

হামিদা। নাও বাবা--

সুনেৰ ইতন্তত করে গয়না ডানহাতেই নিল, জামার পকেটে চুকিয়ে দিল।

কুমৃদ। বিক্রি করে যা পাওয়া বায়, পাতায় জমা থাকবে আপনাদের

নামে। দেশ স্বাধীন হলে স্থদ সমেত ফেরত পাবেন। বড় উপকার" করলেন আপনি। স্বাধীন দেশের মাত্মর শারণ করবে আপনাদের সাহায্যের কথা। আসুন এবার খাঁ সাহেব আর এই লোকটিও— খালের ঘাটে ডিঙিতে আমার পৌছে দেবেন। আগে আগে চলুন। নিরাপদে সরে না পড়া অবধি আপনি বা এরা কেউ যদি চেচামেচি করেন, বুঝতেই পারছেন আপনার অবস্থা।

হামিদা। আমাকেও কি থেতে হবে ?

কুমুদ। না। কিন্ধ এমন উপকাব করার পর ক্ষতির চেষ্টা করবেন না আমাদের। লোক ডাকাডাকি করেছেন কি সঙ্গে সঙ্গে পিস্তলের গুলিতে আপনার স্বামী সাবাড় হযে যাবেন।

জকরার। না—না। খবরদার কেউ রা কাড়বে না। চলুন হুজুব, কোন দিকে যেতে হবে।

হামিদ। না, কেউ আমরা চেঁচামেচি করব না। ভালয় ভালয় তুমি ডিঙিতে তুলে দিয়ে এসো। ডিঙিতে উঠে আমাদেব অব্যাগতি দিয়ে যাও বাবা—

সামনের দরজা খুলে এরা চলে পেল। সম্ভস্ত আসরাফ জব্বার আগে আগে—পিশ্বল ডগত করে পিছনে কুমুদ। তামিদা মুখ বুরিখে একবাব দেখলেন। তাসি তাঁম মুখে।

হামিদ। মাজিজ ∙ ওরে আজিজ !

পিচন-দর্জা দিয়ে আজিজ এল । মাঝায় ব্যাপ্তেজ বাধা।

আজিজ। ভাত ঠাণ্ডা কড়কডে হবে যাচ্ছে। ডাকতে এসে তুমি অবধি জমে গেলে?

হামিদ। কি কাণ্ড হয়ে গেল জানিদ নে ? স্বদেশি-ভাকাতে সর্বস্থ লুটেপুটে নিল। আমার গায়ের গয়নাণ্ডলো অবধি নিয়ে গেছে।

আনজিজ্ঞ। বল কি মা ? ঐ তো দাওবাৰ বদে আমেরা। কারো কিছু কানে গেল না ? হামিদ। পিশুল উচিয়ে মুখের উপর ধরল। গলা গুকিযে কাঠ। মুখ দিয়ে কথা বের করবার জো ছিল কি ?

আমজিজ। বল কি?

হামিদা। (হেদে ফেলে) পরে নজর পড়ল থেলনার পিন্তল। তথন গয়না দিয়ে ফেলেছি। সত্যিকার পিন্তলের মতো দেখতে—ভয়ে তাই সবাই আধমরা। শেষটা যথন টের পেলাম, ১২-চৈ কবতে লজ্জা হল। লোকে হাসবে আমাদের বীরত্বের নমুনা দেখে। আর, দবকারই বা কি! দেশ স্বাধীন হলে স্থদ-সমেত সমস্ত শোধ করে দিয়ে যাবে বলেছে। ওরা তো মিথ্যে বলবার ছেলে নয!

স্পাজিজ। উভ! অত বোকা মেযে তুমি নও। টের পেয়েছ গোড়া থেকেই।

হামিদা। (হাসিমুখে) না

আজিজ। কারো? বল চুপি চুপি বল আমায। দব জান ভূমি। নইলে গয়ন হারিয়ে এমন হাসিমুথ থাকে না কারো।

গমিদা। গারালাম কোথায় ? শোধ দিয়ে যাবে।

আজিজ। নিশ্চয় তুমি চিনেছ। বল মা, বল আমায।

গমিদা। ই্যারে, বা-হাত পোড়া- তোর দাদাদের মধ্যে কেউ আছে নাকি?

আজিজ। দেখেছ তুমি? না-না, হাত-পোড়া কেউ নেই আমার জানাশোনার মধ্যে। ভুল দেপেছ মা। একহাত নিয়ে কেউ আসে এসব কাজে।

ইমিদা। গরজ খুঁব জরুরি হলে আনে বই কি! না এসে কি করবে। কাজের লোক তো হামেদাই মেলেনা।

আজিজ। না, তুনি ভুল দেখেছ মা। এ কখনো হতে পারে? হাত-পোড়া লোক আসবে ডাকাতি করতে ? গমিদা। তাই হবে। ভূলই দেখেছি। বুড়ো হচ্ছি তো—কি দেখতে কি দেখে ফেলি।…আরে, ভূই এত মুসড়ে যাচ্ছিদ কেন? ডাকাত নয়—ওরা তো ভাল লোক, আপনার লোক –

জববার ফিরে গলেন।

জব্বার। ছোট্ট ডিঙি নিয়ে সাঁ। করে ধানবনের মধ্যে ঢুকে পডল। থালে-বিলে কোনদিক দিয়ে কোথায় যাবে, রান্তির বেলা আর পাত্তা পাওয়া যাবে না। সাহস দেখাল বটে। এখনো সামাব বক চিব-চিব করছে।

হামিদা। ই্যা, বিষম সাহস।

জব্ব।র। এখন বোধ ২য় চেঁচার্মেচি করা যায়। কি বল ? কাঁচা-কাঁচা মূল্লক চলে গেছে···চেঁচালে ওদের কানে যাবে না। গেলেও ফিরে এসে আর পিন্তল চালাতে পারবে না।

গমিদা। পারত না আগেও-

জব্বার। উ:, কত রাত হয়েছে! দব দরজায় থিল পড়ে গেছে।
আসরাফ দোকানদারদের ডেকেডুকে নিয়ে আসছে। জমজমাট
বাজারের মধ্যে এসে ডাকাতি করে গেল! হঠাৎ কিছু করে ফেলা ঠিক
নয়—কি বল? সকলের সঙ্গে পরামর্শ করে থানায তো একটা
খবর পাঠানো যাক। ছেলেটার বাঁ-হাত পোড়া—এই একটা লক্ষ্য
করা গেছে।

হামিদা। পোড়া-হাত--দেকি? ভুল দেখেছ ভূমি।

জব্বার। তোমার তো আরো ভাল করে দেপবার কথা। গয়না দেবার সময় দেপতে পেলে না ?

হামিদা। দিথ্যি তো বা-হাত বাড়িয়ে গয়নানিযে নিল। জব্বার। বা-হাত বাড়িষে ? হামিদা। বয়দ হয়ে চোথের দোষ হয়েছে তোমার। গায়ের গয়না নিল, বুকের মধ্যে তথন যা হচ্ছিল—আমিই জানি। অত নিকটে থেকে আমি দেখতে পেলাম না, দেখলে তুমি?

বাইরে লোকজনের কথাবার্তা শনতে পাওয়া গেল :

জব্বার। ঐ যে—এসে গেল ওরা। বারাপ্তায় এনে বসিয়েছে। বাইরে আলোচনা করা উচিত হবে না। তুমি যাও—ওদের ভিতরে নিয়ে আসি।

জকাৰ বেরিয়ে গেলেন। আজিজ জড়িয়ে পরল হামিদাকে।

আজিজ। সোনার আমাজান গুমি আমার

হামিদা। হল কি? এত আদরেব ধুম কেন হঠাৎ?

আজিজ। একটা-তৃটো কুমুদনাথকে ধরে কি করবে ইংরেজ? তোমার মতো আমাজানেরা প্রিরনাথের মতো অধ্যাপকেরা আচেন বলে ঘরে ঘরে হাজার হাজাব লক্ষ লক্ষ কুমুদনাথ তৈরি হচ্ছে। •••চল মা, ঐ ওরা আসচে।

আর্শিক্তিজ ও জামিদ। চলে গেলেন। ক'চন দোকানদান—হরি নকুড ইত্যাদি এবং আসরফ ও জবলার প্রবেশ করলেন।

আসরাফ। দারোগা এসে পডল বলে! পাঁচকডি বাইক নিয়ে ছুটেছে।

জব্বার। তারা এখন নাগালের বাইরে। ধানবনের মধ্যে ডিডি ফেলে কোথায় পিঠ্টান দিয়েছে, দারোগার বাবার বাবাও পাত্তা পাবে না।

হরি। তমন তাজ্জব ডাকাতি শোনাধায় নি কণনো। ছটি মাত্র লোক এসে কাজ হাসিল করে গেল!

জকার। সর্বস্থ নিয়ে গেছে আমার। বিবি সাহেবার গারের গ্রনা অবধি। নকুড়। তা যাই হোক থাঁ সাহেব, ভাল কাজে দেন না তো কথনো কিছু। টমসনদেরই ভোজ খাইয়ে বেড়ান ভগু—

জব্বার। আমার দর্বনাশে ২মি খুশি হয়েছ দেখছি নকুড়—

নকুড়। সর্বনাশ বলছেন কেন? সমৃদ্ধুর থেকে এক ঘটি জল কমলে কি ক্ষতি হয়? মন থারাপ করবেন না। দেশের কাজে গিয়েছে টাকাটা। পুণ্যি হবে।

আশরাফ। দেশ স্বাধীন গ্রে স্থদ-সমেত ফেরত দিয়ে যাবে বলেছে

জব্বার। (ধনক দিয়ে উঠলেন) নিস তাই। বাভি বয়ে পৌছে দিয়ে বাবে। এ দেশ আবার স্বাধীন হবে, ওরা তথন থাতা দেখে স্থদ ক্ষে শোধ ক্বতে আসবে! ওবাই থাক্বে বড়! ইংরেজের প্রতাপ টের পায় নি। সিংহের লেজে চিমটি কাটছে—টের পাবে মজা।

আসরফি। এই যে! দাবোগা বাব এসে পড়লেন। আহ্ন--আসতে আজ্ঞাহয---

পারে।^{রা}। ক**নেপ্ট**বল **প্রভৃতি প্রবেশ করন** ,

পঞ্চম দৃশ্য

আবছা-আঁধারে জুতার দোকান দেখা থাকে। কাণ্টণীরে এক চীনামান বসে। কালো রখের সাহেবি পোশাক, মূপের উপর ফাট নামানে। একটি লোক সম্ভর্পণে দোকানে ঢুকল। আকারে ইঙ্গিতে কি বোঝাবুলি হল। চ্নিসিফিস কথাবার্তা। চীনামানে ছুতা সরিয়ে আলমারি থেকে বেব করল প্যাকিং বাল্প। ভালা পুলে করেকটা পিত্তল তুলে দেখাল। ভালা বন্ধ করল সে আবার। সাহেবি পোষাক পরা লোকটি টাকা দিল। বান্ধ নিখে সে বেরিষে গেল। পূর্ব-দৃষ্ট্যের মতোই আবচা-আবাধার। মিলিটারি পোশাকে কুমুদনাথ ছেলেদের বোমা ও পিন্তল বিলি করছে। সবাই একে একে নিয়ে চলে গেল। ক্রমশ কক্ষ আলোকিত হচ্ছে। কোণের দিকে কি দেগতে পেয়ে বিপিন সেদিকে গেল।

বিপিন। কে? কে এখানে?

লোক। পথ-চলতি মান্ত্রষ বাবা, বিষ্টি-বাদলা দেখে আশ্রয় নিয়েছি। রাতটুকু কাটিয়ে চলে যাব।

কৃমুদ। বেরো। বেরিরে যা শয়তান, উল্লুক-

স্থাল। কাঁপছে। আগ, থাকুক না। বুড়োমান্ত্ৰ আশ্ৰয় নিয়েছে, থাকতে দিন কুমুদ-দা—

লোক। আমি ব্রতে পারি নি এখানে এলে তোমরা চটে যাবে। আহল, আহল—বারাণ্ডায় গিয়েণ্ডচিছ। জর এসেছে।

কুমুদ। হঁ, জর! জ্ঞারের ভাল চিকিচ্ছে জানি আমি। রোসো—
কুমুদ তার কাছে গেল। তীক্ষ দৃষ্টিতে তাকিয়ে তাকিয়ে দেপে তার দাড়ি ধরে টান
দিল। দাড়ি খুলে এল হাতের মুঠোর। পূর্ণ।

নিশা। আরে পূর্ণ সামস্ত ! বছরূপী সেজে বসে ছিলে তুমি ? পূর্ণ পালাতে যাচ্ছিল। বিপিন পিশুলের গুলিতে মেরে ফেলল তাকে। কুমুদ। থতম ?

विभिन (नएएएएए प्रथए । स शमर नाभन।

विभिन। राँ। माभ घाটा मिरा ছाড়তে নেই।

নিশা! হাসছ তুমি বিপিন?

বিপিন। কুকুর-বিড়াল একটা মেরেছি—তার জন্ম কাদতে বদব ?… হাত রপ্ত হয়েছে—তারও একটা পরীক্ষা হয়ে গেল। কি বল কুমুদ ? কুমুদ। বুঝতে পারছ তোমরা?

নিশা। হু—

কুমুদ। কি বুঝলে বল তো?

নিশা। তিলার্ধ আর দেরি নয়।

श्रुनील ७८ल (श्रम ।

कूमून। निশानांथ, क्वाया-माखि जूमि-- द्वला ?

নিশা। (সহাস্থ্যে সেলাম করল) আইজ্ঞা কত্তা—গাঙে-থালে লা বাইয়াই তো কাটাইলাম চিরডা কাল—

নিশানাথ ও আজিজ চলে যাচিছল। কুম্দ আজিজের পিঠে হাত রাখল।
কুম্দ। আজিজ—

আজিজ। উ:, এত আনন্দ হচ্ছে কুমুদ-দা---সামলাতে পারছি নে। লাল কালিতে লিখে রাখব আজকের তারিখ--->৫ই আগস্ট।

নিশা। লিখে রাখব টমসনের লাল রক্তে-

কুমুদ। (হেসে) কিম্বা নিজেদেরই রক্তে হয়তো। বলা থাচেছ না এখন কিছু---

আজিজ ও নিশানাপ চলে গেল। বিপিন চট হাতে করে এল। পূর্ণর মৃতদেহে চট জডাচছ। কুমুদ। ও কি?

বিপিন। চটে জড়িয়ে গাঙে ফেলে দিয়ে আসি —

কুমুদ। দরকার নেই, নষ্ট করবার মতো সময় নেই আর। একুদি বেরিয়ে পড়। গলাকাটার চরে চিবিব পাশে—

উমা থাবার নিয়ে এল।

বিপিন। বা:-বা:-—উমা দিদি বড় লক্ষ্মী মেয়ে। ঠিক সময়টিতে এসে পডেছ। লম্বা পাডি—ইঞ্জিনে কয়লা চাপিয়ে নেবার গরজ—

বিপিন থাবারের পাত্র থেকে হু-হাত বোঝাই করে গোগ্রাসে থেতে লাগল।

কুমুদ। রাক্ষস! কাঁসির থাওয়া থেয়ে নিচ্ছ না কি ?

কুমুদ ইঞ্চিত করতে বিপিন ছুটে বেশল।

উমা। তুমি থাবে না কুমুদ-দা? আর সবাই গেল কোথা? ··
শোন, জবর থবর আছে—

কুমুদ উমার কথায় মনোযোগ না দিয়ে এটাচিকেসে পিস্তল গুলি ও কাগছপত ভরছে। আর কতকগুলো কাগজ পোডাছেই বাতির আগুনে।

উমা। বলতে পার? বল তোকি?

কুমুদ। যজ্ঞেশ্বর তোমায় পছন্দ করে গেছে—মিলের অমন মোটা কাপড় পরা সম্বেও।···তার ভাই-বউ হবে।

উমা। না—ঠিক উল্টো। বাবাই যজ্জেশ্বরকে ভাগিয়ে দিয়েছেন ভূয়োর থেকে। বললেন, মেয়ের অস্থ্য—বিয়ের কথা এখন থাক। তার মানে, যারা ইংরেজের খয়ের-খাঁ—মেয়ে দেবেন না তাদের ঘরে।

क्र्मूम। তা कार्पात घरत राज्यन ? ठिकठीक श्ल किছू ? উमा! अन्तर ?

পে মুদ্র মৃদ্র হাসতে লাগল।

উমা। তোমায় বলতে লজ্জাই বা কি! েতোমার উপর গ্রেপ্তারি পরোয়ানা যদি না থাকত · ভুমি যদি ভাল হতে · · তোমাকে বাবার বড় পছন্দ। সেই যে কম্পিট করলে য়ানিভার্সিটিতে—তথন থেকেই।…বাবার সঙ্গে একদিন দেখা কর না কুমুদ-দা। বড় খুশি হবেন।

কুমুদা। সত্যি—বড় ইচ্ছে করছে ভবদেব বাবুর সঙ্গে কথা বলতে, তাকে প্রণাম করে যেতে—যজ্জেশ্বরকে যিনি দরজা থেকে বিদায় করেছেন। যদি ফিরে আসি কোনদিন—

উমা। চলে যাচ্ছ বুঝি এখান থেকে ? কোথায যাচ্ছ?

কুমুদ। সে কথা জিজ্ঞাসা করতে নেই উমা---

উমা। আছে, আমার আছে। তুমি আমার কে, তা তো জান না কুমূদ-দা —

কুমুদ। যত ঘনিষ্ঠই হই, এ প্রশ্নেব অন্দিকারী তুমি। এওক নিঃসঙ্গ আমর। ইহ জগতে—

উমা। বড় ভব করছে তোমাব কথায়। সত্যি বাচছ কুমুদ-দা? এখনই? আব দেখা হবে না?

কুমুদ। পথ ছাতৃ উমা-

দমাহাত ধরল কুমুদের।

উমা। আমায় নিয়ে যাও তোমাব সঙ্গে–

কুমুদ। (রিশ্বকঠে) ঐ দেখ, হাসছেন স্বামীজি—সাবধান করে দিচ্ছেন—

উমা। (উত্তেজিত ভাবে) দাবধান করে বলছেন, কামিনী **আর** কাঞ্চন অস্পুতা। কিন্তু কাঞ্চন তো হাত পেতে নিতে আটকায় না—

কুমুদ। মায়ের গায়ের গয়না নিয়ে সেই পবিত্র গয়না বিক্রিক করে ফেলি—কাঞ্চনে এত অক্ষচি আমাদের পার্টির।

হাত ছাডিয়ে নিল কুমুদ। ডমা দরজায় গেল।

উমা। এই দুয়োর আটকালাম। যাও দেখি কেমন---

কুমুদ। ধাকা দিয়ে সিরয়ে যেতে হবে---

উমা। ধাক্ক। দিয়েছ কি, আমি ঝুলে পড়ব তোমার গলা জড়িয়ে ধরে—

कुभूत। উमा!

উমা। ভয় দেখিও না কুমুদ-দা। জীবন-মৃত্যুর সন্ধিপথে তোমার ধমকানিতে আমি ভয় পাই নে—-

কুমুদ। ঠিক বলেছ। জীবন আর মৃত্যুর সন্ধিপথ! পথ ছেড়ে দিয়ে তুমি সরে দাড়াও—

উমা। না-না-না-

কুমুদ। এই দেখ, পথ আটকাতে যাচ্ছিল একজন--

কুমুদ চট তুলে দেখাল পূর্ণর মৃতদেহ। ডমা আত নাদ করে ডঠল।

উমা। এ কি করেছ? রক্তে মাটি ভেসে যাচ্ছে--

কুমুদ। সেদিনও অমনি মাটি ভেগেছিল বাইশটি ছেলের রক্তে। মগের মেজের উপর এমনি ভাবেই পড়ে ছিল সেলিম আর মনোহর—

উমা। এত বড় কাণ্ডের পর আর ফিরবে নাবুঝতে পারছি। আমাকেও অমনি মেরে ফেলে চলে বাও কুমুদ-দা—

কুমুদ। তাই না করতে হয় উমা! এই যে মারা পড়ল-—এ-ও আমার দেশের মান্তব—ছঃথ কি কম এজভা । স্বাধীনতার সাধন। এদের জভাও তো! মিনতি করে বলছি উমা, পথ ছাড়। গলাকাটার চরে ওরা অপেকা করছে। একসকে নদী পার হব। মুহূর্তের দেরিতে সর্বনাশ হয়ে যাবে হয়তো—

উमा। ननी भात्र रुख यादा दमाया ?

কুমুদ। আমার বাড়ি, তোমাদের বাড়ি— সবই তো ওপারে। কোন এক বাড়ি উঠে ঘুম মারব— উমা। (নজল চোথে) ঠাট্টা কোরো না কুমুদ-দা---

কুমুদ তার দিকে তাকিয়ে কণকাল স্তব্ধ হয়ে রইল। তারপর কোমল কণ্ঠে বলল—

কুমুদ। পথ ছাড় উমা। বিদেশির পদপিষ্ট সারা দেশ আর্তনাদ করছে। অভিশপ্ত আমানের জীবন। ঘরের শাস্তি প্রিয়জনের মধ্-সালিধ্য বিষের মতো কটু লাগে। তুমি বাগ কোরো না।

উমা। আর এক জন্মে মিলব আমরা।

কুমুদ। তাই--সেই প্রত্যাশার থাক। এ জন্মে যতদ্র দৃষ্টি চলে
— সন্ধকার, কেবলই সন্ধকার। আমবা মরার ভর ভূলেছি, একদিন
বাচার মতো বেঁচে থাকতে পারব—সেই লোভে। সেই নতুন জন্মে
সামরা হব স্বাধীন দেশেব সর্বস্থী মানুয্—

ডমা গলায় অাচল দিয়ে কুম্দের পায়ে **প্রণাম কর**ন।

কুমূদ। আসি উমা---

উমাফিবে গাছিল। দুরারার মতোফিরল হঠাৎ।

উম।। কুমুদ-দা, একটুথানি াচিরদিনের মতে। যাচ্ছ—যাবার বেলা একটিবার কাধে হাত রাথ আমার, একটা মিষ্টি কথা বলে যাও। সামনের অতবভূ তুর্বহ জীবনের পাথেয় হয়ে থাকবে: চিবদিন এই পরম ক্ষণটি আমি শ্বরণ করব। ঘর বাধা হবে ন — কিছু আদর করে ছুরৈছিলে, সেই একটুথানি শ্বতির সম্বাদির যাও আমায়।

উম। আকুল হয়ে কাদতে লাগন। কুমুদ ভার চোথ মুছিয়ে দিল।

কুমুদ। কেঁদোনা উমা। আমারও চোথে জল এদে বেতে পারে। কঠিন ত্তুর পথ—চোধে জল এলে পথ দেখতে পাব না।

সপ্তম দুখ্য

উলুক্ষেত। বালির চিবি ও গাছ মাঝে মাঝে । টমদন যজেধর অধর ও ছিজপদ।

যজ্ঞেশ্বর। পালাতে পারে নি স্থার, পালাবে কোখেকে ? উলুক্ষেতে সেঁদিয়েছে।

টমসন। সন্ধ্যে থেকে এত তোড়জোড় করে ক্লাবে ছিলাম—

যজ্ঞেশ্বর। গেলই না মোটে। গেলে আর এত হাঙ্গামা করতে হত না। কেমন করে টের পেয়ে গেছে।

অধর। বাহাত্বর বটে ! স্বীকার করতেই হবে। সরকারি কলেজের ভিতর দিব্যি বৈঠকথানা বসিয়েছিল। দাডির মধ্যে ভীমরুলের বাসা।

যজ্ঞেশর। এখন ? ওরা বেড়ায় ডালে ডালে, আমবা পাতায় পাতায়। জবর আটকেছি বাছাধনদের। আমাদের তিন দল তিনদিকে —আর এদিকে নদী।

টমসন। নদী বলে নিশ্চিন্ত থেকো না চক্রবর্তী। ওদের অসাধ্য কাজ নেই। হয়তো বা নদী সাঁতরেই সরে পড়বে।

যজ্ঞেশ্বর। ঠিক বলেছেন স্থার। ওরা সব পারে। নদীর পাড়ে আমি ঘাটি আগলাব।

টমসন ; আমি রাস্তার মূথে দাঁডাচ্ছি জনকতককে নিয়ে। বাক্ষায় না উঠতে পারে।

তমসন চলে গেল।

অধর। (অহচে কঠে) সেই ভাল সাংহ্ব—রাস্তায় উঠে এগিয়ে থাক, দরকার মতো দৌড় দিতে পারবে। চরের বালিতে স্থবিধে হবে না, বৃটজুতো বসে থাবে—

যজ্ঞেশর। অধরবাবু, উলুবনে লাঠি মারতে মারতে এগোন আপনারা। ঠিক যেমন বনো-শুয়োর তাডিয়ে শিকার করে।

অধর। বলেছেন ভালো। বুনো-শুয়োরের মতোই ওরা। গো ধরে কোনদিক দিয়ে বোর্যে পড়বে, ঠিক নেই।

যজ্ঞেশর। ভয় পেয়েছেন নাকি? একদল লাঠি খোঁচাতে খোঁচাতে বাবে। রাইফেল তাক করে আর একদল থাকবে তাদের সঙ্গে। সাকুল্যে তো জন পাঁচ-ছয়—ভয়ের কি আছে?

যক্তেশ্বর চলে গেলেন।

অধর। বটেই তো! উনিও নদীর ধারে হাওয়া থেতে গিয়ে বদলেন—ফাঁকা-চরের মাঝথানে দাঁড়িয়ে মর্ তোরা শালারা! গাছে ওঠ দিকি ছিজপদ। যদি কোন হদিস পাওয়া যায়! নইলে আচমকা হয়তো ত্-হাত দ্বে উলুবনে মাথা তুলে দাঁড়াবে—তথন আর ট্রিগাব টিপবার ফুবসৎ হবে না।

विक्रभन भारक पठन ।

দ্বিজ। স্বনাশ, একেবারে এসে গেছে। টিবির ও-ধারে। এগুচ্ছে এগিয়ে আসছে ওরা।

দ্বিজপদ দ্রুত গাছ থেকে নামছে। এই সময চিবিব ও ধার থেকে পাঁচজন ওরা মৃথ ব'ডাল। ওদের হাতের পিপ্তল গজ ন করে উঠল।

দ্বিজ। বাবা বে, ওরে বাবা রে—

देशमन हूं है अल ।

টমনন। ভীরুর দল! পাঁচজন তো ওরা মোটে! আমর। পঞ্চাশ অন্ততপক্ষে—

দ্বিজ। ওরা মরীরা লোক—

টমসন। নদীপথে পালাতে চায় হয়তো—এদিক দিয়ে নদীর ধারে যতে চাচ্ছে। ছঁ-হঁ, শক্ত ঘাটি! চক্রবর্তী রয়েছে ওই পেতে। ·· ঠিক আছে, তোমরা সরে এসো। যেন ভয় পেয়ে পালাচ্ছ, এমনি ভাব দেখাও। এদিকে—ফাঁকায় চলে আস্থক ওরা। তারপর বোঝা যাবে।

আধার পিশুনের গুলি। টমসন অধর ও দ্বিজ্ঞপদ পালাল। চিবির আঁডাল থেকে কুমুদ নিশানাথ আজিজ বিপিন ও স্থশীল উন্বনের পাশে এল।

নিশা। অসম্ভব, নদা পার হওয়া যাবে না। লাভ কি এগিয়ে ?

আজিজ। নৌকো ওদিকে বাঁধা। কত খোশামোদ করলাম, মুঠো ভরে টাকা দিতে চাইলাম—পুলিশের ভয়ে কেউ নৌকো আনতে সাহস করে না।

স্থাল। গায়ে ওঠবারও পথ নন্ধ—

কুমুদ। মুখোমুখি দাড়াব আমরা--

স্থাল। আমরা পাঁচ জন আর ওরা অনেক—

কুমুদ। পাঁচ জন পাশাপাশি আমরা দেশের মাটির উপর দাঁড়িয়ে লড়াই করব। না, পাঁচ জন নয়— চাঁব জন। তুমি নও স্থশীল, তুমি পালিয়ে যাও।

স্থশীল। (কাতর কঠে) আমার বরস কম। তাই ভরসা পাচছ নাকুমুদ-দা?

কুমুদ। বেশি ভরদা তোমার উপর, তাই দব চেয়ে কঠিন দায়িছের কাজ দিচ্ছি। ওপারে আমাদের গ্রাম। আমাদের পুকুরের দক্ষিণ পাড়ে গাবতলার মাটির নিচে পোঁতা অনেকগুলো বোমা-পিন্তল আছে। দে দব বরবাদ না হয়—্আমাদের একজনকে বেঁচে থেকে সেই দব মালের থবরাথবর দিতে হবে দলের কাছে। তোমাকে বাঁচতে হবে ভাই, পালিয়ে যেতে হবে।

স্থাল। পালাব কেমন করে?

কুমুদ। যেমন করে পার। মরা এর চেয়ে আনেক সোজা, ব্রুতে পারছি। উলুবনের ভিতরে সাপেব মতো বৃকে ভর দিয়ে দিয়ে এগোবার চেষ্টা কর। অতি সন্তর্পণে—উপরের উলুঘাস যেন নড়ে না!

क्रम्म । याञ्ज, हत्न याञ्ज— स्वनीन । नाना !

কুমুদ। অস্ত্রের থবর বোলো। আর বোলো, আমরা জাতির অপমান করি নি, সাদা নিশান উড়িয়ে আত্মসমর্পণ করি নি। সম্মুখ-যুদ্ধে প্রাণ দিয়ে গেলাম।

স্থাল। বলব দাদা। ইংরেজ মুখ চেপে ধরবে, জানি। মুছে দিতে চাইবে আজকের এই পনেরোই আগস্টের রক্তাক্ত কাহিনী। কিন্তু অসাধ্য তাহাদের প্রয়াস। নিভূত এই অসম-সংগ্রাম একদিন আগুন ছড়াবে সারা ভারতবর্ধ জুড়ে। আজকের চার জন, চার লক্ষে গিথে পৌছবে অনুরকালে।

এক রাউণ্ড গুলি ছুডল পুলিশের তরফ থেকে। কৃনুদের ইঙ্কিঙে স্থলীল উল্বনের মধ্যে অনুশু হল।

বিপিন। যেন বর্ষার রৃষ্টি! অফুরস্ত ওদের বুলেট।

নিশা। ভারত-শোষণ করে সেই টাকায অস্ত্রের এই বিপুল আয়োজন—

কুমুদ। আমাদের গোণাগুণতি। একটা বুলেটের অপব্যয় না হয যেন আমাদের! একটা তাক না ফ্লকায়!

নিশা। তোমার হাত কাপছে আজিজ—

আজিজ। ছঃথে। ক'টা সাদা-চামড়া ওদের মধ্যে? যাদের দিকে পিন্তল তাক করছি, তার। আমাদেরই জাতভাই, দেশের মান্তয— নিশা। ওঃ, ওঃ, ওঃ—

একটা বুলেট লাগল নিশানাথের গায়ে। সে গড়িয়ে পড়ল।

আজিজ। এই দেখ, চোখ মেলে দেখে যাও নিশানাথ। আর হাত কাঁপছে না।…গুলি ফুরিয়ে এল কুমুদ-দা—কি করা যায় ?

কুমুদ। তোমার লেগেছে আজিজ?

আজিজ। কিছু না, কিছু না। ঢিবির ও-পাবে চলে যাও তোমরা। ও-পার থেকে লড়াই কর।

বিপিন। তোমাদের ফেলে?

এমন সময় গুলি লাগল বিপিনের বুকে। তার দর্বাঙ্গ আকৃঞ্চেত হল। তারপর সে চিবির গায়ে পড়ে গেল। যেন ঠেস দিয়ে বসেছে। আবার গুলি লাগল আজিছের গায়ে। সে-ও পড়ে গেল। ছাতের পিস্তল ছিটকে গেল একদিকে। কৃম্দনাধ পরম একার্যাঠায় তাক করে করে গুলি ছাঁডছে।

নিশা। বড তেষ্টা পেয়েছে। জল েএকটুগানি জল—

কুমুদ। নিয়ে আসছি। নদী থেকে কোঁচড় ভিজিয়ে আনছি রে ভাই।

কম্দনাথ নদীর দিকে চলে গেল।

নিশা। জল--একটু জল দাও--

বন্দুকের আওয়াজ। ক্ষণপরে টমসন, ও অধর এল।

টমসন। লড়াই ফতে! আর তো কোন সাড়াশন্দ নেই। কতক্ষণ পারবে আমাদের সঙ্গে ?

অধর। সত্যি বলেছেন স্থার। মহাবীব সামর। । এই যে তিন্টে—

টমসন। আর ত্-জন? দেখ—খোঁজ কর—আছে কোথাও পড়ে।…তাই তো, ভেগে গেল নাকি?

সোলাদে যজেশর এল।

যজ্ঞেশার। পালের গোদাটাকে সাবাড় করে এলাম স্থার। অধর। কুমুদনাথ ?

যজ্ঞেশর। নদীর জলে নামছিল। ও-পারে বাড়ি-ঘরের পানে মন টেনেছিল হয়তো। কিন্তা আর কি মতলব, কে জানে? বুঝতে পারে নি, বাঘ ওৎ পেতে আছে। গুলি কবলাম। গুলি লেগেছে—তা-ও স্বচক্ষে দেখলাম। জল রাঙা হয়ে গেল।

টমসন যজেররের কার চাপডাল।

টমসন। সাবাস, সাবাস চক্রবর্তী!

যজ্ঞেশব। কিন্তু স্থার, লাদ ডাঙায ওঠাকে পারি নি এথনা। গুলি থেযে ডুবে গেল। ভেদে উঠবে নির্মাৎ, যদি এর মধ্যে কুমীরে থেযে না যায। লোক মোতাযেন কবে এসেছি—আমি স্থারকে তাজাতাভি স্থাবরটা দিতে এলাম।

হাত বাঁধা সুণালকে টেনে হি চডে নিয়ে এল দ্বিজ্পদ ও কয়েকজন।

যক্তেশ্বর। বাচ্চা শয়তানটা! এ কি কবেছ তোমরা? পিছমোড়া দিয়ে বাঁধ, হ্যাগুকাফ পরাও—

দ্বিজ। উলুবনেব মধ্যে লুকিযে ছিল। পিছন থেকে জাপটে ধবেছি।

টমসন। তিন আর ছুই পাঁচ। বাস, মিলে গেল পুবোপুবি।

দ্বিজ। (একটা পিস্তল দিল যজেশ্ববেব হাতে) এইটে পাওযা গেল এব কাছে।

যজেশ্বর। ওবে বাবা, গুলি বোঝাই রয়েছে। এই সব মশার-পিস্তল পায় কোথায এবা ? এই কোথায পাস ?

সুশীল। আমি জানি নে-

যজেশার। কতগুলো আছে এই বকম? কোথায আছে? সুনীল। জানিনে—- যজ্ঞেশ্বর। জানিস নে? তবে রে—

যজ্ঞেষর জুতা সমেত সজোরে লাখি মারল স্থীলকে। স্থালি বনে পড়ল।

যজ্ঞেষর। পেটের মধ্যে সাঁড়াশি চুকিয়ে যত কথা—আর সেই সঙ্গে
নাড়িভূড়ি বের করে আনব। আমাদের চিনিস নে!

টমসন। এখানে নয় চক্রবর্তী-

যজ্ঞেশর। তা বটে! স্থারের সামনে উচিত নয়। আমার থেয়াল ছিল না।

- (দাঁত বের করে হাসতে হাসতে) আমার সম্বন্ধে বিবেচনা চাই স্থার। এতবড় একটা ষড়যন্ত্র ফাঁসিয়ে দিলাম। পালের গোদাটাকে বধ করলাম নিজের হাতে—

টমসন। সত্যি, খুব ক্লতিজ তোমার। তুমি রায়বাহাত্র হবে চক্রবর্তী। আমি তার ব্যবস্থা করব।

স্থীলের ঝুটি ধরে টেনে নিয়ে যজ্জেখর হাসতে হাসতে বেরিযে গেল।

টমসন। (অধর ও দ্বিজপদকে লক্ষ্য করে) লাসগুলো নিয়ে যাবার ব্যবস্থা কর—

অধর বেরিয়ে গেল। টমদনও যাচ্ছিল—নিশানাধ আচেতন হয়ে ছিল, এই দময় তার জ্ঞান ফিরল।

নিশা। জল · জল এনেছ ?

দ্বিজ। লাস কোথায় স্থার? চিঁ-চিঁ করছে। বড্ড কড়া প্রাণ হোড়াগুলোর—রাইফেলের গুলিতেও শেষ হতে চায় না।

निर्मा। जन-

টমসন। ই্যা—ই্যা—আছে বই কি জল। খাবে ? হাঁ কর। জলের পাত্র বের করল টমসন। নিশানাথ হাঁ করছে।

টমসন। ইা কর ভাল করে অধিকে, এদিকে মূখ ফেরাও—
টমসন জল জেল দিল মাটতে। মূণে পৈশাচিক হাসি। আজিজ ওদিকে
প্রাণপণ চেষ্টার তার পিশুলটা কুড়োবার চেষ্টার আছে। পারছে না।

দ্বিজ। সব জল মাটিতে পড়ে যাচেছ আরো। এক ফোঁটাও মুখে পড়ছে না।

টমসন । তুশমনকে আমি পানি দিই না। · · · থা · · কত খাবি থা—

জল চেলে কেনে দিয়ে শিস দিতে দিতে টমদন বেরিয়ে গেল। দ্বিজপদও গেল এদের শীঘ্র সরিয়ে নেবার ব্যবস্থায়। আজিজ এতক্ষণে পিস্তল পেয়েছে। টমদনের দিকে লক্ষ্য করল, কিন্তু পাল্লার বাইরে চলে গেছে সে। নিশানাথ আবার আত্রিদি করতে আজিজ তারাদৈকে ফিরল।

নিশা। জল-জল-

আজিজ। এই শেষ গুলি। টমসনকে পেরে উঠলাম না, ভাবলাম নিজের গরজে লাগবে। কিন্তু তোর দরকার বেশি। নিশানাথ, বন্ধু, ভাই, তেষ্টা পেয়েছে—পানি চাস ? ত্শমনেরা পানি দিল না ? বড় বন্ধু ভূই আমার—আমি দিচ্ছি—

छनि कत्रन।

আজিজ। ঘুমো···ঘুমো এবার। ঠাণ্ডা হয়ে ঘুমো। তেই। মিটেছে তো?

আজিজের চোথে জল। সে-ও পড়ে গেল।

অপ্তম দৃশ্য

কলেজের কক্ষ

১৯১১ অক্সের ১২ই ডিসেখর আজে। ক্লাসেন্তন ছেলেরা ও প্রিয়নাথ। প্রিয়নাথের গভীর ধীর কঠ কক্ষে ধ্বনিত হতে লাগল।

প্রিয়। সাতসমূত পার হয়ে রাজা-রাণী এসেছেন, দিল্লিতে দরবার বসেছে আজকে। দেশব্যাপী উৎসব। ছেলে-মেয়েদের পাওরানো হচ্ছে। তোমরাও থাবে, করোনেশন-মেডেল পাবে সকলে। রাত্রে বাজি পুড়বে। অাজকের এই আমোদ-ক্তির মধ্যে শ্বরণ করি আমাদের কুমুদ
আজিজ নিশানাথ বিপিন আর স্থালকে। নতুন ছেলে তোমরা—
তাদের নাম নিশ্চরই শুনেছ, কিন্তু অনেকেই চোথে দেখ নি। গেলবছর ১৫ই আগস্ট—যোল মাস হয়ে গেল—তারা লড়াই করেছিল
গলাকাটার চরে। বীর পঞ্চপাশুবের মধ্যে স্থালই কেবল
আছে, বহুদ্রে— আন্দামানের নির্বাসনে। এই মুহুর্তে কি করছে সে,
কে জানে পূ

স্তন্ধ হলেন প্রিয়নাথ। তাঁর কোটরগৃত ৮কু জলে ভরে উঠল। আবার তিনি বলতে লাগলেন

প্রিয়। শোন ছেলেরা, একদিন শিথের ইতিহাসে রাজপুতের ইতিহাসে মা।জিনি-গ্যারিবল্ডির জীবন-কথায় দেশপ্রেমের দৃষ্টান্ত খুঁজতাম। মাজকে দ্র-দ্রান্তরে যাবার প্রয়োজন নেই। আমাদের নিতান্ত-পরিচিত নিকটতম প্রতিবেশী, আমাদের ঘরের ছেলে—তারাই সব ইতিহাসের মাল্লয়। প্রাণ যেন হাতের মুঠোয় করে এগিয়ে যায় প্রয়োজনের মুহুর্তে অবহেলায় ছুর্ছে দেবে বলে। বন্দেমাতরম্ বলে ফাঁসির দড়ি চুম্বন করে ফাঁসির ছকুমের পর ওজন বেছে যায় তাদের। গবন মেণ্ট এদেরই কেবল মারছে না, যে মন্ত্র কঠে নিয়ে এরা আয়াদান করছে তাকে অবধি মেরে ফেলতে চায়। এই কলেজেরই ছাত্র মাজিজ নিশানাথ বিশিন সন্মুখ-য়ুদ্ধে মারা গেল। তাদের নেতা কুমুদনাথের মৃতদেহ ভেসে গেল নদী-স্রোতে, কুমীরে কামটে থেয়ে ফেলল। এমনি আরও কত যাবে! বন্ধতক্ষ নিয়ে সংগ্রামের গুরু, কিন্তু পূর্ণ-স্বাধীনতা না পাওয়া পর্যন্ত শান্তি নেই। জাতির শক্তিকে প্রতিত ও বিচুর্ণিত করবার পাপ-প্রয়াস যে বিদেশি শক্তির, ছর্ধর্ব সংগ্রামে সাগর-পারে থেদিয়ে দেব তাদের। আসবে ভারপর পরম দিন—সাদার বদলে

কালোর কত্ত্ব নয়, সকল মান্তবের সর্বস্থুও সম্পদে সম্পন্ন হওয়ার স্বাধীনতা।

छत्रप्य এलाम ।

ভব। ছাত্রগণ, আনন্দেব থবব শোনাতে এসেছি। প্রতিজ্ঞা বজায রইল আমাদের। কার্জনের সেটেন্ড ফ্যাক্ট আনসেটেন্ড করেছি আমরা। ভাঙা-বাংলা জোডা নাগল।

প্রিয়। তাই বটে। মাঝামাঝি খণ্ডিত করেছিল, সেটা জুড়ে দিয়ে ছাঁটাই কবল চাবিদিক থেকে। কতক বিহারে গেল, কতক আসামে—

ভব। সদাশ্য সমাট প্রজাব মনোবেদনা উপলব্ধি করে দিল্লিতে আজ বঙ্গবিচ্ছেদ-রদেব ঘোষণা কবেছেন। সন্ধি হয়ে গেল, আর আমাদের ক্ষোভেব কাবণ নেই। বল, সমাট দীর্ঘজীবী হোন—

ছেলেকা। (একে একে)

আজিজ দীর্ঘজীবী হোন –
নিশানাথ দীর্ঘজীবী হোন —
বিপিনচক্র দীর্ঘজীবী হোন—
দীর্ঘজীবী হোন কুমুদনাথ—

দ্বিতীয় অঙ্গ

প্রথম দৃশ্য

সেই মফম্বল শহরের একটি রাস্তা

১৫ই আগষ্ট, ১৯৪৭। রাস্তার ধারে ধানা। ধানা ফুল-পাতায় সাজানো। দূরে রাস্তার শেষপ্রান্তে এক বড তোরণ দেগা যাচ্ছে। তোরণের উপর লেখা— 'শহীদ মণ্ডপ'।

শহীদ-মণ্ডপের দিকে জন চারেক ক্রত গতিতে চলেছে— বজ্ঞেশ্বর অগ্রবর্তী। বুড়ো হয়েছে যজ্ঞেশ্বর— কিন্তু দস্তরমতো শক্ত-সমর্থ। তার কাঁধে বিশাল জাতীয়-পতাকা, মাশায় গান্ধিটুপি।

যজ্ঞেশব। বলো—জয় হিন্দ! জয় হিন্দ! জয় হিন্দ! স্বাধীন ভারত কি জয়! মহাত্মা গান্ধি কি জয়!

অনুবতীরা জয়ধর্ণনি করল।

থানার বারান্দায গণপতি কনেষ্টবল স্ট-স্তো নিয়ে পতাকা সেলাই করছে। যজ্ঞেখর চেথে চেয়ে দেপছে থানার দিকে। তারপর বাচ কণ্ঠে প্রশ্ন করল—

যজ্ঞেশ্বর। কি এ কি? থানা স্থাড়া কেন এমন? দাবোগা কোথায়? ওকি হচ্ছে গণপতি?

গণপতি। সেলাই করছি কর্তা-

যজ্ঞেশ্বর। এখন পতাকা দেলাই ?

গণপতি। কি করব, খদ্দর যে কিছুতে জোটানো গেল না—

যজ্ঞেশব। দেশস্থদ্ধ লোক জোটার্ল—তাব উপর তোমরা হলে সরকারি মাসুষ, পুলিশের লোক—

গণপতি। ঐ তো কাল হয়েছে কর্তা। আট টাকা গন্ধ বিকোচ্ছে। ঐ ব্লাকের দর আমাদের কাছে ছাকতে পারে না-—স্রেফ বেকবুল যায় যে মাল নেই। অনেক চেষ্টায় কিছু মিলের খদ্দর জোগাড় করে তাই রঙ করে নিয়েছি।

যক্তেশ্বর। দশটা ,বাজে—এখন তোমার এ কৈফিরৎ কে শুনবে গণপতি ? সরকারি থানার উপর পতাকা নেই—ছি-ছি-ছি! মিনিস্টার দেখে শুনে আমাদের গায়ে থুতু দিয়ে চলে যান—তখন ফ্লাগ টাঙিয়ে শোভা করে তুমি আর তোমার বড়বাবু দেখে।

গণপতি। এই হয়ে গেল। এখনই টাঙাব। গণ্ডা ছুই টাঙিয়ে দেব একসঙ্গে।

শিশির। কোন দিকে গেলেন বডবাবু?

গণপতি। মেলায় —

যজ্ঞেশ্বর। মেলা ? মেলা বসল কোথায় আবার ?

গণপতি। (শহাদ-মণ্ডপের দিকে আঙুল দেখিয়ে) উই—উই যে —

যক্তেশ্ব। (হাসনেন) শোন শুনলে তো? শহীদ-মণ্ডপে
শহীদদেব শ্বতি-পূজ।—এমন একটা পবিত্র অনুষ্ঠান —তাকে মেলা বলছে।
যত উজ্পুক নিয়ে আমাদের স্বাধীনতা উৎসব! দশটা বাজে—এখনে।
রাস্তা সাজানো সারা হল না—

विशुद्क (मथा (भन ।

যজ্ঞেশর। · ঐ, ঐ দেখ—আব এক নম্বর স্বাধীন ভারতের নাগরিক। স্বাধীনতার ঘেলা ধরিষে দিল এরা! · · · ওরে বিধৃ, তেলচিটে তেনা পরে এই মূর্তিতে কোথায় চললি ?

বিধু। নিড়েন দিতে যাচ্ছি আজ্ঞে—

যজ্ঞেশ্ব। ভারত স্বাধীন হল, একটা ঐতিহাসিক দিন আজকে, মার ভূই নিড়েন হাতে সরে পড়ছিস ?

বিধু। ক্ষেতে বড্ড গোন-

যজ্ঞেষর। মিনিস্টার এই পথে যাবেন, থেয়াল আছে? পথের ধারে তোর বাড়ি—বাড়ি দাজিয়েছিদ কই?

বিধু। বাড়ি সাজাতে হবে ?

নজ্জেশার। (মুখ ভে°চে) ক্যাকা! আটদিন ধরে বাজারে কাড়া দেওয়া হচ্ছে, কানে ছিপি এঁটে ছিলি ?

বিধু। তা তো গুনলাম কর্তা যে ইংরেজ চলে গেল, আমবা স্বাধীন হলাম—

নজেশ্বর। শুনে নাকে সধ্বের তেল দিয়ে ঘুমুচ্ছিলি—এখন ক্ষেতে চলেছিস। স্থাধীন হলি, তা কিছু করতে হবে না সেজক্য? তের পাবি। ট্যাক্স বেড়ে গাবে, কণ্ট্রোলের কাপড়-কেরাসিন একেবারে বন্ধ করে দেব।

বিধু। না না বাবু মশায় সুখ্যু মান্তব, বুঝতে পারি নি। কি করতে হবে, বলে দিন। আজকের এমন গোনটা মাঠে মারা যাবে! (নিশাদ ফেলে) যাকগে কি আর হবে—স্বাধান হয়ে গেলাম যথন—

যজেশ্বর। শিগগির বাড়ি যা। গিয়ে তাড়াতাড়ি ঘর-বাড়ি সাজিয়ে ফেল। গরিব মান্ত্র—পয়সা-কড়ি বেশি থরচ করতে বলি নে—কলাগাছ ফুল আব দেবদারু-পাতা দিয়ে সাজাগে।

বিধু দ্রুত চলে গেল।

্য:জ্ঞশ্বর। দেখলে শিশির, যে দিকে নজর না দেব—হতভাগারা একটা অনাস্ষ্টি ঘটিয়ে বদে আছে! চলো—চলো—

যজেশ্বর শিশির প্রভৃতি চলে গেল। গণপতি উঠে নিশান টাঙাছে। অনিকদ্ধ এল–গণপতিকে প্রশ্ন করছে।

অনিরুদ্ধ। মিষ্টি-মিঠাইয়ের দোকান কোন দিকে কনেস্টবল-দাহেব ? আমরা নতুন এসেছি— গণপতি। অনেক দোকান বদেছে, চলে যাও ওদিকে উই— উই বে মেলা শথুড়ি, মেলা নয়—কি লেখা আছে পড় তো—

অনিরুদ্ধ। শহীদ-মণ্ডপ-

গণপতি। শহীদ কাকে বলে বাবু?

অনিরুদ্ধ। শহীদ—শহীদ ∙ তাই তো—

মাথা চুলকাচ্ছে। এমন সময় কেশব ও তাঁর স্ত্রী মলিনা এলেন। চেহার। বেশ-ভূষাও কথাবাতাঁয় বোঝা যায়, পাডাগাঁয়ের মধ্যবিত গৃহস্থ এঁর।—চাষবাস নিয়ে থাকেন। কেশবের বয়স নাডাল, মলিনার প্রতালিশ।

অনিরুদ্ধ। (কেশনের দিকে) শহীদ বস্তুটা কি হল দত্ত মশায়? জানা আছে ?

কেশব। (ধাড় নাড়লেন) না। নতুন নতুন কত কি বেরুচ্ছে আজকাল—কে অত থবৰ বাথে? শহীদ-টুছিদ আমাদের সময়ে ছিলুনা।

অনিরুদ্ধ। দিদি, বিস্তর মিঠায়ের দোকান ঐ দিকে। কনেস্টবল সাতেব বললেন।

কেশব। রক্ষে কর। এর উপরে আবার সন্দেশ-রসগোলা গাঁটতে গোলে রাহা-খরচে টান পড়ে যাবে, বাড়ি ফিরতে হবে না। চল্লিশ-খানি করকরে টাকা নিয়ে এলাম—সাত টাকা সাত আনায় ঠেকেছে, খেয়াল রেখো।

ব্যাপ্ত ৰাজিয়ে 'জয় হিন্দ' জৰার দিতে দিতে স্থসজ্জিত একপল ভলান্টিয়ার মার্চ করে চলে গেল।

মলিনা। আঃ, থাম দিকি। কান ঝালাপালা হয়ে গেল তোমার_্ থরচের হিসেব শুনতে শুনতে!

মৃদ্ধ হয়ে ভলাতিয়ারদের দেখতে লাগলেন।

মলিনা। কিছুতে আসতে চাচিছলে না। দেখেছু এত সব কোন পুৰুষে? অনিরুদ্ধ। 'জয় হিন্দ্' জকার দিতে দিতে মার্চ করে গোল— আমার তো দিদি ইচ্ছে করছে, তুড়িলাফ দিয়ে ঐ দলের মধ্যে ভিড়ে পড়ি।

কেশব। খরচ-খরচা আমার—লাফ দেবার ইচ্ছে তো হবেই। আমার খরচাস্ত করতে পারলে ভাই-বোন তোমাদের ক্র্তির অস্ত থাকে না। আজ বলে নয়—ছত্রিশ বছর এই দেখে আসছি।

মলিনা। তোমার থরচান্ত করি? সত্যি কথা বল, ধন্মো কথা বল। সেই পাত্র কিনা ভূমি! এত কাল বিয়ে স্বয়েছে—সাইতলা থেকে ক-দিন কোথায় ভূমি নিয়ে গেছ?

অনিক্রন্ধ। ঘরকুনো মান্ত্র্য, লোক দেখলে মুখ ঢাকেন, চৌকি-দারের হাঁক শুনলে ভিরমি লাগে—উনি নিমে আদরেন ভোমার বাইরের আলোয়। হয়েছে আর কি!

কেশব। আমার লাগবে কোন ছঃথে ? তুমি সশরীরে বর্তমান — পালে-পার্বনে হামেশাই দিদিকে আলোক পান করিয়ে নিরে যাচ্চ। যত গোলমালের মূলে তো তুমিই!

অনিক্রন। আমি ? আমি আপনার কি গোলমাল ঘটালাম দত্ত মশার ?
কেশব। গোলমাল নয় ? বড়দলের হাটে গিয়ে তুমিই তো
হপ্তায় হপ্তায় খবরের কাগজ কিনে আন, সেই সব খবর দশজনকে
চাখিয়ে চাখিয়ে বেড়াও। নইলে এই হুজুগের বুরুন্তি এত নদী-গাল
মাঠ-জঙ্গল পেরিয়ে পৌছতে পারে সাইতলা অবধি ?

কেশব। গরজ নেই কাঁপ। মাথার। বেশি বুঝলেই তো খরচ! সবাই কোমর বেঁধে রয়েছ বোঝাবার জন্তে। তেত করে বললাম, শীতকাল আফুক—ধান-পাট কলাই-সর্বে ঘরে উঠুক, গাটে টাকা থাকবে, মনে স্থপেনায়ান্তি থাকবে—তথন ত্-দিনের জায়গায় দশদিন ধরে স্বাধীনতা দেখিয়ে আনব—

মলিনা। শোন কথা! তোমার সর্যে-কলাই ঘরে ওঠা পর্যন্ত মুল্জুবি থাকত বুঝি স্বাধীনতার দিন ?

কেশব। তবে কি? কর্পূরের মতো উবে বেত বাভাস লেগে? এতই যদি পলকা, দে জিনিষ দেখতে টাকা থরচ করে আসা কেন?

অনিক্রন। তুমি থাম দিকি দিদি। মিছে তর্ক করা ও-লোকের সঙ্গে!
কেশব। এ-ও তো বলেছিলাম, তোমাদের স্বাধীনতা—তোমরা
দেখেন্ডনে নেচে-কুদে এসগে। আমার রেহাই দাও। কিছুতে ছাড়লে
না—টেনে-হিঁচড়ে নিয়ে এলে।

অনিকৃষ্ণ। না আনাই উচিত ছিল। দিদি শুনলেন না। জঙ্গল-রাজ্যে থেকে থেকে একদম জংলি হয়ে গেছেন আপনি।

মলিনা। গরু-ছাগল চরিয়ে চরিয়ে তাদেরই সামিল হয়েছ। মান্ত্র বলাযায় না তোমাকে।

কেশব। আচ্ছা, একটা কথার জবাব দাও। স্বাধীনতার কত্টুকু কি দেখলে বল এতক্ষণ ঘোরাঘুরি করে? শুধুই হৈ-হল্লা। সত্যি সাত্যি যদি কিছু পেয়ে থাকি, তার চেহারা ফুটবে ছ-মাস ছ-মাস কি ত্-বছর ছ-বছর পরে। আজকে দেখবার কিছু নেই।…বেলা হয়েছে, বড় কড়া রোদ। চলো—

কেশব শহীদ-মগুপের বিপরীত দিকে চললেন।

অনিক্ষা ও কি, ওদিকে কেন? ও-পথে নয়---

কেশব। স্টেশনে যাথার পথ। সব পথ চিনি ভায়া। কতকাল কাটিয়ে গেছি এ জায়গায়! এগারোর গাড়ি চাপিগে এইবার—

অনিক্ষ। শহীদ-ম ওপে বাওয়া হবে না ?

কেশব। এত বেশিলাম, তবু গোঁ ধরে আছে। হাতজোড় করছি ভাষা সাঁইতলা পৌছে বসন্ত-ময়রার দোকানে সন্দেশ-রসগোল্লা তোমাকে ভরপেট থাওয়াব, এই কথা দিয়ে রাথলাম। আর বাগডা দিও না।

অনিক্ষ। সন্দেশ-রস্গোলার জন্ত শহীদ-মগুপে বেতে চাচ্ছি, এই আপনি ভাবছেন ?

কেশব। তা ছাড়া কি? আর কি আছে ওদিকে? স্নামাণ চেনা জায়গা--স্যাড়াসেজি আর শেয়াকুলেব জন্ধল—দেদাব কাশবন। আর এই যা শুনলাম তালে নাকি ক'টা মিষ্টির দোকান বসিয়েছে।

অনিৰুদ্ধ। অত লোক যাচেছ, দল বেধে মিছিল করে করে যাচেছ—
ভধুমিষ্টি যাবার লোভে ?

কেশব। থেবাঘাট ঐপিকে—গাঙ পার হয়ে বাজিঘরে যাচছে বোপ ক্যা । ত এপার-ওপার সমন্ত আমার নথ-দর্পণে। কতকালকাটিয়ে গেভি, থবর রাথ না তো! ঘাড় নাড্ছ? আমি বলছি, গলাকাটার চর— সন্ধার পর ভাবে কেউ ওদিককার গথ মাডায় না।

মলিনা। তক্কাতিকি ভাল লাগে না পথে দাঁড়িয়ে। তেইয়ে ছাতি ফেটে যাচ্ছে। মিষ্টি-মিঠাইয়ে কাজ নেই-—একঢোক জল পেলে বাঁচি। হাড়কিপ্লণ—উনি মিষ্টি থাওয়াবেন! ক্ষেপেছিস তুই অনি ?

কেশব। কনেত্ৰবল-ভাই, থাবার জল কোন দিকে? দেই নদী অবধি যেতে হবে?

গণপশি। ঐ যে—ভাল টিউকল আছে। পাশ দিয়ে চলে যাও। ঘটি আছে। কোন জাত, কি বৃত্তান্ত—ঘটি উচু করে মুথে ঢেলো। গণপতির দেখিয়ে-দেওয়া পথে কেশব ও মলিনা অদৃশ্য হলেন। অনিক্ষ। জল থেতে লাগ তোনর। আমি দেখে আসি, কিবাাপার শহীদ-মণ্ডপের ওদিকটায়।

অনিক্দ্ধ শহীদ-মণ্ডপের অভিনূপে চলে পেল। গণপতির পতাকাসজ্জা হয়ে তাছে। এমনি সনয় আজকের অফুষ্ঠানের কনা কয়েকজন এল। বাচাস গাছেছ তারা কোঁচোর কাপড়ে। গণপতি তাড়াডাট্ড ভিতর থেকে পাঁচছ'গান। ছাতপাগা এনে দিল।

গণপতি। এই যে াপাখা নিন। বোদে বড্ড কঠ হয়েছে। ভাব আনি ?

যোগেশ। না না-- দরকার নেই-

গণপতি। সরকারি গাছের ডাব হুজুর। বড়বাবুর হুকুমে পাড়িয়ে রেখেছি-—থাটাখাটনি করে বেড়াচ্ছেন, আপনাদেরই জন্ম।

ভোলা। আমাদের 'হজুর' বলছ কেন গণপতি?

গণপতি। মুখে এসে যাছে। এপিন সাহেবদের বলতাম— বলে বলে রপ্ত হয়ে আছে। এখন ধরুন, তাদের গদিতে বসেছেন তো আপনারা! ভাল হয়ে বস্তুন বেঞ্চির উপর। আমে আসহি—

বেঞ্তি কেউ বদল না। বাবাওায় কজন পা ঝুলেয়ে বদেছে; শার ক-জন দাঁড়েয়ে।

অনিল। যেদিকে তাকাও, পতাকা উড়ছে। আনাদের কত থক্ত আর কত স্থপ্নে রঞ্জিত ঐ তে-বঙা পতাকা! এমনি পতাকা উড়িয়েছিলাম কোহিমার। নেতাজি ডাক দিয়ে বললেন, 'হামারে ভাইয়ো, আজাদ-হিন্দকা কোরামি ঝাণ্ডা সরহার কো পরকার হামারি মাতৃভূমি কি জ্ঞান পর পাহারা লে বহা হার।' ত-শ বছরের পরাধীন ভারতবর্ষের প্রাস্তে হ্রস্ত বাতাদে পতাকা পত-পত করে উড়তে লাগল, স্বাধীন গভর্মেক্টের দৈত্যাহিনী আমরা সংগারবে অভিবাদন কর্লাম। লভাইয়ের কড়া আইনে নেতাজির আহ্বান দেশবাসীর কানে পৌছল না। অস্ত্রের অভাবে খাল্ডের অভাবে পাহাড়ে জঙ্গলে মুথ থুবড়ে পড়ে গেল মুক্তি-সৈনিকরা। আমাদেরই সর্বস্ব শোষণ করে বলীরান বৃটিশ জাতীয-পতাকা টেনে ছিঁড়ে ধুলোয় ফেলে দিল।

ভোলা। ওব আগেও ভাই আমবা স্বাধীনতার পতাকা উড়িয়ে ছিলাম বিবালিশেব আগণ্ট মাদে। একটা মাদ ইংরেজ-সবকারের কোন চিহ্ন ছিল না। আমাদেব আদালত, আমাদেব থানা-পোস্টাপিস
—এ অঞ্চলের মালিক হবেছিলাম আমবাই। থানাব উপর আজ এই কত পতাকা উড়ছে—দেদিন এইখানে আমাদেব দল এদে দাড়াল, সঙ্গে সঙ্গে গুলি-এষ্টি শুক হল বারাও। থেকে।

গণপ্তি এই সমহ কথেকটা ভাব কেটে নিয়ে এল ।

ভোলা। গণপতি, ভূমিও তো ছিলে সেই দলে? — আজকে কত খাতিব! ডাব গাওয়াচছ, 'হুজুব' 'হুজুব' কবছ।

গণপতি। হুকুমেন গোলাম হুজুব। এখন আপনারা হুকুম দিন। সেই সাহেবগুলোকেই কি বকম কচু-কাটা করি দেখতে পাবেন।

ভোলা হেদে ফেলল । আবাৰ বলে—

ভোলা। রক্তে রাঙা হয়ে গিষেছিল নেদিন সামনের ঐ পথের ধূলো। হাতে হাতে পতাকা এগুতে লাগল। মেয়ে-পুরুষ গুলি থেয়ে মুখ থুবড়ে পড়ল, কিন্তু হাতের পতাকা কেউ ছাড়ে নি—

যোগেশ। পুলিশের গুলির সামনে বুঁক পেতে দিথেছিলাম আমর। তোমাদেরও আগে—

কৈ গাঙের ধারে তিরিশ সালে ফুন তৈরি আর

ট্যাক্স-বন্ধ আন্দোলনের সময়। জনের ইাড়িকুড়ি ভেঙে চ্রমার
করল, ভলান্টিয়ারদের আন্তানা পুড়িয়ে দিল, লাঠি মেরে তাদের

হাড়গোড় ভাঙল— তুর্দম সত্যাগ্রহী একজন কেউ তব্ পিছু হঠে না।
আকাশ মন্দ্রিত করে গান্ধি-মহারাজের জয়ধ্বনি ওঠে। ট্যাক্সের
দায়ে থালা-বাসন গরু-বাছুর টেনে টেনে রাস্থায় ফেলছে, ঘরে ঘরে
শুঞ্ধবনি সেই সময়। ক্ষেণে গিয়ে পুলিশ তথন বেপরোয়া
বন্দুক ছোড়ে। কিন্তু মৃত্যুভ্য করে না অহিংস সংগ্রামীরা—বুক
ফুলিয়ে এগিয়ে এসে দাঁড়াল। বন্দুকে তাদের কি করবে ?

মুরারি। পুলিশের গুলির পালটা জবাব গুলি দিয়ে দিয়েছিল তারও কতকাল আগে ঐথানে—ঐ ভূমির উপর, সাঁইত্রিশ বছর আগে। আমি তথন ছেলেমান্ত্রয়। বাবা এথানকার কলেজের প্রিন্সিপ্যাল ছিলেন। আছা, কুমুদ বিপিন নিশানাথ আজিজ বেঁচে উঠে হঠাৎ যদি এসে পড়েন আমাদের মধ্যে! তাঁদের সাধনা সার্থিক হল এত দিনে, কত উল্লাস হত আজ বেঁচে থাকলে!

অনিল। সাঁই ত্রিশ বছর কেন—-তারও মাণের কথা ভাব ভাই।
সংগ্রাম আমাদের কি কম দিন চলছে? উত্তব দক্ষিণ পূর্ব
পশ্চিম যেদিকে খুশি দেখে এমগে সংখ্যাতীত নীলকুঠির ধ্বংস-চিহ্ন।
নুদ্ধের পরে রণক্ষেত্রের যে চেহারা হয়, ঠিক তেমনি। সালা রং ও
রাজার গোষ্ঠি বলে ইংরেজকে তারা রেহাই করে নি সেই দ্র অতীতে।
নীল-বিদ্রোহের অনামি চারীদের নমস্কার কর আজকের দিনে।

ভোলা। তারও আগে ওহাবি-আন্দোলন। পরাধীনতার জ্বালা এমন মিলারুল—সাধ্য ও সঙ্গতির হিদাব-বোধ থাকে না, সকল কাণ্ডজ্ঞান লোপ পেয়ে যায়। তিতুমীরের মতো বাঁশের কেলা গড়ে রুথতে যায় কামান-বন্দুক্ধারী ছুধ্ধ গোৱা-সৈন্তদল। পরবর্তী কালের নিশ্চিন্ত নিরাপদ শ্রোতার কাহিনী শুনে হয়তো বিজ্ঞাপ করে—

মলিনা ও কেশব জল েয়ে ফিরে এলেন। অনিকন্ধের জক্ম তারু শহীদ-মগুপের দিকে তাকাচ্ছেন। মুরারি। যুগ যুগ ধরে যেন হাজার হাজার শহীদের শোভাবাত্রা !
কথনো গলিঘুঁজি কথনে। বা সদর-পথে সগৌরদে পতাকা বয়ে নিয়ে
স্বাধীনতার এই দিনে এসে পৌছলাম—

যোগেশ। ঠিক! শোভাষাত্রার মতোই সংগ্রামের বিভিন্ন পর্যায়ের ছবিগুলো পর পর সাজিয়ে রেখেছে শহীদ-মণ্ডগে —

অনিকক্ষ এল।

অনিরুদ্ধ। শুন্নে তোদিদি ? শোন। আমি কিছু বলছি নে।
দত্ত মশায়কে শোনাও। আসল জিনিবটাই ফাঁকি দিয়ে স্টেশনমুখো
নিয়ে চলেছিলেন—

কেশব। (অনিল:ক) খুব মচ্ছব হচ্ছে নাকি, গ্লাকাটার চরে ?

কেশব। আমিও তে। জিজাস। কণতে পারি, গলাকাটার চর জানেন না—কোথার থাক। হয় আপনাব ু এ জামগাব ধূলো-মাট অবধি আমার মুখস্থ। কত বছর জিলাম এখানে জানেন ?

মলিনা। ছিলে না আরো-কিছু! ধাপ্ন। বিচ্ছু মিলছে না। বললে, চান করবার দীবি—গিয়ে দেখলাম বাবস্থাপের বাড়ি। যেখানে বললে হাসপাতাল, সেখানে মোটর-মেরামতি কারখানা। সভ্যিই তো! শহব জায়গায় গলাকটোর চর নিরে গলাবাজি করছ—বড়ে৷ ২য়ে ছঁশজ্ঞান তোমার লোপ পেথেছে।

মুরারি। ইাা, ইাা ভিল গলাকাটার চর—ছেলেবেলার দেখেছি। অনেক কালের কথা—সে সব দিনকাল নেই, সে মারুষজন নেই, কিচছু নেই। শহরের সেব। বাসিন্দাদের বাড়ি এখন ওদিকে। পিচের রাস্তা—বিশ ্রত অন্তর আলো। যেখানটাম চর ছিল, মন্ত বড় পার্ক মেখানে। রিভার-ভিউ পার্ক।

যোগেশ। বিভাব-ভিউ আৰু নয় মুবাৰিবাৰ্, ওব যে নতুন নামকৰণ হল—স্বৰাজ-পাৰ্ক।

অনিক্ষ। স্বাজ-পার্কেব আধা আধি জুডে বিবাট-মণ্ডপ হয়েছে দিদি। ঐ যত মান্নয—সবাই চলেছে। টিকিট-বিক্রিব গোপ-ছটোব সামনে কেবোসিন-কেনাব মতো লাইন হয়ে গেছে। আট আনা কবে টিকিট—

কেশব। বাবা বে।

অনিল। আঁতিকে উঠবাব কি আছে ? একুনে শ-দেডেক শহীদেব ছবি। বেশি হবে তো কম হবে না। মাত্র আটি আনা সব দেখতে পাবেন।

মনিকর। শতীদ বস্তটা কি হল, একটু বদি বুঝিলে দেন —

অনিল। শহীদ জানেন না? কোন যুগেব লোক? কোন ধাপবাড-গোবিলপুৰেব বাসিল গ

ভোলা। গালিগালাজ কৰ কেন অনিলা? যাবা দেশেৰ কাজে প্ৰাণ দিশেছেন, তাঁদেৰ শহীদ বলা। যেমন কুমুদনাথেবা— লভাই কৰতে কৰতে ঐগানটাম যাবা প্ৰাণ দিয়েছিলেন।

কেশব। ছবি দেখবাৰ লোভে লোকে প্ৰসাদিয়ে মণ্ডপে ঢুকছে ? শহীদদেৰ কি চাৰটে হাত আৰু আট্পানা কৰে পা ?

মনিনা। পুমি তো জগতে কেবল প্ৰসাহ চিনেহ। স্বাই তোমাৰ মতো ন্ব। কাদেৰ ছবি সেটা বিবেচনা কৰ।

মুবাবি। বটেই তো । আজকেব এই স্বাধীনতা ওঁদেবই আস্মাদানের পুলো। আমাদেব শুংব ছোট হলেও শুণান-মণ্ডপেব অনুষ্ঠানটা সামাল ব্যাপাব ন্য। মিনিটোব এসে পতাকা ভুলবেন, অনেক বড বড় জামগাব নিমন্ত্ৰণ ছেড়ে এখানে আসছেন। স্বদেশি-গানেব জলসা বসেছে সকাল থেকে, কলকাতাব বছ বছ আটিইবা এসেছেন। কেশব। বোঝা গেল এতক্ষণে। দেশি মন্ত্রী আসছেন, নানা জনের রকম-বেরকমের দরবার। পতাকা তোলার সময় হাজির থেকে সবাই মন্ত্রীকে তোয়াজ করতে চান। তাদ দিয়ে দাও মন্ত্রীমশায়ের বক্তৃতা, বাতিল কর কলকাতার আর্টিস্টের গানের আসর, টিকিটের দর তু-আনায় নামিয়ে দিলেও সিকির সিকি বিক্রি হবে না।

মুরারি। বলতে চান, অক্বতজ্ঞ আমার দেশের মান্ত্য ? কোন শ্রন্ধা-সম্বম নেই আত্মনিবেদিত শহীদঙ্গনের উপর ?

কেশব। (অস্বাভাবিক রাঢ় কণ্ঠ) না, না, কিচ্ছু নেই। ঢের জানি ওদের—চিনতে কিছু বাকি নেই। মজা দেখতে ওরা টিকিটঘরের জানলায় ভিড় করছে। যেমন মাত্র্য যাত্রা-থিয়েটার দেখতে যায়। এই যেমন আমরা চল্লিশ টাকা গাঁটে নিয়ে সাইতলা থেকে স্বাধীনতার মজা দেখতে বেরিয়েছি।

অনিল। ছি-ছি! এমন হান ধারণা স্বাধীনতার উৎসব সম্পর্কে?
মলিনা। (কেশবের প্রতি) রাস্তায় দাঁছিয়ে ঝগড়া কববার জন্ত কি আমরা এদুর এসেছি গাঙ-খাল ঠেলে?

কেশব। (সহসা যেন সন্থিৎ গোলেন) না—না, স্মৃতি করতে, গান-ৰাজনা শুনতে, মজা দেখতে। চলো, তাই চলো—

দিতীয় দুগ্য

শহীদ-মগুপের ভিতরে

কদেশি গানের জলসা বসেছে। কেশব মলিনা ও অনিরুদ্ধ এক সময়ে এলেন এই আসরে। কিছুক্ষণ গান শুনে ভারা অস্তুত চললেন।

তৃতীয় দৃশ্য

দরমার লখা বেডা। উপরে হাত তিনেক চওড়া গোলপাতার ছার্টন। বেডার বায়ে অগণন ছবি। জাহাঙ্গির বাদশার দরশারে জার টমাস রো এলেন—সেই ঘটনা থেকে অধুনাতন নৌ-বিদ্যোহ অবধি। ইংরেজের ভারত-গ্রাস এবং কাধীনতা সংগ্রামের সমগ্র ইতিহান ছবির মধ্য দিয়ে বিসূত হবেছে। সব ছবি অবশ্র আমাদের নজরে আসছে না দেনানা ব্যস্ত ও নানা পোশাকের নেযেপুক্য যুরে দুরে দেখছে।

সামনে শহীদ বেদি। মাটি ভুলে থানিকট। জায়গা উচ্ করা হয়েছে, তারই
কেন্দ্রগে বড় একথানা ছবি—কম্দনাথ প্রভৃতি পুলিশের সঙ্গে সংগ্রাম করেছিলেন,
তারই কাল্লনিক দৃগ্য। ছবির চারিদিক ফ্ল লভা পাতা দিয়ে মাজানে। য়তের
নীপ জলতে।

েদির সামনে প্রাঙ্গণের কেন্দ্রস্থলে পতাকাদত্ত। এগন পতাকা ক্রন্মিত। মুর্গ্রা এশে সভি ধ্বে টান দেবেন পতাকা তথন দত্ত্যে শিয়েমুক্ত থাকাশে উভূবে।

অনিক্লন দেখ—দেখ দিদি, কি চমংকার সাজিয়েছে বেদির উপর্টা!

মলিনা। ছবির নিচে কি লেখা আছে, পড়ু তো ভাই--

অনিক্দ্ধ। (পড়ল) সাঁইত্রিশ বৎসব পূবে এই পনেরই আগস্ট তারিথে বিপ্লবী কুমুদনাথ রায়, আর্ত্র আজিদ্ধ, নিশানাথ মিত্র ও বিপিন-চক্র চট্টোপাধ্যায় এইস্থানে বিদেশি সরকারের সহিত প্রকাশ্য যদ্ধে আয়দান করেন।

মলিনা বেদির প্রান্তে মাধা ঠেকিয়ে প্রণাম করলেন। তলগতভাবে তাকিয়ে রইলেন ছবির দিকে।

মলিনা। গুলি করছেন। বাপরে বাপ, নলের মুথ দিয়ে কি রকম আ গুন বেকচেছে!

যজেশ্ব ও শিশির এল। বেদির প্রান্তে উঠে দাঁড়িরে যজেশ্বর বলে—

যজ্ঞেশর। এমন বিশৃষ্থল ভাবে ঘুরে ঘুরে বেড়াবেন না—আপনারা তীর্থভূমিতে এসেছেন, সকলের তেমনি শ্রদ্ধানত মনোভাব থাকা উচিত। আজকের অফুষ্ঠানেব সভাপতি মাননীয় মন্ত্রীমশায়ের মোটর-লঞ্চ এসে পোঁচেছে। আরও ছ-জায়গায় পতাকা তুলে আসছেন, সেজক তার এথানে আসতে একটু দেরি হছে। এই যে বেদি দেখতে পাছেন—শগীদের আয়দানে মহিমময় এই ভূমি। অনেকে হয়তো সেই পুরাণো ইতিহাস জানেন না। বল না হে শিশির, কাহিনীটা ততক্ষণ এঁদের শুনিরে দাও—

ৰজেগ্নর বেদি থেকে নেমে ব্যস্তভাবে বেধিয়ে গোল। শিশিব ৬১১ সে বেমন গুলেছে, তেমনি ভাবে কাহিনী বলতে পাগল—

শিশির। জনহীন দ্ববিস্থৃত চব ছিল এখানটায়। আজকের দিনে কল্পনাও করতে পাববেন না দে দম্মকাব অবতা। এই যে কয়টি ছবি পাশাপাশি --পুলিশ কুকুর-শিমালের মতো এদের তাড়া কবেছিল। শেষকালে এই জাযগায় উলুবনের মধ্যে এঁরা আশ্রা নিলেন। তথন ননী ছিল অনেক বড়, শহব ছিল মাইল ছ্যেক দ্রে, প্রাণো-ক্ষবা বলে এখন যেটাকে। সশস্ত্র দল্লন নিয়ে চাবিদিক দিয়ে পুলিশ এঁদের আটকে ফেলল। দলের নেতা কুমুদনাথ তথন আদেশ দিনেন—

শিশিরের বক্তায বাধা দিয়ে কেশব বললেন--

কেশব। কুমুদনাথ ওর ভিতর কোনটি মশার ?

শিশির। সকলের আগে ঐ যিনি। দলের নেতা—বুঝতে পারছেন না? পিওল ছুড়ছেন—

কেশব। নেতার চেহারাই বটে! মাথার এলবার্ট-টেড়ি, ঢোলা-পাঞ্জাবি গারে, ফিনফিনে কোঁচা উড়ছে, পারে পাম্প-শু। কার্তিক ঠাকুবটি যেন মযুর ছড়ে পিন্তল হাতে নেমে এসেছেন। বেড়ে ছবি!

শিশির। শিল্পীব আন্দাজে আঁকা ছবি—একটু হেরফের হতে

পাবে। লভাইষেব সমষ্টা ফোটো তুলে বাথে নি তো কেউ। কোন ছবি পাওয়া গেল না ওঁদেব।

কেশব। জানত না তো, তোমবা একদিন আমোদ-সূর্তি কববে তানেব সেই লডাই নিঘে। বোকা, বোকাব দল। নিজেদেব অস্তত এক একটা কোটো কুলে নাম সই কবে বেথে যাওয়া উচিত ছিল।

মলিনা। (তাড়া দিবে উঠলেন) লজ্জ কাব না এঁদেব সম্বন্ধে এই সমস্ত বলতে ৪ মাস্ব্য, না –কি ভূমি ৪

া র আবার আবস্ত বর্ল

শিশ্ব। বাংলাব এই অথাতি প্রাতি পদপিত কোটিব মুক্তি-সাধনাত নিংশলে এবা আত্মদান কবে গেছেন। বিদেশিব কত শাসনে গেদিন আমবা নিধানটা অবধি ফেল. ই সাইস কবি নি। অবীনতা-অপমানেব অবসান আগতেব 'দন পেবে। দেশ আমাদেব, দেশেব প্রিগঠনেব সমত ভাব আনাদেব গোব স্বানীনভাব স্বর্গরাব দিয়ে প্রবেশ ক্যাব সমা এঁদেব উল্লেক্ত প্রবাম নিবেদন কবব আমবা। প্রাবা-উত্তোলনেব পর মাননীত মন্ত্রীমশাত স্বর্গরে শুটাদদেব মালাদান কববেন। তারপ্র এই সকলে

মলিল। আন মালা দেব। নাল কোঝা পাওবা যায়, দেখুতো আনি—

অনিক্ষ। (অনিলকে) মাল পাওা। বাবে ব ছোকাছি কোথাও ?
মনিল। চেৰ এন – কত চাই ? শেট-পাশ নিয়ে বেৰিযে যান।
থানা ছাডিয়ে ডানদিকে একটু এগিয়ে দেগতে পাবেন। লোকে
দেদাৰ কিনছে।

কেশব। আছে। ভাই, গান্ধিট়পি-ম'থ। সাকাচুল ঐ যে লোকটি গোডায এসে ত্র্থিভূমি-টুমি এলে গেলেন, কে উনি ? অনিল। ওঁকে চেনেন না ? বিণ্যাত মাতুষ। রায়সাহেব— শিশির বেদি থেকে নেমে এসেছে ইতিমধ্যে। সে প্রতিবাদ করে বলল—

শিশির। রায়সাহেব নন, উপাধি ত্যাগ করেছেন। এখন শুধু যজ্ঞেশ্বর চক্রবর্তী—

কেশব। চিনেছিলাম ঠিকই। কিন্তু কথাবার্তা শুনে সন্দেহ হল, যজ্ঞেশ্বর চক্রবর্তীর মুখ দিয়ে ওসব বেরোর কি করে? সত্যি ভাই, অবাক হয়ে বাচ্ছি, থানার অস্তাঙ্গে জাতীয় পতাক।—তারও চেয়ে বেশি আশ্চর্য, যজ্ঞেশ্বরের ঐ স্বদেশি বক্তৃতা—

মলিনা। টাকা দাও, অনি মালা নিয়ে আস্কুক।

কেশব। রাহা-খরচ থাকবে না কিন্তু। মণ্ডপে চুকবার টিকিট করতে হয়েছে তিন জনের দেড়টাকা, তার উপর নালা চাবগাছি নিদেন পক্ষে ত্ৰানা তো বটে!

মলিনা। চারগাছিতে কি. হবে ? ঐ ওঁদেব ওঁদের সব দিতে হবে না? কেউ ওঁরা কম নন।

কেশব। (গভীর কণ্ঠে) ঠিক বলেছ—কেউ ওরা কম নর।
এক একজন জাতির নতুন ইতিহাস গড়ে গেছে। আজকে ছবি—
অচল নিম্পাণ ছবি। যাড় নাড়বার শক্তি যে নেই—তা হলে দেখতে
পেতে ভণ্ডদের হাত থেকে মালা নিতে ওরা অস্বীকাব করত।

অনিরুদ্ধ। দেখ দিদি, দত্ত মশায়ের চালাকি। এই সমস্ত বলে মালার প্রসা বাঁচাবার ফিকির।

মলিনা। আমছো, তুমি কি! এত সমস্ত শুনবার পরেও আজা-ভালবাসা হল না? টাকা নিয়ে চলে যা তুই আনি।

কেশব। উহু : আমি যাচ্ছি। ভাইবোন তোমাদের বিষম শ্রদ্ধা
— ঝাঁকা-ভরতি হয়তা বেলফুলের গোড়ে মুটের মাথায় দিয়ে হাজির
করবে। দায় ঠেকতে হবে না তো! আমি দেখে আসি, গাদা-দোপাটির

মালা পাইকারি হারে বিদ বাবস্থা কর। যায়। মালাওয়ালা বেটাদেরও মরশুম পড়ে গেছে, বুঝতে পাবছি। সবাই ত্-পয়সা পিটছে—আমিই কেবল চল্লিশথানি করকরে টাকা গচ্চা দিয়ে গেলাম।

ফেশৰ দ্ৰুত দেরিয়ে গেলেন।

চতুৰ্থ দৃশ্য

সেই রাস্তা

এক বৃদ্ধা পথের ধারে লাভিযে আছেন। সাঁইতিশ বৎসর আগে এঁকে আমেরা দেশেছি— উমা। এখন পলিতকেশ কীণদৃষ্টি। উমা তাঁর ভাই মুরারির সক্ষে কথা বলছেন।

উমা। থবর নিলেছিস ভাই ? পথের ধারে এমনি ভাবে দেবে তোদেথা করতে? মন্ত্রীমশার চটে যাবেন না?

মুবারি। দেশি মন্ত্রী—নিজেই একসময় কত নির্বাতন ভোগ করেছেন! তিনি লোক ভাল। চটে যাবে সাঙ্গোপাঙ্গরা—ওঁকে ভাঙিয়ে যারা ত্ব-পয়সা কবে থাচ্ছে।

উমা। তাই তো!

মুরারি! কিন্তু পথ আটকে এই রকম ছ-এক কণা বলা ছাড়া উপায়ই বা কি? অফিসারদের থপ্পরে গিয়ে পড়লে তথন সেই সাবেক আমলের লাল-ফিতের বক্স-আঁটুনি। সে বন্ধন ভেদ করবার মতো সই-স্থুপারিশ কিম্বা টাকার জোর আমাদের নেই।

উমা। রোদ চড়ে উঠেছে, দাড়ানো বাচ্ছে না। আর কত দেরি আসবার ?

মুরারি। দেরি হবেই। একটা-ঘটো তে। নর—সমন্ত পথে পতাকা তুলে তুলে আসতে হচ্ছে। লক্ষীপুজোর দিনে পুরুত যেমন ফুল ফেলে বেড়ার, তেমনি আর কি!…এ যে অত^{্র}শন্থ বাজছে, উলু দিছে, ভনতে পাছে না? উমা। আমার একবার কি মনে হল, জানিস? আজকে যেন ছেলে ভূমিষ্ঠ হচ্ছে বাড়ি বাড়ি—গোনার পাটার মতো প্রমন্ত সব ছেলে—

মুরারি। কি যে বল! একই দিনে এতটুকু এই শহরে একসঙ্গে জন্মাল দেডশ ত্ব-শ ছেলে ?

উমা। খাসছিস ? কিন্তু দেড়শ কিন্তা ত্নশ বেশি খল নাকি রে ? তারাও অনেক ছিল। বলে গিয়েছিল, আবার ফিরে আববে নাবের কোলে—দেশ স্বাবীন খলে সেই সময়।

মুবারি। কারা দিদি?

উমা। ফুলের মালার মতো ছাসিমুখে বারা ফাঁদির দড়ি গ্লাব পরেছিল, পটাশিলাম-সাইনাইড থেরে কিন্ধা নিজের পিন্তলের নল গলার ঢুকিয়ে গুলি করে বারা কলা দেখিয়েছিল শঠ ইংরেজেব আচন-আদালতকে—

মুরারি। ঠিক বলেছ, জন্ম নিয়েছেন তারা। লাখ লাখ এয় জন্মেছেন। দেশের প্রাত এত নমতা এই যে দেখতে পাও ঘরে ঘরে গণমান্মবের মধ্যে—মাদের ভয়ে পৃথিবীর সেরা কৌশলি ইংরেছ-শাক্ত জাহাজ ভাসিয়ে বিদাঘ নিতে বাধ্য হল, এ তো তাঁরাই। আগেই এসে গেছেন দিদি, থাকতে পারেন নি। পরাধান দেশে আবার জন্ম নিয়ে স্বাধীনতা ছিনিয়ে আন্লেন।

কেশব বাস্ত হয়ে যাছেন এই দিক দিয়ে। মুবারিকে জিজাদা করলেন—

কেশব। মাল। বিক্রি ২চ্ছে কোন্ দিকে ?

মুরারি। ডাইনে মোড় ঘুরুন। রাপ্তায় ধারে অচেল ফুল কাঁড়ি করে মালা গাখছে, দেখতে পাবেন।

কেশব চলে গেলেন।

উমা। কেরে? মুরারি, কে উনি? জানিস? নাম কি ওঁর?
মুরারি। ঐ যিনি আসছেন? আকাস আলি মিঞা—সব চেয়ে
বড় রুথ-মারচ্যাণ্ট এখানকার। পাকিন্তানে বাড়ি, কিন্তু এখানেই রয়ে
গোলেন। সেই যে বীর আজিজ—গলাকাটার চরের লড়াইযে প্রাণ
দিয়েছিলেন (মুরারি ত্-ছাত তুলে উদ্দেশে নমস্কার করল)—তার বোনের
ছেলে, খাঁ সাহেব আবত্ল জকারের অগাধ ঐশ্বর্যের মালিক।
তুমি দেখেছ দিদি, এঁর ছেলে ব্যসে। আলি সাহেব যে! রাস্তাম ঘুরে
ঘুরে বেড়াচ্ছেন, শহীদ-মণ্ডপে চুকলেন না?

আকাস লালি এনেন — সেই যাকে খামরা ফলারের দোকানে দেখেছিলাম। তথন ভেলেমাকুষ ভিনে।

উমা। ওর কথা ব্যাছি না ম্বারি। ঐ যে একটু আগে কে-একজন মালার গোঁজ করলেন, গলাটা যেন বচ্চ চেনা। কথা বলবার মেই চং। চিনিস উকে ?

সুরারি। না দিদি। আজকেব দিনে একা এ রক্ম ভাবে বেড়াচ্ছেন কেন আনি সাহেব ?

আব্বাস। হদানী গনে হত ভাই, হ'বেজ-শাসনে দিবি শান্তিতে ছিলাস—নিকুচি করেছে স্বাধীনতার। আজ প্রথম চেউরে তাজ্জব হয়ে গেছি। জাত-বেজাত হিন্দু-স্সলমান ঝগড়াঝাটি ভূলে স্বাই গলাগলি হয়ে আমোদে ভাদছে। এই ভাব এখন টিকলে হয়। সাগর-পারের আপদ বিদায় হয়ে গেছে, না টিকলারও কারণ নেই অবিশ্বি। এত ধকল কাটিয়ে—আর শেষ মহড়াম দাঙ্গার ছোরাছুরি বাঁচিষে ভাগ্যিস্বাবৈতে আছি এই দিনটা চোধে দেখবার জন্ম!

ম্রারি। ভিতরে যান। চেযার আছে আপনাদের জন্ত। মন্ত্রী-মশার আসবেন এইবার। আপনারা বিশিষ্ট ব্যক্তি ঘুরে ঘুরে বেড়ালে সভা জমবে কেন? আব্বাস। হাসির কথাও বটে ! ঘুরে বেড়াচ্ছি, একজন পুরানো থাতক আছেন—যদি তিনি দেখা দেন আজকের দিনে। কথা দিয়ে গিয়েছিলেন। নানার দোকানের টাকা, আর নানীর হার-চুড়ি প্সোনার এই চড়া দাম—তার উপর সাঁইত্রিশ বছরের স্থদ, তস্তু স্থদ—একুনে কত দাড়িয়েছে হিসেব করে দেখুন—

মুরারি। কে বলুন তো খাতকটি?

আব্বাস হাসতে হাসতে মণ্ডপের দেকে চলনোন।

উমা। সেই মাত্র্যটি—মালার গোঁজে চলে গেলেন —কেমন দেখতে বলু দিকি ভাই ? ফর্শা—কোকড়ানে। চুল ?

মুরারি। না দিদি। তামাটে রং, হাড়-বের-করা চেহারা, সমস্ত মুখে বিশ্রী বসন্তের দাগ। এ যে, ঐ যে—মাল। নিয়ে ফিরে যাচ্ছেন আবার তিনি।

উমা। ডাক দে। এদিকে আসতে বল্। অত দূরে একেবারে ঝাপসা। কাছে এলে চেষ্টাচরিত্র করে যদি একটু দেখতে পাই!… দেখতে না-ও যদি পাই, কথা বলব ত্ব-একটা—

মুরারি। শুনছেন মশায়, আমার দিদি ডাকছেন একবার স্থাপনাকে।

কেশৰ কাছে এলেন।

কেশব। আমায় ডাকছ?

উমা। কিছু মনে করবেন ন।। আপনার গলা বড্ড চেনা লাগছে অনেক কাল আগেকার আর-একজনের গলার সঙ্গে মিলে যাছে। আমার চোথ খারাপ কিনা—

কেশব স্থিরদৃষ্টতে উমার দিকে তাকিয়ে রইলেন।

কেশব। আমার নাম কেশবলাল দত্ত—

উমা। তাই হবে। তাথের সামনে সমস্ত ঝাপসা, কানে শুনে চিনতে হয়। তা এক রকমের গলা কত জনেরই থাকতে পাবে।

কেশব। কার কথা বলছেন ? আপনার কোন আত্মীয় বুঝি ?

উমা। না, কেউ নয়। অনাত্মীয়—একেবারে পর। তাঁরা তো মাপ্তব নন, পাষাণ—পাষাণ-দেবতা। কোন বন্ধনে বাঁধা যায় না তাঁদের। যাক গে।

উমা হেদে উঠলেন।

উমা। বড় ভাগ্যি যে চোগ নেই। চেহারা দেখতে পাচ্ছি নে— যত বারই আপনার সক্ষে কথা বলছি—মনে হচ্ছে, সেই সেকালের একজন বেচে উঠে আমার সামনে দাড়িয়েছেন। বড় মজার ব্যাপার— না? কুমুদনাথ-উদের মালা দিতে বাচ্ছেন? ধান—

কেশব। আপনি যাবেন না?

উমা। না, উৎসবে আসি নি আমি। এ উৎসব আমাদের নয়। নদীর ঐ ওপারে আমাদের বাড়ি, আমরা ভিন্ন-রাজ্যের মামুষ। মন্ত্রী আসবেন, তাঁর সঙ্গে দেখা করতে এসেছি। আমার ভাই এই মুরারি—স্বদেশি কাজকর্ম করে, মন্ত্রীমশায়ের সঙ্গে জানাশোনা আছে —তাঁর কাছে স্থপারিশ করে দেবে, তাই দাড়িয়ে আছি একে নিয়ে।

কেশব। মন্ত্রীকে কি: দরকার?

মুরারি। রাজনীতির পাশাথেলায় উদ্বাস্ত আমরা—ভিক্ষার ঝুলি নিয়ে শহরের পথে দাঁড়িয়েছি। উমা। এ-পারের দিকে নতুন ঘরবাড়ির কোন একটা ব্যবস্থা বদি করে দেন মন্ত্রীমশায়—

কেশব। কেন, পুরানো ঘর কি হল ?

উমা। কুমুদনাথের ছবি টাঙিয়ে এরা ধ্ণধুনো দিচ্ছে—সামি তাঁরই গ্রামের মান্ত্রষ, ছোটবেলা থেকে একসঙ্গে বড় হয়েছি। ভারতের স্বাধীনতার জন্ম তাঁরা প্রাণ দিয়ে গেছেন, কিন্তু কুমুদনাথের দে-গ্রাম আজকে আর ভারতবর্ষে নয়। বেঁচে থাকলে কুমুদনাথ ভারতবাসী বলে পরিচয় দিতে পারতেন না। হুষ্টকতের মতো ভারতের অক্থেকে কেটে আমাদের বাদ দিযেছে।

অনিল এল দেশানে।

অনিল। দিলই বা! আপনাদের গ্রামও স্বাধীনতা পেয়েছে। ইংরেজের রাজত্ব ঘুচে গেছে ওপারের অঞ্চল থেকেও। ভিন্ন রাষ্ট্র হোক, পুথক নাম হোক—কি আসে যায় তাতে ?

উমা। দেশের মুক্তির জন্ম আজিজ-কুমুদনাথের। পাশাপাশি প্রাণ দিয়ে গোলেন—কিন্তু মুক্ত দেশ গড়ে তোলনার কাজে আজিজ-কুমুদনাথের ভাইরা মিলতে পারল না, এপারে-ওপারে মুথ ফিরিযে বসে রইল। এ কি কম ছংথের ব্যাপার ? ছ-অংশের কাবে। এতে কলাণ নেই।

মুরারি। জাতি সংহতি হারাবে, ব্যাপার-বাণিজ্য রসাতলে যাবে, জীবনযাত্রা হুর্বহ হয়ে উঠবে হু-অ॰পের বাঙালির—

অনিল। এপারের ভিড় বাড়িয়ে নতুন ঘর বাঁধাই কি তার প্রতিকার?

অনিল। একটা কথা জিজ্ঞাসা করি। ওপারের লোক কি ঘর ভূলে বসত ওঠাচ্ছে আপনাদের ?

মুরারি। না। বরঞ্চ যত্ন করছে থাকবার জন্ত। পরম যত্ন করছে। তবু চলে আদতে হচ্ছে। আদতে হবে, উপায় নেই। রাষ্ট্র আলাদা হল, রাষ্ট্রনীতি আলাদা হলেই তো! এত হাঙ্গামা নইলে নিরর্থক। একটা ধর্মীয় রাষ্ট্র, আর একটা ধর্মনিরপেক্ষ। বাংলাদেশ শুরু থণ্ডিত হল না, রাষ্ট্রস্বার্থে বাংলা-সংস্কৃতিরপ্ত থণ্ডন-চেষ্টা অবশ্যস্তাবী। তাই, যারা যে ভাবের ভাবুক, যে জীবন-বীতিতে অভান্ত-মনোমত পরিবেশে তারা দর সরিয়ে নিয়ে যাবেই। স্বাধীনতা-যুদ্ধে অনেক ক্ষয়-ক্ষতি হয়েছে—এই দর-ভাঙাভাঙি স্বাধীনতার চূড়ান্ত মূল্য। তাই সামায়কে পাশ কাটিয়ে পালাতে দেব না, পথ আটকে দাভিয়ে আছি দিনির গাত ধরে।

কেশব শুনছিলেন। অনিরুদ্ধ এল এই সময়। কেশব কুদ্ধপুরে তাকে বললেন—

কেশব। থোঁজ করতে পাঠিয়েছে তোমার দিদি? বলগে, আমি পালাই নি। অার বলগে, মালা দেবার দিন আসে নি এথনো। অনেক —অনেক বাকি।

কেশব হাতের মালা ছিঁড়ে মাটিতে ফেলে দিলেন। বলতে লাগলেন-

কেশব। অনিক্ল, তুমি বরাবর বলেছ ভাঙা-বাংলা জোড়া লেগেছে। মিথ্যে সমস্ত ? জঙ্গল-রাজ্যে চাষবাস নিয়ে চুপচাপ ছিলাম, বাইরের থবরাথবর জানতাম না। তোমরা শহরে-বাজারে ঘোরাফেরা কর, থবরের কাগজ পড়, সবজাস্তা বলে জাঁক করে বেড়াও। জেনে-ভনে বাজে ভাঁওতা দিয়ে এসেছ তা হলে আমাকে ?

অনিক্ষ। বাজে ভাঁওতা?

কেশব। হাঁ।—তাই। সাঁইজিশ বছর আগে আজিজ-নিশানাথ-বিপিন রক্ত দিয়ে এই মাটি রাঙা করেছিল। সে দিন যা ছিল, আজকেও তাই। অবিকল দেই অবস্থা। ভাঙা-বাংলা আর্তনাদ করছে। বঙ্গভঙ্গ রদ হয়েছে বলতে ∵কোথায় ?

কেশবের চোপে উদ্ভান্ত দৃষ্টি। অনিরুদ্ধ ভয় পেয়ে তাঁর হাত ধরল।

অনিরুদ্ধ। চলুন দত্ত মশায়। দিদি একা রয়েছেন, ব্যস্ত হচ্ছেন।

কেশব হাত ছাড়িয়ে নিলেন।

কেশব। না, আমি থাকব এথানে। মন্ত্রীর সঙ্গে দেখা করব।
নিশানাথ-আছিজ-কুমুদ ভিন্নদেশের লোক—স্বাধীন ভারতভূমির তারা
কেউ হল না, আর ভূঁইফোড় যত স্থাের পায়রার দল চুটিয়ে রাজ্য
করবে—এত বড় অবিচার চলতে পারবে না। এই কথাটা সোজাস্থাজি
ব্রিয়ে দিতে চাই উপরওয়ালাদের।

কেশব উমার পাশে গিযে দাঁড়ালেন। এমনি সময় সোরগোল উঠল, মন্ত্রী আসছেন। ভলান্টিয়াররা জনতা-নিয়ন্ত্রণ করছে।

শিশর। তফাৎ যাও। ভিড় কোরো না—
কেশব। কথা আছে তোমাদের মন্ত্রীর সঙ্গে।
কেশবের কথায় যজেখর সরোধ ভূমিতে ছড়ি উ'চিয়ে এগিয়ে এল।

अएसमा मिश्र ।

যজ্ঞেশার। ও:—লাট সাহেব দাঁড়িয়ে হুকুম ঝাড়ছেন, কথা আছে
মন্ত্রীর সঙ্গে! মন্ত্রী তোমার হুকুমের তাঁবেদার, তোমার ভিটেবাড়ির
প্রজা! কথা থাকে তো যেও কলকাতার ওঁর অফিসে। এখানে
কালকের দিনটাও থাকবেন আমার বাড়ি। বরঞ্চ সেথানে গিয়ে

কেশব। এই যে রায়সাহেব যজ্জেখর চক্রবর্তী—নতুন যজ্জেও এর মধ্যে জমিয়ে নিয়েছ দেখছি। ভাগ্যবান ব্যক্তি।

যজ্ঞেশর তীক্ষদৃষ্টিতে কেশবের দিকে তাকাল। শিশিরকে চুপিচুপি বলে— যজ্ঞেশর। কে হে বুড়োটা ? চেনো নাকি ? শিশির। না। · · পাগল-টাগল হবে, নইলে এমন ইতর কথাবার্তা মুখ দিয়ে বের করতে সাহস করে ?

যজ্ঞেশ্বর। যাক গে। আনন্দের দিনে হাঙ্গামায় কাজ নেই। কেউ
কিছু বোলো না ওকে—বুঝিয়ে-স্কুজিয়ে গেটের মুখ থেকে সারয়ে নিয়ে
বাও। ভিতরে সব ঠিক আছে তো ছে? গানের মেয়ের।
এসে গেছে?

যজ্ঞেখর মণ্ডপের দিকে চলল। কেশবের চোণের আন্ডাল হওয়ার জন্মই বুনি এত বাস্ততা।

শিশির। আপনারা সব ওদিকে যান। পথ থালি করে দিন দিয়া করে। অন্তর্গান চুকে যাক—আমি ব্যবস্থা করে দেব মন্ত্রীমশায়ের সঙ্গে কথা বলবার—

কেশব। জানি, জানি। কাজ চুকিয়ে যজেশ্বরের দোতলায় নিয়ে তুলবে। চেলা-চামুণ্ডা তোমরা কড়া পাহারায় থিরে রাথবে।…সে হচ্ছে না—পথ ছেড়ে নড়ছি নে। কিছুতে না।

স্থীল মাসছেন—কুম্দনাথের দলের সেই স্থীল গলাকাটার চরে যিনি ধরা পড়েছিলেন। স্থীলের আগে পিছে করেকদ্বন পুলিশ-মফিসার ও কনেষ্টবল। কেশব ক্ষত চললেন সেদিকে। ভলন্টিরারের। গাঁঠা করে ৬১ল, বাধা দিতে যায়। বাধা নামেনে কেশব স্থীলের সামনে গেলেন।

কেশব। স্থশীল ? তোমার ধরে নিয়ে যাচ্ছে স্থশীল ? সাবার কি কাণ্ড করে বসলে আজকের এই দিনে ?

স্থীল কেশবের দিকে তাকালেন। তারপর হাত জড়িয়ে ধরলেন কেশবের।

স্থাল। কে? কে সাপনি?…কুমুদ-দা? বেঁচে আছ ভূমিদানা?

কেশব ওঞ্জে ছাত দিয়ে সোরগোল করতে নিরেধ করলেন। চদণা গলায় বললেন— কেশব। চুপ! বেঁচে থেকেও মরে রয়েছি। তিলে তিলে আব্দানাশ করেছি। বাদাবনের মধ্যে অসাড় শব হয়ে সাঁই ত্রিশ বছর কাটাছিছ। জীবস্ত জগৎ, মাহুষের সমাজ—কোন-কিছুব সঙ্গে সম্পর্ক নেই।

অতএব কেশবকে কুমুদ নামেই উল্লেখ করা যাক।

স্থীল। আর লুকিয়ে থাকতে হবে না কুমুদ-দা—

কুমুদ। থবর রাথ না, কতগুলো চার্জ আমার নামে। বার কুড়িক ফাঁসি দিয়েও শান্তি বোধহয় শোধ হবে না।

স্থাল। কোন চার্জ নেই তোমাদের কারো নামে। পাণা উলটে গেছে। তোমার অধমাধম শিশ্য—সে আজ রাইটার্স বিস্তিং-এব ° চূড়ায পাথার নিচে অফিস-চেয়ারে বসে চুটিয়ে মন্ত্রিত্ব করচে। যে রাইটার্স বিল্ডিং-এ একদা রিভলবার নিযে আমাদেরই ক-জন লড়াই করতে উঠেছিল।

কুমুদনাথ অবাক হলেন।

কুমদ। বটে ! মন্ত্রী তবে ভূমিই ? কারা করল মন্ত্রী তোমায ? কোন বৃদ্ধিতে করল ? আজিজকে নিশানাথকে আমাকে দূর-দূর কবে খেদিযে দিল ভিন্ন-রাজ্যের মান্ত্রষ বলে, আর তোমায নিযে ভূলল গদিতে ?

কুমুদনাথ উচ্চ হাসি হেসে উঠতেন।

কুমুদ। বজ্জেশ্বরের দলবল তোমায় ঘিরে চলেছে—পুরাণো দিনের মতো আমি ভেবেছিলাম, গ্রেপ্তার করে নিয়ে যাচছে। তরা সব এখন তাবেদার তোমাব, আজ্ঞে-আজ্ঞে করে সঞ্চে যাচছে?

স্থান। চিরকাল জেলে জেলে কাটল, তাই জেল-বিভাগের মন্ত্রী কবৈছে। আমিও তেমনি, খুলে দিলাম জেলের সমস্ত দরকা। বিশ বছরের ভাই-বাদার আমার—বেরিয়ে এসে স্ফুর্তি করছে তারাও। কুমূদ। ভূমি মাননীয় মন্ত্রী—দেনাপতির পদটা দেয় না আমায় ?
মনের সাধে আর একবার লড়াই করে বৃঝি! সর্বশেষ লড়াই।
নির্মল ফুলের মতো কত ছেলে-মেয়ে ডালি দিলাম এতকাল ধরে—
আমাদের অনেক গেছে, অনেক গেছে—লাভ কি হল তার বদলে ?

স্থশীল। তৃতীয় পক্ষ বিদায় হয়েছে—সেই তো মন্ত লাভ! ··· আনন্দ-দিনে এমন বিচলিত হয়ে পড়ছ কেন দাদা ?

কুমুদ। বুড়ো হয়েছি স্থশীল, দেহ অশক্ত। আগে দৃষ্টিতে আগুন বেরুত, আজকে চোখ ফেটে জল আসছে। এত দীর্ঘ সংগ্রামের পরেও পথ তেমনি দুরপ্রসারী, শান্তির ছায়াচিহ্ন দেখতে পাচ্ছি নে।

স্থাল। চোথ মেলে তাকাও দাদা, ভরসা পাবে। মামুষ জেণেছে। মৃষ্টিমেয় কয়েকজন সকলের বোঝা বয়ে মৃথ থুবড়ে মববে—ক্রিয়ে গেছে সেই একক সংগ্রামের দিন।

ক্রমণ ভিড জমেছিল। তাদের উদ্দেশ্যে স্থ^নাল বলল—

স্থাল। ইনি কুমুদনাথ, গলাকাটার চরের বীরনেতা—শহীদ-বেদিতে বার ছবি-স্থাপনা হয়েছে। মারা বান নি—আমাদের ভাগ্যে আবিভূতি হয়েছেন সাঁইত্রিশ বছর পরে আজকে স্বাধীনতার পুণ্যাদিনে—

তম। কাছে এদেছেন। আকুল কণ্ঠে বললেন—

উমা। কুমুদ-দা? কেশব নও—কুমুদ-দা তৃমি? গলা শুনে আমি ঠিক চিনেছি। চোগ নেই বলে আমায় ফাঁকি দিছিলে। তাই কি পার? সারাজীবন—এই সাঁইত্রিশটা বছর কানের কাছে তোমার কণ্ঠ গুল্পন কবেছে যে! কেমন আছ কুমুদ-দা? আজকের দিনে একটা মুহুর্ত দৃষ্টি যদি ফিবে পেতাম! ঈশ্বর, জীবনে কোন-কিছু দিলে না—এতকাল পরে আজকে কুমুদ-দাকে একটিবার দেখবার শক্তি দাও—

কুমুদ। হর্ভাগ্য, দৃষ্টি রয়েছে আমার! সেদিনের উমার এই দশা

চোথে দেখতে হল ! · · · উমা, ` এই নতুন মাহুষদের রাজ্যে আমরা দেকেলে অতি-পুরানো ছটি কঙ্কাল—মৃত্যুর পর পরলোকে দৈবাৎ বুঝি আবার দেখা হয়ে গেল। ছস্তর রক্তপিচ্ছিল পথ সামনে ঐ দিগস্ত অবধি—

ইতিমধ্যে প্রচার হয়েছে কুমুদনাথের আবির্ভাবের কথা। শিশির, ভোলা শুভূতি এল।

ভোলা। কই, কোথায়?

মুরারি। এই যে—ইনি। ছেলেবয়সে পিন্তল-পিন্তল খেলাতেন আমায়, কত ভালবাসতেন !…চিনতে পারছ কুমুদ-দা ?

ওরা যেন কতকটা হতাশ হয়েছে।

শিশির। ইনি? ইনি কুমুদনাথ?

ফুণীল। হাঁ, ইনি। কুশাগ্রবৃদ্ধি দর্শত্যাগী বিপুল্বীর্য বিপ্লবন্তা কুমুদ্দাণ—

পঞ্চম দুশ্য

শহীদ-বেদির সামনে

মলিনাও শুনেছেন কুম্দনাথের কথা। ইলাকে (একটি ভলন্টিয়ার-মেয়ে) তিনি জিজ্ঞাসা করছেন—

মলিনা। সত্যি? একি সত্যি?

ইল। । এখনই দেখতে পাবেন। মন্ত্রীমশায় সঙ্গে নিয়ে আসছেন। বিষম ভিড়—ভিড় সরিয়ে আসতে দেরি হচ্ছে। মালা দিয়ে দিয়ে এমন অবস্থা করেছে যে মুখ-চোখ ঢেকে যাবার জোগাড়। তিনি মালা নিতে রাজি নন—কিন্তু আপত্তি কে শোনে

মলিনা। সার্থক আমাদের এদ্ব আসা! ছবিতে নয়—মাতুষটির গলায় মালা পরাব। কিন্তু মালা কিনতে গিয়ে ওঁর যে পাতা নেই!

অনিরুদ্ধকে দেখে মলিনা এগিয়ে গেলেন।

মলিনা। দেখা পেলি ? ভেগে পড়েছেন—উ ? ভুল হল আনাদের, ঐ হাড়কিপ্পণ মান্নুষকে মালা কিনতে পাঠানো—

অনি। আসছেন তিনি দিদি, ঐ দেখ—মালার বোকা নিয়ে আসছেন।

মালায় প্রায় আর্ড-মৃণ কুম্দনাখকে নিয়ে স্শীল এলেন। সতে যজেগর ইত্যাদি। কুম্দনাখের কেমন বিভাৱ ভাব। স্শীল বেদির প্রান্তে উতে জনতার উদ্দেশে বলচেন—

স্থাল। দেশকে বন্ধন-বিমুক্ত করবার জন্ম সর্বস্থ পণ করে থারা বেরিয়েছিলেন—তাঁদেরই একজন হুর্ধর্ব সংগ্রামী আমাদের নেতা বীর-বিপ্লবী কুমুদনাথ অভাবিতরূপে এখানে উপস্থিত। স্থাধীনতার উৎসব পরিপূর্ণ হল। আমি নই—তিনিই এই অনুষ্ঠানে এখন জাতীয়-পতাকা তুলবেন।

যজেশর। সকলের পক্ষ থেকে আমি এ প্রস্তাব সর্বাস্তঃকরণে সমর্থন করছি। (স্থালের প্রতি) গোড়া থেকেই আমার চেনা-চেনা লাগছিল। কিন্তু কি করে বিশ্বাস করব, আমাদের ভাগ্যবশে হরস্ত জোয়ারের স্রোত কাটিয়ে উনি পারে পৌচেছিলেন।

কুমুদ। চেষ্টার ভূমি কন্থর কর নি যজ্ঞেশ্বর, তা সহেও পৌছে গিয়েছিলাম ওপারে।

স্থাল। সে কথা ঠিক। যজ্ঞেশ্বর বাবুর কাজে ফাঁক নেই। সামাকেও এমন লাথি ঝেড়েছিলেন, নেহাৎ মুগুর-ভাঁজা শরীর আর পিতৃপুরুষের পুণ্য ছিল বলে বেচে রয়েছি। সেই থেকে অমানস্তা-পূর্ণিমায় কোমর টনটন করে, নড়াচড়া করতে পারি নে, শ্যাশায়ী হয়ে থাকতে হয়।

যজ্ঞেশ্বর। পুরাণো কথা ভূলে লজ্জা দেন কেন স্থার ? ভূগুও তো ভগবানকে লাথি মেরেছিলেন— মুরারি। ভক্তলোক আপনি-

যজ্ঞেশ্বর। ঠাট্টা? তত্ত্বকথার কি জান হে তুমি? বৈবী ভাবেও ভজনা হয়ে থাকে। রাবণই বড় ভক্ত ছিল নারায়ণের।

স্থশীল। তাই হবে।…আস্থন, পতাকা তুলবেন এবার কুমুদ-দঃ— কুমুদ। পারব না—

সুশীল। কেন?

কুমুদ গায়ে-জড়ানো চাদর সরিয়ে দিলেন। সকলে স্তান্তত । কুম্দের ডানহাত কাটা।
কুমুদ। বোমা তৈরি করতে গিয়ে বা-হাত পুড়েছিল, সে
তোমরা জান। তার পরে ডানহাত্থানাও ছেঁটে ফেলতে হযেছে।
স্বশীল। সর্বনাশ! কি করে হল কুমুদ-দা।

কুমুদ। কি করে হল বল নাহে যজ্জেশ্বর ? জলের মধ্যে তাক ফসকে তোমার গুলি হাতে লেগেছিল। মাথায় লাগলে রায়সাহেব নয— রায়বাহাতুর হয়ে যেতে সঙ্গে সঙ্গে।

শিশির। রায়সাহেব আর নন। উপাধি ত্যাগ করেছেন। যজ্ঞেশ্ব। উপাধির বোঝা নামিয়ে দিয়ে মুক্তি পেয়েছি।

কুমুদ। নামিয়ে গান্ধিটুপি পরেছ। ে কিন্তু ঐটুকু টুপিতে ঢাকা পড়বে কি মাথার ভিতরের শয়তানি বুদ্ধি—এতদিনকার পর্বতপ্রমাণ তৃষ্কৃতি ?

মুরারি। নামান গান্ধিটুপি-

শিশির। আহা-হা, ও কি করছেন ? স্বাধীনতা পেলাম—অতীতের কথা ভুলতে হবে আজকের এই দিন থেকে।

মুরারি। বটেই তো! কুমুদনাথ-আজিজ এঁরা যে কাজ করেছেন আর যজ্ঞেশ্বর-টমসন ওঁরা যে অকাজ করেছেন, বেমালুম সমস্ত ভূলে যেতে হবে। এই তো স্বাধীনতা!

যজ্ঞেশ্বর। এখন তো বলবেই! কিন্তু থেয়াল রেখো, গুলি শুদু কুমুদনাথকেই করি নি। এই সেদিন অবধি বন্দুক চুঁড়তে হয়েছে। নইলে আমাদের এ জায়গাও নোয়াথালির বেহদ্দ যেত, ছিন্দুর অন্তিত্ব থাকত না। নেমকহারাম তোমরা, তাই স্বীকার করছ না। লীগ-গবর্ন মেণ্টের চাকরি করেও তলে তলে স্বজাতের জন্ম লড়ে এসেছি।

মুরারি। সে-ও এক প্যাচ। কাঁধের ভূত নেমে যাবার সময় বাড়ির আমগাছের ওকথানা বড় ডাল ভেঙে দিয়ে যায়—যাবার মুথে তেমনি ইংরেজের শেষ কামড়। স্বাধীনতা-দৈনিকের যারা চিরকালের শক্র, দাক্ষার হুর্যোগে রাতারাতি তারা জাতিত্রাতা দেশত্রাতা হুয়ে উঠল। স্বাধীন-ভারতে যাদের কোর্টমার্শাল হবার কথা, হঠাৎ দেখলাম—জাতীয়তাবাদী সংবাদপত্রেরা পঞ্চমুথ তাদের গুণকীর্তনে। পালানকেন ? নামিয়ে রেথে যান গান্ধিটুপি—

জনতার মধ্য থেকেও ধ্বনিত হয়—নামাও। মুরারিও কয়েক জন প্লায়নপর যজেখরকে অনুসরণ করল।

মলিন। এগিয়ে এসে কুমুদনাথকে প্রণাম করলেন।

মলিনা। তুমি মত বড় লোক! আমাদের চাধার বাড়ি উঠে চাধার মেয়ে বিয়ে করে কত হৃঃথ পেয়েছ! কত যাচ্ছে-তাই করে বলেছি, কত মপমান করেছি!

কুমুদ। তবু বাঁচিবে রেখেছ দেশত্রাতা স্বজাতিত্রাতা ঐ যজ্ঞেশ্বরদের কবল থেকে। আগত কগ্ন অসহায় অবস্থায় তোমাদের উঠানে উঠে মিথাা-পরিচয় দিলাম, সরল চাষার মেয়ে বলেই অতি সহজে তা মেনে নিলে। লাঙল-গরু ক্ষেত-পামারের মধ্যে এমন গা-ঢাকা দিয়ে রইলাম যে যজ্ঞেশরের ভাইত্রাদাররা কত্বার স্বচক্ষে দেখেও চিনতে পারে নি।…ত্রত সিদ্ধ হয়েছে বলে একেবারে নিশ্চিম্ভ ছিলাম কালো-বউ। তোমার ভাই আমায় ধাপ্পা দিয়ে এসেছে বরাবর—

অনিক্ষ। আমি? কি ধাপ্পা দিয়েছি বসুন-

কুমুদ। বলেছিলে, বঙ্গভঙ্গ রদ বয়ে গেছে—

অনিক্র। হয়েছিল বই কি! সম্রাট পঞ্চম জর্জ দিল্লির দরবারে নিজে এসে—

কুমুদ। মিথ্যা কথা। ভাঁওতা। কার্জনি-বিধান এখনো চলছে। কবন্ধ বাংলাদেশ ছটফট করছে। সাঁইত্রিশ বছর আমাগে যা দেখে গিয়েছিলাম, অবিকল তাই। কিন্ধা আরও মর্মান্তিক তার চেয়ে। নিক্ষল আমাদের জীবন-সাধনা। আর আমি সাঁইতলা ফিরব না কালোবউ। এত তুর্গতি দেখে গিয়ে চুপচাপ আমি কেমন করে থাকব?

স্থাল। একটিবার স্থাপনি বেদির উপর উঠে দাড়ান দাদা। মাস্তব্যন্ত উতলা হয়েছে, ঠেলাঠেলি করছে মুথ দেথবার জন্ত।

কুমূদ। মূথ আমি দেখাব কি করে? আজকের মতো এমনই এক পনেরোই আগস্টের দিনে ঠিক এইখানে নিশানাথ জল চেয়েছিল, তেপ্টার এক ঢোক জল দিতে পারি নি তার মূথে। বিপিন-আজিজ বক্তাক্ত উলুবনে মূথ পুবড়ে পড়ে ছিল। সে কি ঐ বজ্ঞেষররা ভোল বদলে তক্ত আঁকড়ে বসবে সেইজন্ত? এ আনন্দের দিন নয় স্থনীল, শোকের দিন। কান থাকে তো শোন, ছিন্ন-অঙ্গ রক্তাক্ত দেশের আর্তনাদ। পতাকা অবনমিত থাক—উল্লাসে পতাকা উড়াবার দিন এখনো আসে নি। আমি খুনে—নিষ্পাপ তরুণদের বলি দিইছি। এতটুকু পথ এগোতে পারি নি। উল্টে এই হল, নিশানাথ আজিজ উমা কিছা আমি ভারতীয় বলবার অধিকার পর্যন্ত খোয়ালাম।

স্থাল। শাস্ত হও—সব ঠিক হয়ে যাবে দাদা। ভাইয়ে ভাইয়ে ভূল নোঝাবুঝির অবসান ২বে। পাকিস্তান হয়েছে, মুসলমানরা আত্মনিয়ন্ত্রণের অধিকার পেয়েছেন এ-পারে আমাদেরই মতো। দেশ-শাসনের দায়িত্ব নিয়ে বাংলার তুই থণ্ডে দাড়িয়েছে স্বপ্রতিষ্ঠ তুই সম্প্রদায়—কেউ কারো চেয়ে হীন নয় আর এখন। এই শেষ নয়—আবার একবার বিবেচনা হবে। তখন জীবিকা ও জাতীয় অন্তিত্বের প্রয়োজনেই স্বেচ্ছায় মিলব আমরা। আমরা এক—আমরা এক—অপ্রতায়ের কুয়াশা অপনোদিত হয়ে ঐক্যবোধ দৃঢ়তর হবে। আপাতত এই একটা বিজয় লাভ করেছি, তৃতীয় পক্ষ জাহাজ ভাসিয়ে বিদায় নিয়ে গেছে—
কুয়্দ। সত্যি?

স্ণীল ঘাড নাড়লেন।

কুসুদ। বিশ্বাস হয় না। বর্ণচোরা জাত—সহজে যাবে না। বাপটি মেরে আছে হয়তো অন্ত কোন মূর্তিতে !···তাদের সকল রকম শ্যভানি নিমূল করব—আজকের দিনে এই একমাত্র সঙ্কল্ল হোক—

মলিনা এগিয়ে এদে দকাতরে কুমুদনাথেব হাত জভিয়ে ধরলেন।

মলিনা। তোমার আমন-ক্ষেত নিড়ানো হচ্ছে। তুটো নতুন ডিঙি গড়তে দিয়ে এসেছ। কালী-গাইয়ের বাছুর হয়েছে হয়তো এর ভিতর। ফিরে না গেলে কে দেখবে এ সমস্ত ?


উমা। আমি বলছি কুমুদ-দা, বুড়ো গয়ে গিয়েছ —ছ-হাত ছলো, দেহ অপটু। আর ছুটোছুটি করা চলবে না, এবার বিশ্রাম তোমার।

কুমুদ। আর একদিন এমনি তো পথ আগলে দাঁড়িয়েছিলে উনা। ছেলেমাতুষ ছিলে, গায়ে বল ছিল, গায়ের জৌলুব ছিল, চোথে জল আসত কথায় কথায়। সেদিন পার নি, আজও পেরে উঠবে না।

স্থীল। পথ বদলে গেছে দাদা। নতুন কালে সংগ্রামের নবীন ধারা। স্বাধীনতা মানে শুধু মনিব-বদল নয়—সর্বমার্স্থির সর্বাঞ্চীণ স্বাধীনতা— কুমুদ। যে পথে যেমন করে হোক, কার্জনি-শ্রতানি পাকাপাকি রদ করাব। ভাঙা দেশ, বিভক্ত মান্ত্যের সম্প্রদার জোড়া লাগবে আবার। স্বাধীনতার দিনে নতুন রাখিবন্ধন শুরু কর স্কনীল—

স্থাল। তাই করব। আজিজ-নিশানাথ-বিপিনের নাম নিয়ে আমরা সঙ্কল্ল গ্রহণ করছি। বাংলার হিন্দু-মুসলমান খৃষ্টান-বৌদ্ধ সকলের এক ভাষা, এক সাহিত্য; লোক-জীবন ও লোক-সংস্কৃতি অবিকল একরকম। সকলের পেটে সমান ক্ষুধা; সকল সম্প্রদারের মধ্যে সমান শোষকশ্রেণী। এই অমোঘ ঐক্যচেতনা অবৈজ্ঞানিক অনৈতিহাসিক খণ্ডন বিলুপ্ত করবে আমাদের মধ্য থেকে। এক হব আমরা—রক্তক্ষয়ী সংগ্রাম করে নয়, উদার মন্তম্মতের ক্রবেণ। এপারের মান্ত্র আমরা ওপারের মান্ত্রের হাতে রাখি পরিয়ে দিয়ে আসব। ওপারের মান্ত্রকের প্রশারে ভেকে আনব রাখি পরাবার জন্ত—

কুমুদ। কিন্তু হলদে রাখি নয়। হাজার হাজার স্বত্যাগীর রক্তে রাঙা হয়ে গেছে সেবারের রাখির হলদে রং—



বাঁশের কেল্লামুগান্তর—জাতীয় প্রতিরোধ আন্দোলনের ক্রিক্রাম্পানির ক্রিক্রাম্পানির আনোচ্য উপস্থাস্থানি রচিত হইয়াছে। খ্যাতিমান সাহিত্যিকের মধুক্ষরা লেখনীর মুখে নীল-বিদ্রোহ, সশস্ত্র অভিযান, লবণ সত্যাগ্রহ ও আগস্ট-বিপ্লবের অশ্রাসিক অধ্যায়গুলি জীবস্ত হইয়া ফুটিয়া উঠিয়াছে। । মর্মচেরা আত্মদানের বিশ্বত-প্রায় বিচিত্র কাহিনী, সংগ্রাম ও সংগঠনের ভূলে-যাওয়া ইতিহাস চলচ্চিত্রের মতই একে একে ছাথা ফেলে থায় মনে। ইতিহাসের সেই ঝরাপাতা কুড়াইয়া সাহিত্যের রুসে ভিজাইয়া লেথক জাতির জীবনপ্রবাহকে সকলের সমক্ষে তুলিয়া ধরিয়াছেন। HINDUSTHAN STANDRAD-The novel unfolds the epic-story of India's struggle for freedom which during the hundred and fifty years of British rule shook out of their peaceful slumber the quiet little villages all over the country... What Monoj Babu has given us, of course, is a work of fiction—the literary excellence of which is of a high order. But when history fails, fiction has to step in to bridge the gulf. Episodes which are apparently unconnected have been welded into an integrated whole with masterly skill and the resultant gripping narrative is a brilliant first-rate novel. The author of BHULI NAI to use a cliches has added one more feather to his cap. দাম হুই টাকা বার আনা।

বিপ্রয়ার বিষয়ের বিচত্র আনিক্র বিষয়বিস্থানে বৈচিত্র আছে। দান থাত-প্রতিঘাতে বিষয়বিস্থানে বৈচিত্র আছে। দান থাত-প্রতিঘাতে বিষয়বিস্থানে বৈচিত্র আছে। দান ছাত-প্রতিঘাত বিষয়বিস্থানে বৈচিত্র আছে। দান ছাত বিষয়বিস্থানে বৈচিত্র আছে। দান ছাত টাকা।

বাছাই-করা গল্পের সংগ্রহ। অধ্যাপক জগদীশ ভেট্টাচার্য লিখিত বিস্তৃত মূল্যবান ভূমিকা। লেখকের সংক্ষিপ্ত জীবন-কথা ও ছবি। পরিচছর বাঁধাই। দাম পাঁচ টাকা।

ূৰ্ত্তলি নাই ১৭শ সং। আধুনিক কালেব সৰ্বাধিকবিক্ৰিত

কাচের আকাশ স্বাধ্নিক গল্পগ্রন্থ। ২

উলুবনমর্মর-যুগে লেখা রহস্মছন্দিত অতুলন অপরূপ কাহিনীপ্রচয়। ২০০
একদা নিশীথ কালে উপহারের শ্রেষ্ঠ ফুচিবান বই।
'হালকা লেখাতেও মনোজ বস্থুর ক্ষমতা দেখিয়া সকলে বিশ্বিত হইবেন।'
(শনিবারের চিঠি) ২

আগষ্ঠ, ১৯৪২ বর সং। আগষ্ট-বিপ্লবেব পটভূমিকার উপক্রাস। ৩॥•

সৈনিক «ম সং। 'বলিষ্ঠ আশাবাদ নব্যুগের দৃষ্টিভিন্ধি দেশ ও দেশের থানিকে আমাদের জাতীয় সাহিত্যে অনক্তমহিমায় প্রতিষ্ঠিত কবিবে।'

প্রাবন ২য় সং। নাট্যভারতীতে অভিনীত জনপ্রিয নাটক। 'নাটকের সংবেদনণীলতা ও লিপিচাতুর্যে রসপিপাস্থদের মনে গভীর রেখাপাত করিয়াছে।' (যুগাস্তর) ১॥•

বুতন প্রভাত ^৫ম সং। 'এই প্রকার সমস্থা লইযা ও এই প্রতান প্রভাতি ভাবের সত্যদিদৃক্ষা ও সাহসের সঙ্গে নেথা নাটক বাংলায় পড়ি নাই।' (স্থনীতিকুমার চট্টোপাধাায়) ১॥•

নর্বীধি তয় সং।…'বস্তত বাংলা-সাহিত্যে ইহার জুড়ি নাই বলিলে নর্বীধি অত্যুক্তি হয় না। এই প্রসঙ্গে ইহা বলিয়া রাখিতে চাই বে এ গ্রেছের ঐ ছইটি গল্প যিনি লিখিয়াছেন, তিনি আর ফাহাই লিখুন বানা লিখুন, বাংলার কথাশিল্পীদের চত্তরে স্থায়ী আসন লাভ করিবেন, তাহাতে সন্দেহ নাই। সে আসন অতি অল্প কয়েকজনই দাবী করিতে পারেন।' (শ্রীমোহিতলাল মজুমদার—বঙ্গদর্শন)। ২